


লিবপুর কলেজ হইতে উচ্চ-শ্রেণীর ক্ববি-পরীক্ষোন্ডীর্ণ



KHADYA TATTA

A TREATISE ON FOODS

BY

NIBARAN CHANDRA CHAUDHURY

DIP. IN AGRI., SIBPUR

OF THE PROVINCIAL AGRICULTURAL SERVICE, BEHAR,
AUTHOR OF "JUTE IN BENGAL," "HINTS ON THE
CULTIVATION OF TOBACCO," AGRICULTURAL
THEMISTRY. "KARPASH CHASH", &C.

PUBLISHED BY.

THE INDIAN GARDENING ASSOCIATION

162, Bowbazar Street, Calcutta

কলিকাভা

২৫নং রারবাগান দ্বীট্, ভারত মিহির যন্ত্রে শ্রীমহেশ্বর ভট্টাচার্য্য বারা মৃক্তিত

30રઇ

মুখবন্ধ

খাদ্যতম্ব পুস্তকারে প্রকাশিত হইল। ইহার খনেক প্রবন্ধ "স্থাভাত" ও "ক্রমকে" প্রকাশিত হইয়াছিল।

খাদ্য সম্বন্ধীয় অবিকাংশ বিষয় ক্লবিবিজ্ঞানের অন্তর্ভুত, ক্লতরাং, আমাদের আশা হয় যে, খাদ্যতত্ত্ব পাঠ করিয়া পাঠকগণ প্রীত হইবেন। এই পুত্তকে খাদ্যের গুণ, ব্যবহার ও রন্ধনসম্বন্ধীয় জ্ঞাতব্য বিষয়গুলি সংক্ষেপে সরল ভাষায় লিখিত ইইয়াছে।

কলিকাতা, } ৮ই জোৰ্চ, ১৩২০

ब्रीनिवां त्रगहत्यः दर्गभूती ।

সূচীপত্ৰ


আলোচিত বিষয়				পূঠা
	প্রথম অধ্যার			
ধান্যের আবশ্যকতা ও থান্য-	উপাদান	•••	•••	5-e
t	ৰিতীয় অধ্যায়			•
দৈনিক রসদ		•••		<i>۵</i> >>
1	ভূতীয় অধ্যায়			
ধান্য লাতী য় খাদ্য		•••	•••	5 2 2¢
	চতুর্থ অখ্যায়			
ডাইশ		•••	•••	₹७
, 4	পঞ্চম অধ্যায়			
স্বুজি	٠,,٠	•••	•••	o>85
	বৰ্চ অধ্যায়			
ফল		•••	*	89-6>
•	সপ্তম অধ্যায়			
আমিষ খাদ্য		•••	•••	62-69
•	অফ্টম অধ্যায়		,	
মংস্ত		•••	•••	Eb
,	नवम व्यथाप्र			
মাংস				43-90 ·
1	দশম অধ্যায়			*
ডিব		•••	•••	45-90

[14.]


একাদশ অধ্যায়

श्रीया	***	•••	98
	चारम अधारा		
ম্পূৰ্ণা	***	***	be
	ত্ৰয়োদশ অধ্যায়		
ব্যেগীর শথ্য	***	***	8624
	ठ ञ्जूकम व्यथात्र		
মিন্তার	***	•••	26-25
	পঞ্চদশ অধ্যায়		
মোরবা, চাটনি প্রভৃতি	***	•••	9h-203
	যোড়শ অধ্যায়		
পানীয়	***	•••	>00->06
	मश्राम व्यथाय		
পাক-ক্রিয়া	•••	•••	>09>>>
	অফ্টাদশ অধ্যায়		
আয়ুৰ্বেদমতে খাদ্য ব্যবস্থা	• •••	•••	>>=->>
	উনবিংশ অধ্যায়		
পরিকার পরিচ্ছন্নতা		•••	456-666
	विश्न व्यशास		
খাদ্য পরিপাকের সময় নির্দ্	ারণ …		> 22>20
	পরিশিষ্ট		
Taking ma	***	•••	>>8>>\

ﷺ नाहेरन निखरकांच ऋत्न वक्कर निखरक हरेरव ।



১। জুটার পালো। ২। প্রের পালো। ৩। থইর পালো, (ক) বিবৃক্ত। ৪। আপুর পালো; (ক) বিবৃক্ত, (থ) বুক্ত। ৫। চাউলের পালো। থই ও চাউলের পালো। বেথিতে একরপ। ৬। শিষের পালো। ৭। হারোরটের পালো। ৮। কানার পালো।



প্রথম অধ্যায়

থাদ্যের আবশ্যকতা ও খাদ্য-উপাদান

জীবনধারণ ও শরীরবর্দ্ধনের নিমিন্ত থাদ্যের প্রয়োজন। থাদ্য ছারা শরীরের উত্তাপ রক্ষা হয়, এবং থাদ্য ছারা অভ্যন্তরন্থ বন্ধাদি ও দেহ শক্তি প্রাপ্ত হয়। শরীরের অভ্যন্তরন্থ বন্ধাদির ক্রিরা, চিন্তা ও পরিশ্রম ছারা সর্বাদা দেহের ধবংশ হয়। থাদ্য দেক্রের ধবংশ পূর্ণ করে ও দেহ বর্দ্ধন করে। মহযোর বয়স ও আহ্য অহুসারে বিভিন্ন খাদ্য বিভিন্ন পরিমাণে আবশ্রক হয়। বর্দ্ধনশীল শিশু ও যুবকের দেহ বর্দ্ধন ও দেহের ক্ষয় পূর্বদের নিমিন্ত যে পরিমাণে বেরূপ খাদ্যের প্রয়োজন, বুদ্ধ লোকের শরীরের মাত্র ক্ষর পূরণের জল্প সেই পরিমাণে সেরূপ খাদ্যের প্রয়োজন। শিশু ও দক্ষনশীল দেহের নিমিন্ত সারবান অধিক খাদ্যের প্রয়োজন। শিশু ও দক্ষনশীল বৃদ্ধ বাহারা চর্ম্বণ করিয়া খাদ্য প্রহণ করিতে পারে না, ভাহাদের ক্ষম্ভ হয় বিশ্বতি তরল খাদ্য স্বাভাবিক।

আমাদের আহার্য্য বন্ধর মধ্যে পাঁচ প্রকার অভি আবশুকীর প্রধান পদার্থ বিদ্যামান থাকে; বথা,—বেভসার, পর্করা, তৈপু, প্রোটিড এবং লব্দ এই সকল পদার্থ হই প্রধান ভাগে বিভক্ত করা হার। প্রবর্থ ভিন ক্রিয়ার বদার্থ এক ধর্মাবলমী; ইহারা বরীরের মধ্যে দও হল এই জ্ঞ ইহাদিশকে দাহ্য পদার্থ বলা বার। প্রোটিড ও করণ বারা শ্রীরে মেদ আকৃতি সার অংশ প্রস্তুত হর, এই জন্ম ইহাদিগকে মেদকারী পদার্থ কলা বাইতে পারে। প্রোচিত্ব বারাও খেতসারের ন্তার পরীরের উক্তা রকা হর। দান্ত প্রামেশ্র মধ্যে খেতসার বাঁ পালো সর্বাদেকা অধিক

চাউনে শতকরা ৭৫ ভাগ বা তভোধিক খেতনার। গমেও শতকরা ৭০ ভাগ খেতনার। খেতনার দানা কঠিন আবরণ হারা বেষ্টিত থাকে। বিভিন্ন শভের খেতনারের আকৃতি বিভিন্ন। নানাপ্রকার খেতনারের চিত্র প্রদন্ত হইয়াছে। কোন কোন শভের খেতনারের আবরণ অপেক্ষাক্রত নরম। গমের খেতনারের আবরণ মকাই এবং বইর খেতনারের আবরণ অপেক্ষাও কঠিন। আসুর খেতনারের আবরণ গমের খেতনারের আবরণ অপেক্ষাও কঠিন। আসুর খেতনারের আবরণ গমের খেতনারের আবরণ অপেক্ষাও কঠিন। সিদ্ধ করিলে ঐ আবরণ ফাটিয়া বার এবং খেতনার রসনামৃত বা ক্লোমরনের সহিত সংযুক্ত হইয়া শর্করার পরিণত হয়—তৎপর ইহা জীর্ণ হয়। মৃত্র উত্তাপে খেতনার ভাজিলে ইহা ডেক্সাট্র ন্নামক শর্করার পরিণত হয় এবং ইহা রসনামৃতের সাহাব্য ব্যতীভও জীর্ণ হইতে পারে। খেতনার বিশিষ্ট খাদ্য অনেক চর্ম্বণ করিয়া গ্রহণ ক্রিলে শীত্র পরিপাক হয়। পরিপ্রমী শ্যাক্তির পক্ষে দৈনিক প্রায়া শ্রহণের শেতসার ও শর্করার প্রয়োজন হয়।

দাহ পদার্থের মধ্যে তৈল, স্বত ও চর্ব্বি অভিশর শক্তিশালী। ইহারা বেতসার ও শর্করার বিওণের কিঞ্চিদ্ধিক (২-৩) ওণ বিশিষ্ট। বরোপ্রাপ্ত ব্যক্তির পক্ষে দৈনিক ৮ তোলা স্বত চর্বি প্রভৃতির প্ররোজন। ইহারান পিতরল ও ক্লোমরল বারা জীর্ণ হয়। যেমন কয়লা ইঞ্জিনে উত্তাপ দেয় এবং ভত্মারা ইঞ্জিন কর্মশীল হয়, লেইরূপ এই লকল পদার্থও দায় হইয়া ক্লেহের অভ্যক্তরেছ লকল কার্যা লম্পন হয়। গাম, স্ব্রে প্রভৃতিও দায় শ্বদার্থ। স্ব্রে জীর্ণ হয় না। কান কোন আঠা কিঞ্জিৎ পরিমাণে জীর্ণ হয়। এত্তির স্বরা, এলিড (অয়) প্রভৃতি ধাদ্য ও দাছ পদার্থ।

শোটিড

খাদ্যের নাইট্রোজেন যুক্ত খাদ্যকে সাধারপতঃ প্রোক্তিত্ব . বলা বার ।
ভিন্নের অভ্যক্তরে গুল অর্ক তরল পদার্থকে এল্বুমিনরেড্ বলে।
অবস্থান্তরিত ইইলেই ইহাকে প্রোটিড্ বলা বার । এলবুমিনরেড্ কলের
সহিত মিপ্রিত হয় । এলিড বা উন্তাপ হারা ইহা জ্বমাট বান্ধে । ক্লারমিপ্রণ হারা ইহা তরল অবস্থা প্রাপ্ত হয় । পাকক্ষণীতে পেপ্রিন ও
হাইড্রোক্রোরিক এলিড্ হারা ইহা জীব ইইরা থাকে । একশত ভাগ
প্রোটিডে ১৬ ভাগ নাইট্রোজেন বর্ত্তমান । প্রোটিড্ হারা দেহের মেদ
প্রভৃতি সার অংশ প্রস্তত হয় বলিয়া ইহাকে মেদকারী পদার্থ বলা
যায় । প্রোটিড্ সর্বাপেকা মূল্যবান থাদ্য । প্রত্যেক ব্রোপ্রাপ্ত
ব্যক্তির প্রতাহ ১০ ভোলা প্রোটিড্ ভক্ষণ করা কর্ত্ব্য ।

আত্ব থালেই সাধারণতঃ অধিক পরিমাণে প্রোটিড প্রাপ্ত হওয়া
যায়। উত্তিজ্ঞ থাল্যের মধ্যে ভাইলে ইহার পরিমাণ জান্তব থাল্যের
অহরেশ অথবা তদশেক্ষা অধিক। কিন্তু ভাইলের প্রোটিড প্রেরণ ভাবে
অবস্থিত যে ভাহার অধিকাংশ পরিপাক হয় না। ভিন্ন ভিন্ন থাল্যে
ভিন্ন ভিন্ন পরিমাণে প্রোটিড থাকে। কোন খাল্যের তৈল, খেতসার ও
শর্করার সমষ্টিকে প্রোটিড বারা ভাগ করিলে ভাগফলকে প্রোটিডের
অহুপাত বলে। তৈল, স্থাত ও চর্কিকে ২০০ বারা ওণ করিয়া লইতে হয়।
মহব্যের থাল্যের প্রোটিডের অহুপাত মোটামোটা ১০০ হওয়া উচিত।
এই পরিমাণে থাল্য প্রহণ করিতে হইলে মিপ্রিত থাল্যের প্রয়োজন হয়।
বালালির প্রধান থাল্য ভাত। ইহাতে প্রোটিডের অহুপাত ১০০২।
ভাইলে প্রোটিডের অহুপাত গড়ে ২০০। ভাতের সহিত প্রাক্তার গাল্যের গাল্যের গারিলে প্রোটিড ও প্রোটিড বান থাল্যের গারিলে প্রাটিড ও প্রোটিড বান থাল্যের গারিলে প্রাটিড ও প্রোটিড বান থাল্যের গারিলে প্রাটিড ও প্রোটিড বান থাল্যের গান্তভ্রত

ধান্তকাতীর শক্তের মধ্যে গমে প্রোটন্ডের পরিমাণ বথেষ্ট। তত্তির অস্তান্ত শক্তে ইহার পরিমাণ কম।

আমাদের প্রধান প্রধান খাদ্যের প্রোটডের অন্থণাত নিম্নে প্রদন্ত ছইল।

গম—	5: 9	হইতে	c :c
চাউল-	3:58		
মকাই—	5:5		
মক্ল য়া	>:>>		
জুরার—	2:20		
য্ৰ—	2:22		
<u> যই—</u>	2:25		
মহ্ব	5:0		
মটর—	>: •->		
অরহর—	১: ৩-২		
ৰ্ট—	5: 		
ভেতমান্—	>: ≤		
मूत्र—	5: 0		
কলাই—	3: •		
	লবণ		

লবণাদি পদার্থ।—থাদ্যের যাহা অগ্রিষারা দগ্ধ হয় না তাহা নানারূপ লবণ। এই সকল লবণ আমরা ভত্মরূপে প্রাপ্ত ইইয়া থাকি। লবণাদি পদার্থ উদ্ভিচ্জ পদার্থে প্রবাণতঃ প্রোটিডের সহিত সংবদ্ধ হইয়া অবস্থিত করে এই জন্ত লবণকেও মেধকারী পদার্থের অস্তর্ভূত্ করা হয়। এই ভন্মবারা দেছের অন্ধিও দক্ত প্রস্তুত হয়। মেদের নিমিন্তও ভন্ম প্ররোজনীয়। মন্থ্য দেহের ভন্ম হইতে প্রধাণতঃ চ্ণ, পটাস, সোডাও ম্যাগনেসিরাম প্রাপ্ত হওরা বায়। ইহারা সাধারণতঃ ফন্মরিক, কার্কনিক, সালফিউরিক এবং হাইড্রোক্লোরিক এসিডের সহিত সংযুক্ত হইরা অবস্থান করে। সজ্জী ও ফল হইতে এ সকল প্রয়োজনীয় পদার্থ প্রাপ্ত হওয়া বার। চাউলে ইহার পরিমাণ বংকিঞ্ছিৎ। আমাদের খাদ্য পদার্থের মধ্যে আমাদের ব্যবহার্য্য লবণের পরিমাণ অত্যক্ত কম। এই জন্ত খাদ্যের সহিত প্রয়োজন মত সাধারণ লবণ গ্রহণ করা অবশ্য কর্ত্ব্য। মন্থ্য দেহে লোই ও সিলিকার ও কিঞ্জিৎ আবশ্যকতা আছে। আমাদের খাদ্যে ইহাদের অভাব দৃষ্ট হয় না।

ছথে প্রয়োজনীয় সকল পদার্থই জলের সহিত সংমিশ্রিত হইরা অবস্থিত; স্থতরাং ছথ পান করিয়া শিশু জীবিত থাকে। শৈশবকাল উত্তীর্থ হইলে দেহবৰ্দ্ধনের সহিত থাদ্যেরও বৃদ্ধি আবশ্যক। বয়োপ্রাপ্ত ব্যক্তির পক্ষে কেবল ছথ্য দারা প্রয়োজনীয় থাদ্যের পরিমাণ পূরণ করা অসম্ভব, এই জন্ম অপেক্ষাকৃত অধিক সারবান থাদ্যের আবশ্যক হয়।

জল। মহুষ্য দেহের ছই-তৃতীয়া॰শ জল। জ্বল ব্যতীত পরিপাক ক্রিয়া সামাধা হয় না। জল ব্যতীত থাদ্যের সারভাগ দেহের সর্বত্ত পরিচালন হয় না। জল ব্যতীত দেহ গঠন হয় না। আমাদের খাদ্য পদার্থ শুদ্ধ থাকিলে ইহার শতকরা ৮০—৮৫ ভাগ জলের প্রয়োজন। ছগ্ধ শিশুর স্বাভাবিক খাদ্য—ইহাতে শতকরা প্রায় ৮৮ ভাগ জল। ডাইল, গম প্রভৃতি শুদ্ধ খাদ্যে শতকরা ১২—১৩ ভাগ জল অবস্থিত। ফল-মূলে জল শতকরা ৮০—১০ ভাগ। গ্রীম্মকালে উষ্ণপ্রধান দেশে অধিক পরিমাণে জলের আবশ্রক হয়। জল সমন্ত জন্ধ ও উদ্ভিদের প্রাণ।

দ্বিতীয় অধ্যায়

रिविक तमन

খাদ্যের পরিমাণ ভোক্তার বরস, স্বাস্থ্য ও পরিশ্রমের উপর নির্ভর করে। একজন পূর্ণ বরস্ক পরিশ্রমী ব্যক্তির (বাহার শরীরের ওজন এক মণ ত্রিশ দের) নিমিত্ত সাধারণতঃ নিমলিখিত পরিমাণে দৈনিক বিভিন্ন খাদ্যের প্রয়োজন হয়।

শ্বেত্যার ও শর্করা		•••	৪০ তোলা
শ্বত ও তৈল	•••	•••	৮ তোলা
त्वाष्टिं	***	•••	১০ তোলা

এই সকল উপাদান এইরূপে মিশ্রিত তাবে গ্রহণ করা আবশ্রক বাহাতে ইহারা সহজে পরিপাক হয়। এক শত তাগে নিম্নলিখিত পরি-মাণে বিভিন্ন উপাদান মিশ্রিত হওয়া উচিত:—

শ্বেতসার ধ		•••	•••	20.9
चुड, टेडन	ও চর্মি		•••	9.0
প্রোটিড	•••	•••		۵. ৯
সাধারণ ল	ৰ ণ	•••	***	0.4
কত্বেট, পট	াস প্ৰভৃতি লবণ	•••	***	0,0
छ न	•••	***	-••	A7.6
	মোট			>00

বাঙ্গালিদিগের খাদ্যে প্রোটিডের পরিমাণ সাধরণতঃ কম, স্থতরাং ভাহারা শারীরিক হর্মল। উপযুক্ত খাদ্যের অভাবে বাঙ্গালির দেহের দীর্ঘতা ও প্রসারতা ক্রমশঃ হাসপ্রাপ্ত হইতেছে। বান্দালিগণ সাধারণতঃ নিম্নলিখিত পরিমাণে থানা দৈনিক এহণ করিয়া থাকে।

থান্য	পূর্ণ মাত্রা	প্রোটডের পরিমাণ			
চাউল	৪০ ভোলা	> ই তোলা			
ডাইল	۹ "	>를 "			
তরকারী	30	3 2			
মংখ্ৰ	30 "	٠, ،			
তৈল	₹ "				
	96 ,,	€ <u>हे</u> •			

উক্ত তালিকা পাঠে প্রতীয়মান হইবে বে বাঙ্গালির খাল্যে প্রোটডের ভাগ উপযুক্ত পরিমাণের একার্দ্ধের কিঞ্চিদ্ধিক। ইহার পরিমাণ পূর্ব করিতে হইলে দৈনিক এক পোরা ডাইল আহার করা কর্ত্তবা। কিন্ধ বাঙ্গালীর পক্ষে অর্ধ পোয়া ডাইল জীর্ণ করাই অসম্ভব।

বালালিগণ সাধারণতঃ দৈনিক অর্দ্ধ সের চাউল প্রহণ করে । চাউল অপেকা গমের ময়দা দেড়গুণ বলকারক থাদ্য। সন্থ হইলে, রাজিকালে ভাতের বদলে কটা আহার করা বিধের। ময়দা অয় জলে মাথিয়া ছোট ছোট তাল করিয়া অর্দ্ধ ঘণ্টা সিদ্ধ করিয়া লইয়া, উহার হারা রুটী প্রস্তুত্ত করিয়া ভক্ষণ করিলে, ইহা স্থপাচ্য হয়। ইদানীং মৎস্ত ও ছুয়ের বেরুপ অভাব তাহাতে পরিমিত রুসদ সংগ্রহ করা বড়ই কঠিন। অবস্থায় কুলাইলে প্রত্যুহ এক বেলা মাংস গ্রহণ করা কর্ম্বর্য। বাঙ্গালিগণ হাড়ালাগ পরিশ্রম করে, কিন্ধ উপযুক্ত আহারের অভাবে তাহারা অচিরাৎ বৃদ্ধীন হইয়া অকালে কালের হক্তে পতিত হইতেছে। মাছ মাংস ভক্ষণ বার-

শাষ্য, ইহা সাধারণের পক্ষে ব্যবস্থা করা যায় না। সাধারণ লোকে দৈনিক পাঁচ পোরা চাউলের অর ও অর্দ্ধ পোরা স্থাসিদ্ধ ডাল ভক্ষণ না করিলে চলিবে না। খাস বঙ্গদেশে কলাচিৎ পম উৎপন্ন হয়, স্থতরাং ময়দা माधातर्गत भेटक देवनिक चानाकर्म क्षेत्रकेन कता यात्र ना । याहारमत हरल, তাহাদের দৈনিক অর্দ্ধ সের মাছ মাংস গ্রহণ কর্ত্তব্য। মাছ অপেক। মাংস অধিক পরিমাণে পরিপাক করা বায়; কিন্তু অধিক মসলা ছারা রন্ধন করিলে মাংসও ফুপাচ্য হয়। অর্দ্ধ সিদ্ধ ডিম্ব সহজে জীর্ণ হয়। মাছে জিলেটিন অধিক থাকার, ইহা মাংদের মত স্থপাচ্য নহে। মাছ ও মাংস ভক্ষণে বৃদ্ধি শক্তির প্রথরতা বৃদ্ধি হয়। মাংসাশী জীবজম্ভ অতিশর স্থচতুর ও দৃচ্প্রতিজ্ঞ। ইহারা অতি ক্রততার সহিত স্ব স্ব কার্য্য সম্পন্ন করিতে পারে। নিরামিষভোজী জন্তর এ সব গুণ নাই। ইহারা স্বভাবত: ভীক এবং সাধারণত: অলস। গঠন ও প্রকৃতি তত্তামুদ্ধান করিলে আমিষ ও নিরামিষ উভয়বিধ খাদাই মনুষ্যের প্রয়োজনীয় বলিয়া অনুমান করা যায়। স্থতরাং দেহ রক্ষা কিংবা দেহের উন্নতি বিধানার্থে বিভিন্ন ফুচির ও বিভিন্ন সম্প্রদায়ের বিভিন্ন মাছ ও মাংস ভক্ষণ কথনও নিন্দনীয় হইতে পারে না। আমরা বিভিন্ন অবস্থার ও বিভিন্ন রুচির ব্যক্তির নিমিত নিম্নলিখিত দৈনিক রসদ ব্যবস্থা করিতেছি। ইহা উল্লেখ করা উচিত যে সকলের পক্ষে একরপ খাদ্য ব্যবস্থা করা যায় না। ভাত অতিশর লঘুপাচ্য থাদ্য, কিন্তু ইহাও কোন কোন ব্যক্তির পক্ষে উপ-বোগী হয় না, কিন্তু সেই ব্যক্তি সহজে গুরুপাচ্য রুটী পরিপাক করিতে পারে। ছথ্রের ভার লযুগথ্যও কোন কোন ব্যক্তির পক্ষে ছপাচ্য হট্যা থাকে। অপ্রবৃত্তির সহিত হুখাদ্য এহণ করিলেও ইহা বিষ্কৃল্য হইতে পারে। আবার অভ্যাদে, অক্ষচিকর থাদাও কৃচিকর হইরা शंदक।

মধ্যবিৎ অবস্থাপর এক বালাণী ভদ্রলোকের দৈনিক রসদ :--

থান্যবন্ধর নাম	পরিমাপ		প্রোটিডের পরিমাণ			
ठा डेन	২০ তোলা		১ৡ তোলা			
ময়দা 🗇	२०		₹ "			
মৎশ্ৰ	₹•	20	₹ "			
মাংস	२०	29	o "			
ডিখ (২টা)	> 0	39	> "			
ডাইল	Œ	29	<u>9</u> 29			
ছয	20	29	9 *			
তরকারী ও ফল	२०	29	3 "			
দ্বত ও তৈল		20	· ·			
শ করা	50	20	annument of the state of the st			
	>60	"	>>			

যাঁহার কটা সহ্য হয় না, তাঁহার ছই বেলায় তিন পোয়া চাউলের অর
প্রহণ করা উচিত, এবং ধিনি মাংস আহার করেন না, তাঁহার মংস্ত, ডিম্ব
ও ছ্প্লের পরিমাণ বৃদ্ধি করা উচিত। বিনি নিরামিষ আহার করেন, তাঁহার
পক্ষে কটা ও ছানার ব্যবস্থা কর্ত্তব্য। সম্ভব হইলে, ছই বেলার পরিবর্ত্তে
তিন বা চারি বেলা আহারের ব্যবস্থা করা উচিত। বাসা পাঁউক্লটী
অতি ল্মুপথ্য; কিন্তু ইহা খুব পরিষ্কৃত রূপে প্রস্তুত করা কর্ত্তব্য।

বঙ্গদেশীয় সাধারণ গোকের জন্ম নিম্নলিখিত দৈনিক রসদ ব্যবস্থা করা বাইতেছে:—

থাদ্যবন্তর নাম	পরিমাণ	প্রোটডের পরিমাণ			
চাউল	১০০ তোলা	৭ তোলা			
ভাইল	۵0 "	₹ "			
তরকারী	२० "	₹ "			
তৈল, ঘুত, শর্কর					
	200	>₹			

বদদেশীর সাধারণ লোক ক্রের করিয়া মাছ, মাংস কিষা হয় গ্রহণ করিতে অক্ষম। যে স্থানে মংস্ত প্রচুর তথার তাহারা নিব্দেরাই মংস্ত ধরিয়া লয়। মংস্ত ছপ্রাপ্য হইলে, পাঁচ পোয়া চাউলের ভাত না থাইলে চলিবে কেন ? ছই বারে পাঁচ পোয়া চাউলের ভাত গ্রহণ করিতে না পারিলে, তিন বারে ইহা গ্রহণ করিতে হইবে। এতদেশীর কৃষ্কগণ তিন বেলা আহার করে। কিন্তু ইহা বক্তব্য যে, থাদ্যে প্রোটিছ ও প্রোটিছ-ইন পদার্থের অনুপাত অনুসারে, মনুষ্য ও অন্ত জন্তুর শক্তি বা স্বাস্থ্য নির্দ্তর করে। মনুষ্যের একমাত্র চাউল উপযুক্ত খাদ্য হইতে পারে না।

চাউলের সহিত অধিক সারবান থাদ্য গ্রহণ করা অবশু কর্ত্বা।
মরদার সহিত অস্ত কোন থাদ্য যোগ না করিলেও চলিতে পাবে। এই
জন্ত ভেত বাঙ্গালী অপেকা হিন্দুস্থানী লোক অধিক বলবান। বন্দদেশীর
অনেক লোকের নিকট রুটী ও ডাইল আশ্চর্য্য সামগ্রী বলিয়া বোধ হয়।
স্থতরাং অভাবে একমাত্র চাউলের দ্বারাই প্রোটডের মাত্রা পূরণ করিয়া
লইতে হইবে। পরিমিত চাউলও না জুটলে উপায়াস্তর কি ?

সহ্য হইলে লুটা বিলক্ষণ ৰলকারক। স্বস্থ ব্যক্তির পক্ষে লুটাও ব্যবস্থা করা যায়। বলা বাহুল্য যে, লুচী গুরুপাচ্য। লুচী শীতল হইলে অতিশয় গুরুপাচ্য হইয়া থাকে।

তরকারীর মধ্যে আলু, পটল, কড়াইওঁটা, সিম, বরবটা, ফুলকপী, বিজা, বেগুন, স্থপাচ্য; কিন্তু মুলা, পৌরাজ, বিট, শশা, মিঠাকুমড়া, বান্ধাকপি প্রভৃতি ছুল্লাচ্য। তীত্র গন্ধযুক্ত কিন্ধা তীত্র স্থানযুক্ত পদার্থ স্থভাবতঃ ছুল্পাচ্য ও অস্থাস্থ্যকর। লক্ষা, সরিষা, গোলমরিচ, ধনিরা প্রভৃতি মসলা এবং ঔষধে ব্যবহার্য্য সজ্জী অধিক পরিমাণে ব্যবহার নিষিদ্ধ। অপক ফল গ্রহণ করা অন্থচিত। নারিকেল, বাদাম, স্কৃটি, থিরাই, তরমুল্ল প্রভৃতি ফল অতিশির ছুল্গাচ্য। পক্ত পেরারা ও কুল রন্ধন করিয়া অম্ব রূপে গ্রহণ করা বাইতে পারে। কামরালা ও নোড়ফল,

অপক ভেঁতৃণ এহণ কখনও ব্যবস্থা হৈইতে পারে না। আয়ুর্কেদীয় চিকিৎসকগণ পুরাতন ভেঁতৃলের অম অনেক রোগে ব্যবস্থা করেন। গাঢ় চা কিম্বা কাফি কখনও গ্রহণ করা উচিত নয়।

লোণা বা শুষ্ক মৎস্ত ও মাংস, চিংজিমাছ, কাঁকড়া, হাঁস, ধরগস, বরাহ মাংস, স্থাসিদ্ধ ডিম্ব প্রভৃতি খাদ্য অতিশয় শুরুপাচ্য।

-0---

তৃতীয় অধ্যায়

ধান্য জাতীয় খাদ্য

চাউল

চাউলেই বাসায়নিক খাদ্যগুৰ

)। शक्का

স্থ্য " हे ভাগ।

২৷ মেদকারিতা গুণ—

<u>প্রোটিছ</u>্ " ৬—৮ ভাগ।

ভন্ম " - ३ – ১ ভাগ।

চাউল বালালীর প্রধান খাদ্য। চাউল ব্যতীত বালালী জাতির এক দিনও চলে না। চাউল খুব লঘু পথা—এই জন্তই বালালা দেশে ইহার এত আদর। তাত এক ঘণ্টা মাত্র সময়ের মধ্যে পাকস্থলীতে জীর্ণ হয়। কিন্তু ময়দার রুটী জীর্ণ ইইতে প্রায় ৪ ঘটার প্রয়োজন। নানাপ্রকারের ধান্ত আছে, বথা,—বোরো, আউল এবং আমন। ইহাদের মধ্যে আবার সম্প্রমাটা এবং শাদা, লাল প্রভৃতি * নানা বিভাগ। কোন কোন ধাল্পে তাঁরা থাকে। কয়েক প্রকার স্থান্ধি ধান্তও আছে। ইহাদের মধ্যে সম্প্রমান ধান্তের সাদা চাউল উচ্চপ্রেণীর লোকের নিকট অতিশয় আদরণীয়। এই চাউল স্ক্রাপেকা লঘু পথ্য বলিয়া বিখ্যাত।

^{*} আরুর্বেদ শাত্রে লাল শালিধান্তের চাউল সর্বাপেক্ষা উত্তর্ম বলিয়া লিখিত হইয়াছে।
কুক্বর্ণ বিশিষ্ট শালিবাক্তের চাউল নিকৃষ্ট। "পরস্ক কুক্বর্ণ আউলবাক্ত আউদের সধ্যে উত্তর
বলয়া ক্ষ্মিত হইয়াছে।

বোরো চাউল এবং অধিকাংশ আউশ অত্যন্ত যোটা এই জন্ত উচ্চশ্রেণীর লোক এই সৰ চাউল গ্ৰহণ করে না। মোটা চাউল সহজে জীৰ্ণ হর না। মোটা চাউল অপেকা সক্ষ চাউলের মূল্য মণকরা অন্ততঃ এক টাকা অধিক। আবার নৃতন অপেক্ষা পুরাতন চার্ডলের মূল্য আরও অধিক। পুরাতন চাউল অতিশয় লঘু এই জন্ত ইহা এত মূল্যবান। চাউল পুরাতন হইলে ইহার তৈলের ভাগ কমিয়া যার। চাউলে সাধারণত: শতকরা অর্ক হইতে এক ভাগ তৈল থাকে। ছই বৎসরে চাউলের একার্দ্ধ তৈল নষ্ট হয়। ধনী লোক কখনও প্রথম বৎসরের চাউল আহার कदान ना । देशांक नुजन ठाउँ न बला। याशास्त्र अवस्थात क्लान ना, তাহারা আষাঢ় মাস হইতে নৃতন চাউল গ্রহণ করিতে পারেন। সাধারণ লোক বোরো, আউশ, মোটা সকল রকম চাউলই গ্রহণ করিয়া থাকে। সিদ্ধ করা ধান হইতে যে চাউল প্রস্তুত হয়, তাহাকে সিদ্ধ চাউল বা উষ্ণ চাউল বলে। পুরাতন ধান হইতে চাউল প্রস্তুত করিবার সময়ে সিদ্ধ করিবার পূর্বেধান প্রায় ২৪ঘণ্টা জলে ভিজাইয়া রাখিতে হয় ৷ বঙ্গদেশে উষ্ণ চাউলেরই অধিক প্রচলন। ভাত প্রস্তুত করিতে মাড়ের সহিত এই **ठाउँग र**हेटल अधिक किছू मुलावान अमोर्थ ठिनाया यात्र ना।

দিছ না করিয়। যে চাউল প্রস্তুত হয়, তাহাকে আতপ বলে।
পুরাতন ধানের আতপ চাউল করেতে হইলে, ধান প্রায় ২৪ছনটা ভিজাইয়া
রোক্তে শুদ্ধ করিয়া লইতে হয়। আতপ চাউলের মাড়ের সহিত অনেক
পদার্থ চিলিয়া যায়। স্থগদ্ধি ধায়্মদারা সাধারণতঃ আতপ চাউল প্রস্তুত
হয়। পুরাতন আতপ চাউল পোলাউর জক্ত উত্তম। দিছ করিলে
ইহার স্থগদ্ধ নষ্ট হয়। অধিক সিদ্ধ চাউলের ভাত শক্ত হয়। এবং
চাউলের ও ভাতের বর্ণ মলিন হয়। অধিক সিদ্ধ করিলে অর্থাৎ সিদ্ধ
করাতে যখন ধান ফাটয়া যায়—চাউলের ওজন বৃদ্ধি হয় ও ইহা
কুটিবার সময়ে ভাঙ্কে না। এইজক্ত বাৰসায়ী লোক অধিক সিদ্ধ করিয়া

চাউল আন্তত করে। নিদ্ধ করিবার সময়ে বখন পাত্রের উপরে ভাপনার বৃদ্ধা উঠে, তথন বৃত্তিত্ব হুইবে বে, সিদ্ধ ঠিক হইয়াছে। এইরূপ সিদ্ধ চাউলের বর্ণ উচ্ছল হয়। বাধরগঞ্জের লোক নৃত্ন ধান গরম জলে কির্থকণ ভিজাইরা চাউল প্রস্তুত করে। বঙ্গদেশে বিধবাদিগের থাদ্যের ক্রন্ত এবং ঠাকুর প্রকার জন্তই প্রধানতঃ আতপ চাউলের ব্যবহার। আতপ চাউল কীটের আক্রমণ হুইতে রক্ষা করা কঠিন।

চাউল ছাঁটার মাত্রা অনুসারেও মুল্যের ভারতমা হয়। অধিক ছাঁটা চাউলের মুল্য অধিক : কিন্তু অধিক ছাঁটার চাউলের অধিকাংশ তৈলাক্ত পদার্থ ও লবণ এবং কতক নাইট্রোজেন্যুক্ত পদার্থ কুঁড়ার সহিত চলিরা বার। ইহাতে চাউলের মূল্য হ্রাস হওয়া যুক্তিযুক্ত, কিন্তু অধিক ছাঁটার চাউল এবং তাহার ভাত অতি উজ্জ্বল হয়, এই জন্তুই এই চাউল অধিক মুল্যে বিক্রের হয়। ছাঁটা চাউল সতরঞ্চি কিহা থলিয়ার উপর রাখিয়া ঘসিয়া পালিস করিয়া লইলে ইহার ভাত ফাটে না, ইহাকে মাজা চাউল বলে।

রাসারনিক পরীক্ষা দারা জানা গিয়াছে যে সাধারণতঃ মোটা ধানের এবং অধিক সারযুক্ত উর্বরা ভূমির ধানের চাউল অধিক সারবান, স্থতরাং উচ্চভূমির ধান অপেক্ষা নিমভূমির ধান থাদাগুণে শ্রেষ্ঠ। পৃষ্টি-কারিতার চাউল অতান্ত প্রধান খাদা অপেক্ষা জীন, ইহাতে প্রোটিছ ও ভল্মের ভাগ অতি অর। এইজন্ত ভাতের সহিত প্রচুর মৎন্ত মাংস প্রহণ অবশ্র কর্ত্তর। কেবল ভাত আহার না করিয়া এক বেলা ক্রটীর শ্বাবস্থা করিলে শরীর বলিষ্ঠ হইবে।

চাউল ছুই তিন ঘণ্ট। ভিজাইরা যাঁতার পিষিরা বা টেকিতে কুটিরা আটা প্রস্তুত করা যার। চাউলের আটার উত্তম চাপাটি ও পিইকাদি প্রস্তুত হয়। ধাস্তু হুইতে সুখাদা চিঁড়া, মুড়ি ও থৈ প্রস্তুত হয়। কিন্তু ইহাদের সহিত তুঁব থাকিলে এই সৰ খাদা অপকারী হয়।

কলিকাতার চাউল সাধারণতঃ নিমলিখিত নামে অভিহিত হয়, যথা-

(১) বালাম, (২) শেশু, (৩) বোলই, (৪) দেশী, (৫) রাচ্চী, (৬) উত্তরা, (৭) মুগী, (৮) কাজ্লা, (৯) রেকুম ৷

বাধরগঞ্জের চাউলকে বালাম বলে। বালামের দানা শাদা, লখা, উজ্জ্বল, পরিকার ও হারা। ইহার ভাত ফাটে না; দেখিতে অতি স্থানর। ইহাতে বালি কিখা কাঁকর থাকে না। বাধরগঞ্জের মোটা শাদা চাউলকে পেগু বলে এবং তথাকার শাদা আউশের নাম যোলই। যোলই মোটা ও ছোট, পেটে উজ্জ্বল দাগ আছে। ২৪ পরগণা, নদীয়া, যশোহর, মেদিনীপুর, হাবড়া ও ছগলী জেলার শাদা চাউল সাধারণতঃ দেশী নামে অভিহিত। এই চাউল লখা, শাদা, উজ্জ্বল, পরিকার ও ভারী। ২৪ পরগণার মাজা বাঁকতুলসী ও পাটনাই চাউল বিখ্যাত। এই চাউলে উৎকৃষ্ট ভাত ও পোলাউ প্রস্তুত হয়। পাটনা ধান্তের আতপ চাউলকে হ্রা চাউল বলে, ইহারই নাম টেবল্ রাইন্। বাঁকতুলসী ধান্তের নামালা চাউল কোঁড়া বাকতুলসী নামে কথিত হয়। দেশীর মধ্যে সিলেট চাউলও বিখ্যাত, ইহা মোটা চেপটা ও ধর্মাকৃতি।

বর্দ্ধমান, ৰীরভূন ও বাঁকুড়ার চাউলকে রাঢ়ী চাউল বলে। বিহারের চাউল এই শ্রেণীভূক্ত করা যায়। তথাকার কাটারীভোগ, সমুদ্রবালী, বাঁশমতি বিখ্যাত। এই চাউলে অনেক কাঁকর থাকে। এই অঞ্চলের বাদসাভোগ দাদখানি, রাঁধুনীপাগল চাউল বিখ্যাত।

রাজসাহী ডিভিসনের চাউলকে উত্তরা চাউল বলে। দিনাজপুরের চন্দনচুড়, কাটারীভোগ ও দাদধানি চাউল বিশ্বাহ্ণ। দাদধানি ও কাটারিভোগ অভিশর্ষ লঘুপাচ্য বলিয়া বিখ্যাত। এই চাউলে তৈলের ভাগ কম থাকাতেই এত লঘু। কিন্তু দাদধানি চাউল মেদকারি গুণে বড়ই হীন। এই অঞ্চলের মোটা চাউলকে মুগী বলে।

ৰঙ্গদেশের লাল চাউলকে কাজনা বলে। এই চাউলের ভাত দেখিতে স্থান্য। এই জন্ম অৰম্ভাশন লোকেরা ইহা প্রহণ করেন না। ক্তাতশাশা, বৈরামুগরী, দলকচুরা প্রভৃতি কোন কোন কাছ্লা চাউল হালকা ও ইহাদের ভাত স্থাদ্য।

বর্মার চাউল রেকুন নামে পরিচিত। ইহা আতপ চাউল। ইহার দানা বেটে ও কুন্তা। কলে ছাঁটা হয় বলিয়াই ইহাতে অনেক খুদু থাকে!

তৈলে পক জাপার বা কুঁড়ার সহিত চাউল রাখিলে ইহাতে পোক। লাগে না।

রন্ধন-প্রণালী

প্রায় ১৫ মিনিট চাউল ধুইয়া রাধিবে। জল ফুটলে উহাতে চাউল ছাড়িয়া ছিবে। ইহাতে কিঞ্চিৎ লবণ দিলে ভাল হয়। তৎপরে ১০।১২ মিনিটের মধ্যে আতপ চাউলের অর প্রস্তুত হয়। সিদ্ধ নৃতন চাউলের অর প্রস্তুত করিতে ১৫।১৬ মিনিট প্রয়োজন হয়। পুরাতন চাউলের অর প্রস্তুত করিতে অর্জ্বণটা সময়ের প্রয়োজন হইতে পারে। করণার জালে জল ফুটতে ১০।১২ মিনিট লাগে। স্থাসদ্ধ ভাত টিপিলে ইহা মিলিরা বায়। ভাত অধিক সিদ্ধ হইলে ভাত গায়ে গায়ে লাগে ও তাহা স্থ্যাত্ হয় না। রন্ধন করিয়া ভাতের মাড় ফেলিয়া দিলে ইহার সহিত শ্বেত্বার ও প্রোটডের শতকরা প্রায় ৭ ভাগ ও তৈলের অর্ধভাগ বিনম্ভ হয়। অর মৃতে পক্ক অর্থাৎ এক সের চাউলে অর্ধ্ধ-পোয়া মৃত্যুক্ত অর অধিক শুক্তর প্রথম নয়। কিন্তু অধিক মৃত্যুক্ত পোলাউ গুক্তপথ্য।

চাউলে ও দাইলে রশ্ধন করিলে থিচুড়ি প্রস্তুত হর। থিচুড়ি অতিশয় শুরুপথ্য। অর্দ্ধ চাউল ও অর্দ্ধ দাইলের থিচুড়ি খুব সুস্বাত্ হর, কিন্তু স্বাস্থ্যরক্ষার জন্ত এইরূপ শুরু পথা খাদ্য ব্যবস্থা করা হায় না। সুস্থ ব্যক্তিরা কোন কোন সময়ে এক সের চাউলে এক পোয়া দাইলের থিচুড়ি প্রহণ করিতে শারে। আতেপ চাউলের খুদ শর্করা সংযোগে ত্থে পাক করিলে অতি শুস্বাত্ন পায়স প্রস্তুত হয়।

ভাত তিন ঘণ্টা সিদ্ধ করিয়া কাপড়ে ইাকিয়া লইলে ইহাকে ভাতের

মও বলে। ভাতের মও রোগীর পথ্য। ফুটস্ত জ্বলে বৈ ভিজাইর। পূর্বোক্ত প্রকারে ছাঁকিলে ধৈরের মও প্রস্তুত হয়। ভাতের মও ও খৈরের মও বার্লির মত রোগীর পথ্য স্বরূপ কবিরাজ্যণ ব্যবহার করিতেন।

খরিদ

চাউল ধরিদ করিবার সময় দেখা আবশ্রক যে-

- (>) চাউল নুতন কি পুরাতন।
- (২) কাঁকর কিমা বালি মিশ্রিত কিঁনা, (রাঢ়ী চাউলে সাধারণভ: কাঁকর ও বালি থাকে। চালনি ঘারা চালিয়া কাঁকর ও বালি ফেলিয়া দেওরা ঘাইতে পারে।)
 - (७) माना जाना कि ना।
 - (8) ছাঁটা কিরপ, (ধান আছে কি না।)
 - (৫) পোকা ধরা কি না।
 - (७) नाना नाना किया नान।
 - (१) দানা সরু কিম্বা মোটা, অথবা লম্বা কিম্বা বেঁটে।

নিমন্থ তালিকার কতিপর বিখ্যাত চাউলের রাসায়ানিক খাদ্য গুণ প্রাদন্ত হইল। এই পরীক্ষা শ্রীযুক্ত হুপার সাহেবের তত্ত্বধানে ভাঁহার সহকারী শিবপুর কলেজের ক্লবি পরীক্ষোভীর্ণ শ্রীযুক্ত স্থরেন্দ্রনাথ দে কর্ত্ত্বক সম্পন্ন হইয়াছিল:—

এই তালিকা হইতে জানা বাইবে যে বোষাইর কমোদ চাউল প্রোটিভ ও তৈলের উপাদানে সর্বশ্রেষ্ঠ। আউদ ও মোটা চাউলে সাধারণতঃ প্রোটিভের ভাগ অধিক। ময়নসিংহের বাঁকভূলসা ২৪ পরগণার বাঁকভূলসী অপেক্ষা অধিক প্রোটিভ ধারণ করে। সেইরূপ ভাগলপুরের কাটারিভোগ দিনাজপুর ও রাজসাহীর কাটারিভোগ অপেক্ষা খাদ্য ভণে শ্রেষ্ঠ। দাদখানি ও বাঁকভূসী চাউলে তৈলের ভাগ অভিশর ক্ষম, এই ক্ষম্ভ রোগীর পথ্য বিচারে ইহারা সর্ব্বোক্সই।

কতিপর বিখ্যাত চাউলের খাদ্য শুণ

নাম উদ্ভি ধানের চাউল, চাকা		1 20 21 1	ষেত্রসার ও শ র্ক রা	তৈৰ	খুৱ ১°১	গোটিড ৮-৪	2.6	
			99.6	२ъ				
3		বৰ্জনান	V-6	92.9	२ • २	2.0	₽.0	>-0
ৰাউস (লাল) ধুবরি	t	20-25	95.0	.8	.8	b '0	2.0
A	(সাদা) টাকপুর	-	49.8	٠.	•9	P.5	0.15
আৰদ (नोग)	3	-	po.•	'ર	•9	4.5	2.5
বুলি—ে	ৰাটা আমন,	বুলনা		99.6	.4		A.9	0'9
নাপ্রা	ক্র	বৰ্জনান	, u	44.0	2.5		4.6	2.2
3	ঞ	ঐ (আতগ)		93'0	-8	.8	9.8	0.6
রপসাল-	–২৪ পরগণ	1	-	A0.6	.5		4.5	0.4
ৰালাশ			-	6.46	.00	-2	P.6	0.1
পাটনা	২৪ পরগণা	১ বৎসর	*	45.7	.4	.5	9.3	0.4
à	২ বৎস	র	*	19'0	.5	• २	1'6	0.6
বাৰতুল	ী—২৪ পরা	गर्ना		Po.6	->	.0	9'8	0.4
a	মরুদন্তি	R	-	PO.5		.8	P.5	v.6
∓াটারি টে	চাৰ ভাগলণ	(ज		14.9	.2	.0	4.0	0'9
4	विनाज	পুর	•	49.2		•в	6.0	9'0
3	রাজসা	हो	•	A2.2		.3		0.8
কালবির	া (আত্প) বৈমনসিং	-	39.4			٥٠٠	0'9
मान्यानि	—দিনাজপুর	t .	•	A2.4			4.9	0.9
<u>লোণাসূ</u>	च (रुनको) চট্টগ্ৰাৰ	•	35.0			y ve	0.9
ৰোকা খ	কৰোল-	ভেজপুর 🔹	-	99.4	.,		9.0	
	8 — 4 5 4		•	A2.2	-		2 9.10	
	–বোখাই		•	90.6	9.		2.9	3.0

এই চাউল কিব্নংক্ষণ তত্ত জলে রাখিলে বিনা রক্তনে ভাত প্রস্তুত হয়।

913

রাসারনিক থালাঙ্গ

)। मक्छन--

শেতসার ও শর্করা শতকরা ... ৬৭—৭৬ ভাগ ৷ তৈল ... ১২ু—২ " ত্ব ... ১২ু—০ "

২। মেদকারিতাগুণ—

প্রোটড্ শতকরা

· ৮-১২ ভাগ।

ভশ্ম

•• ২---৩ *

পম আমাদের সর্বপ্রধান খাদ্য। ভারতবর্ষের বছস্থলে এবং অস্কান্ত বছদেশে, বাললাদেশে চাউলের স্কার গম সর্বপ্রধান খাদ্যস্বরূপ ব্যবস্থত হয়। আমাদের শরীর ধারণ করিতে যে পরিমাণে পুষ্টিকর পদার্থের প্রয়োজন, তাহা গমে প্রাপ্ত হওয়া যায়। পাঁওরুটা লঘুপথ্য। কিছু চাপাটা পরিপাক করা স্থক্তিন। বজদেশের অধিকাংশ স্থলে বিশুদ্ধ পানীয় জল প্রাপ্ত হওয়া যায় না; তথায় চাপাটা সহজে পরিপাক হর না।

গম প্রধানত: চারি প্রকার—যথা—

- (>) नवम भाग शम, यथा-इविद्या ।
- (২) শক্ত শালা গম. যথা— চধিয়া ও বড় গহমা।
- (७) नत्रम नांन गम, यथा-नांनका।
- (8) मक नान भग, यथा—(मना वा (धती।

নরম গমে উৎকৃষ্ট লুটা প্রস্তুত হয়। কিন্তু শক্ত গম দারা উৎকৃষ্ট গাঁউকুটা, চাপাটা ও স্থলী প্রস্তুত হয়। নরম গমে স্থলী হয় না। ইউরোপে এক্ষনে শক্ত গমের খুব আদর হইতেছে এবং তথায় এক্ষণে শক্ত গমের মূল্যও অধিক। শক্ত লাল গমের আটা, শাদা গমের মৃত্ত শাদা হয় না। গম পিৰিয়া কাপড়ে অথবা খুৰ নক চালনীতে ছাঁকিলে যে মিছি গম চূৰ্ব প্ৰাপ্ত হওয়া যায়, তাহাকে ময়দা বলে। অবশিষ্ট মাহা বাকে তাহার চোকর বাদ দিলে স্থানী বলে। গম পিৰিয়া ময়দা বা চোকর বাদ না দিলে ভাহাকে আটা বলে। যে আটার চোকর বাদ না দেওয়া যায় ভাহা আহার করিলে কোর্চ পরিছার হয়। কিছু স্থান্থ ব্যক্তির পক্ষে চোকর বাদ দেওয়াই উচিত। চোকর বাদ দিলে যে আটা প্রস্তুত হয়, ভাহা ছারা উত্তম পাঁওফটী প্রস্তুত হয়।

গম ধৌত ও ওক করিয়া কাঁকর প্রভৃতি আবর্জনা কৈলিয়া পেষণ করিয়া লইলে উৎকৃষ্ট আটা বা ময়দা প্রস্তুত হয়। এইরূপ উৎকৃষ্ট আটা কিছা ময়দা বাজারে ছর্ঘট, এই জল্প ঘরে আটা প্রস্তুত করা কর্ত্তবা। বাজারের ময়দা কিছা স্ক্রীতে সাধারণতঃ কাঁকর চুর্ণ কিছা বালি প্রভৃতি আবর্জনা মিশ্রিত থাকে।

গম তিন মাসের পুরাতন হইলেই স্বচ্ছন্দে ব্যবহার করা বায়। ময়দা কি আটা ১৫ বা ১৬ দিনের অধিক ভাল থাকে না। পোকা লাগা গমের আটা নিক্ষা। ক্রেয়কালীন ক্রেডা দেখিবেন যে.—

- (১) শাদা কি লাল গম।
- (२) नतम कि नंद्र भम। (माँडि कांग्रिया नतीका कवा यात्र।)
- (৩) শোকায় ধরা কি না (পোকা ধরা গমের আটা বা ময়দা
 তিক্ত।)
- (৪) আবর্জনা আছে কি না। আবর্জনা থাকিলে তাহার পরিমাণ। (কাঁকর কিছা বালি থাকিলে চালনি ছারা চালিরা লইতে হয়।)

व्यांठी, महनां ७ जुनी

 ঠা কাঁকর চূর্ণ কিছা বালি মিল্লিত কি না ? (দাঁতে কাটিয়া পরীক্ষা করা বার)।

- २। श्रीकांत्र बहा कि मा 🤊 🐩
- ০। নৃতন কি পুরতিন। বছদিনের পেবা আটা কিছা পোকা লাগা গমের আটা তিক্ত স্থাদ বিশিষ্ট। (জিহ্বায় দিয়া পরীক্ষা করা বায়।)
 - ৪। চোকর মিপ্রিড কি না।

পাঁওকটা ধরিদকালে দেখিতে হইবে বে, ইহা টিপিয়া ছাড়িয়া দিলে পূর্ববং আঞ্চতি প্রাপ্ত হয় কি না। যদি তাহা না হয়, তবে বুবিতে হইবে যে কটা ভালরূপ প্রস্তুত হয় নাই।

প্রস্ত ত-প্রণালী-

চাপাটী—এক সের আটার এক তোলা লবণ দিয়া উত্তমরূপে মাখিতে হয়। চেলা করিয়া এইরূপ আটা বা হ্রুক্তী অর্দ্ধ ঘণ্টা স্কুটক্ত জলে সিদ্ধ করিয়া লইয়া ঐ ঢেলা ভাঙ্গিয়া আটা উত্তমরূপে মাখিরা রুটী প্রস্তুত্ত করিলে ইহা ঘারা লঘুপাচ্য চাপাটী প্রস্তুত্ত হয়। সাধারণত: ঢেলা করিয়া সিদ্ধ করার প্রথা নাই। আটা জলে মাখিয়া বেলনীতে বেলিয়া চাপাটা প্রস্তুত্ত করিয়া চাপাটা প্রথমত: চাটুতে অগ্রির তাপে উত্তপ্ত করিয়া চিমটে ঘারা ধরিয়া অগ্রির মধ্যে দিতে হয়, য়খন ঐ রুটী, ফুলিয়া উঠে,তথন ইহা প্রস্তুত্ত হয়। জলস্ত অগ্রির মধ্যে না দিয়া কঠি কয়লার অগ্রির উপর এপিঠ ওপিঠ রাখিয়া রুটী ফুলিতে দিলে রুটী ভালরূপ সিদ্ধ হয়। জলস্তু অগ্রি মধ্যে রুটী আতি স্থার প্রস্তুত্ত হয় বিলয়া ইহা স্থাসিদ্ধ হয় না।

শুনী।—এক সের ময়দায় সাধারণত: এক ছটাক স্বত ও এক তোলা শবণ দিয়া ভালরূপ মাধিতে হয়। তৎপরে বেলনীতে বেলিয়া উত্তপ্ত স্বতে ভাজিতে হয়। শুনী প্রস্তুত জন্ত সেরকরা আধ সের স্বতের প্রাক্তন হয়।

পাঁওকটা।—সাত সের ময়দায় এক ছটাক লবণ মিশ্রিত করিতে হয়। এক সের ঈষক্ষা জলে এক ছটাক ঈষ্ট (ভাক্তারধানার প্রাপ্তব্য)

বোগ করিয়া মিশ্রণ প্রস্তুত করিতে হয়। এই মিশ্রণ ঐ সরদার ভিতরে
চালিয়া রাখিতে হইবে। এই সমরের মধ্যে ঐ মরদা ফুলিয়া উঠে।
তৎপর পুনরার ইহাকে উত্তমরূপে মাখিতে হইবে। মাধা হইলে অর্দ্ধ
সের বা এক পোরা পরিমাণের ছোট ছোট তাল করিয়া ১০ মিনিট
অগ্নির তাপে রাখিতে হইবে। এই জন্ত বিশেষ প্রকার চুলী প্রস্তুত
করিতে হয়।

এতদেশীর বেকারগণ * ঈষ্টের পরিবর্ত্তে তাড়ি মিশ্রিত করে।
তাড়িতেও ঈট থাকে কিন্তু ইহা বিশ্বন্ধ নহে। ঈষ্টের সহিত জলের বদলে
হ্বানে দেওয়া বাইতে পারে। ঈট বাতীতও পূর্ব্বোক্ত প্রকারে পাঁওফটী
প্রস্থাত হইতে পারে। এক সের ময়দার ত তোলা চিনি ও ছয় আনা
পরিমাণ সোডা দিয়াও পাঁওফটী প্রস্তুত করা বায়। ময়দার বত প্রকার
বাদ্য প্রস্তুত হয় তয়্মধ্যে পাঁওফটী স্কাপেকা লঘু খাদ্য।

শব

রাসায়নিক খাদ্যগুণ

>। माञ्छन-

২। মেদকারিতা গুণ---

গম অপেকা যৰ নিক্নষ্ট খানা। উত্তমরূপে চোকর ফেলিয়া চুর্ব

পাঁওকটি প্রস্তুত-কারকগণকে ইংরাজী ভাষায় Bakers (বেকার) বলে ।

করিলে যৰ অভিশর লঘু পথ্য হয়। কিন্তু ইহার চোকর অভিশর অপকারী। যথের আটার ক্লটা প্রস্তুত হয় না। কিন্তু গরীৰ লোক ইহাঘারা চাপাটা ও ছাতু প্রস্তুত করিরা প্রহণ করে। বিলাতে কল ঘারা চোকর কাটিয়া ফেলিয়া দের, তৎপরে যব চুর্ব করে। এই যব চুর্ব রোগীর পথ্য। চোকর ছাড়ান যথের দানা সিদ্ধ কল স্লিগ্ধকারী ও রোগীর পথারপে ব্যবহৃত হয়।

বৰ জলে ভিজাইয়া টেকি দারা চোকর ছাটিরা ফেলিতে পারা বার। তাহার পর যব ভাজিয়া ছাতু প্রস্তুত করা যায়। যবের ছাতু এতদ্দেশে বছল পরিমাণে ব্যবহৃত হয়।

ক্রেতার জাতব্য বিষয়

- ইহাতে কাঁকর ও অন্তান্ত আবর্জ্জনা আছে কি না। থাকিলে
 তাহার পরিমাণ।
- ২। বীজ হাতা কিছা ভারী। এক মৃষ্টি বীজ শইয়া মৃষ্টির মধ্যে অনুভৰ করা যায় যে বীজ হাতা কিছা ভারী। ভারী বীজাই উত্তম।
 - ৩। ৰীজের বর্ণ টাট্কা হওয়া উচিত।
 - ৪। পোকাধরাকি না।

রাসায়নিক খাদাগুণ

ভস্থ

মকাই

>। ষেত্ৰদার ও শর্করা শতকরা ··· ৭১ ভাগ তৈল ··· ·· ६ " স্ব্র ··· ·· ১ই " ২। মেদকারিতা গুণ প্রোটিড্ শতকরা ··· ১ই

>書 ...

কোন কোন ছলে মকাই প্রধান খাদ্য বলিয়া পরিস্থিত হয়। গরীক লোকেরা মকাইর ভাত, ভাঞা ও ছাতু করিয়া প্রহণ করে। মকাই চূর্ণের সহিত গমের আটা মিশ্রিত করিয়া চাপাটা প্রস্তুত হয়। মকাই গমের মত পৃষ্টিকারক এবং ইহা বিলক্ষণ তৈলাক্ত, এইজন্ত মকাই লখুপথ্য নহে। মকাই উভ্যান্ধণে পেষণ করিলে অপথ্য হয়।

ক্ৰেতার জ্ঞাতৰা বিষয়

-)। **हेराएँ आवर्ष**ना आहि कि ना।
- ২। ৰীজ হাজা কি ভারী।
- ৩। বীজ শোকার ধরা কি না।
- ৪। বীজের বর্ণ টাট্কা কি না।

দে ওধান বা যুৱার বা গহমা

রাসারনিক খাদ্যগুণ

३ । माञ्चन

প্রোটিড্ শতকরা ··· ৮— ১২ ভাগ ভশ্ব ··· ·· ২ ,,

নাগপুর, মান্তাজ ও বোষারের অধিকাংশ হুলে দেওধান প্রধান থান্য। দেওধান গমের মত পৃষ্টিকারক এবং ইহা মকাইর মত তৈলাক্ত। এইজন্ত লঘু পথ্য নহে। দেওধানের আটার চাপাটী প্রস্তুত হয়। বেহারের গরীব লোকেরা দেওধানের ভাতও আহার করে। ইহাতে থৈ হইরা থাকে। মকাইর ও দেওধানের থৈ, ধানের থৈর মত মোলারেমঃ হর না। এতদেশে দেওধানের কাঁচা পাছ গঙ্কর প্রধান খাদ্য।

ক্রেভার জ্রাভব্য বিষয়

- ১। ইহাতে আবর্জনা আছে কি না।
- २। वीख शका कि छात्री।
- o। বীজ পোকা ধরা কি না।

ধান্য জাতীয় অন্যান্য খাদ্য

চীনা, কান্তন, বজ্রা, গগুলি, মন্ধ্রা শ্রামা ও কোদা প্রভৃতি শশুত এই শ্রেণীর অন্তর্গত। পুষ্টিকারীতা গুণে কান্তন, বজরা, গগুলি ও চীনা শ্রেষ্ঠ; এবং কোদা ও মরুরা নিরুষ্ট কিন্তু বজরা, মরুরা ও কোদো হইতে অধিক পরিমাণে খেতসার পদার্থ প্রাপ্ত হওরা যায়। এই সকল শশুত হইতে ত্য বাহির করা স্থকটিন, স্থতরাং ইহারা অভিশয় গুরু পথ্য। এইজন্ম কেবল দরিদ্র লোক এই সকল খাদ্য গ্রহণ করে। মরুরা ব্যতীত এই জাতীর অস্থান্থ শশু সকল মৃত্তিকার সহজে জন্মে না এই জন্ম পার্মত্য প্রদেশে মরুরার অধিক চাষ। মান্ধান্ধ, বোঘাই ও বিহারের অনেক স্থানে মরুরা গরিবলোকের প্রধান খাদ্য। তাহারা সাধারণত ইহা হইতে আটা তৎপরে চাপাটা প্রস্তুত করিয়া গ্রহণ করে।

এই দকল শভের রাদায়নিক খাদ্যগুণ নিমে বিবৃত হইল—

শভের নাম	জল	ভৈল	প্রোটিড	খেতসার	च	ভশ্ম
होना	4.4	8-4	b.0	66.5	9.8	२•১
কান্তন	>0.0	8+0	>0.8	66.0	4.5	२•১
বজরা	b. b	6.0	à•€	900€	•৮	3.9
গণ্ডলি	20.5	9.6	2.2	69.0	8.6	9.6
মক্ত্রা	>२•१	>-4	6-8	93->	₹•₽	২ •৮
ভাষা	9.9	8.8	9.0	69.E	9.8	3-9
কোদো	500	9.9	6. P	90.0	p.c	2.4

চতুর্থ অধ্যায়

ডাইল

ধাক্তকাতীয় থাদ্যে যেমন খেতসার প্রধান, সেইরূপ ডাইলে প্রোটিড প্রধান। কোন খাদ্যেই ডাইলের স্থায় এত অধিক মাত্রায় প্রোটিড প্রাপ্ত হওরা বায় না। কিন্তু ডাইলের প্রোটড ্ অতিশয় ছুপাচ্য। সূত উত্তাপে অনেক্ষণ সিদ্ধ না করিলে ডাইল জীর্ণ করা যায় না। ডাইল স্থাসিদ্ধ না করিয়া প্রহণ করিলে পেটফাঁপা, অন্তার্ণ, আমেশা, বাত প্রভৃতি রোগ উৎপন্ন হয়। প্রায় সমস্ত ডাইল অব্লাধিক পরিমাণে তিক্ত। এই जिक भनार्थ विवाक । स्विमक कतिराम এই विवाक भनार्थ विनिष्ठ हत्र । থেসারি ও মটর ডাইলে এই তিক্ত পদার্থ অপেক্ষাক্ত অধিক। সোডার ৰূলে ভিন্তাইয়া ধৌত করিলে এই বিষাক্ত পদার্থ তিরোহিত হয়। তৎপরে ইহা পিশিয়া লইবা রন্ধন করিলে অপেক্ষাক্তত অধিক পরিমাণে জীর্ণ হয়। ডাইলের খোদা অপথা শুভরাং ডাইল উত্তমরূপে ছাটা আবশুক। এতদেশীয় ব্যবসায়ীগণ খাদ্য দ্ৰব্যে নানাত্ৰপ ভেঁজাল দেয়। এই সৰ **এহণ** করিয়া অনেক সময় উৎকট পীড়া জন্মে। **ডা**ইলে বালি ও পাথর চুর্ণ মিশ্রিত থাকে। চালনী দারা এই সব আবর্জনা বিমুক্ত করিয়া রন্ধন করা কর্ম্বর। ভাইলের মধ্যে মুগ্, মস্থর, কলাই, ছোলা, অরহর শ্রেষ্ঠ। খেসারী ভাইল অত্যন্ত বাত জনক ও গুরুপথা। ইহাতে অপেকারুত व्यक्ति शतिमार्ग विवाक शर्मार्थ विमानान । तथनाति छोटेन नर्समा কখনও ব্যবহার করা বিধের নহে। মটর ওঁটা অপেকাক্তত অধিক পরিমাণে স্থপাচ্য।

নিরস্থলে নানা প্রকার ছাটা ভাইলের রাসায়নিক খাদ্যগুণের পরিচয় প্রায়ম্ভ হইল।

डिंग

नाम जन	তৈগ	লো টড্	খেতসার ও শর্করা	স্থ্ৰ	ভশ্ম
मूर्ग (त्यांनां) >	१ २	50.A	48.₩	>.>	৩•০
মুগ (সবুজ্ঞ)	2.9	૨૨ ٠૨	€8.2		8.0
ম স্ র	2.0	₹.0	&p+8	۶۰ ٤	२・२
কলাই	२ •२	22.9	@ @ · b	>•>	8.0
ছোলা	8.0	₹3.€	€ > •0	>.0	२०७
অরহর	۶٠۶	२२.७	6.00	۶۰ ٤	٥٠٥
মটর	>.4	२४-२	44.0	>.0	₹• €
খেশা রী	0.9	03.9	€0.9	১ •২	२•१
বরবটি	3.00	₹8.0	46.4	2.4	€،0
মেত	0.6	२७-৮	24.6		٥.6

মুগ ডাইল

ভাইলের মধ্যে মৃগ উরুক্ট। নানাপ্রকার মৃগ আছে, তন্মধ্যে সোণা মৃগ সর্কোন্তম। ক্লফ মৃগ মধ্যম। বাদামি ও সবুজ মৃগ নিক্ট। মৃগ কিনিয়া পরিকার করিবার পরে, ঘরে ভাইল করিয়া লইলেই ভাল। বাজা-রের ভাইলে অনেক বালি ও কাঁকর থাকে। ভাজা অপেক্লা কাঁচা মৃগের ভাইল উপকারী বলিয়া কথিত হয়। কিন্তু ভাজা মুগের ডাইল স্থাছ।

মস্থর

মন্থ্য বলকারক বলিয়া খ্যাত; কিন্তু উষণ। যাঁতায় ভাঙ্গিলে ভাইল দ্বিশ্ভিত হয়। কিন্তু টেকিতে বা উপ্রিতে ছাঁটা গোটা ভাইল ভাল সিদ্ধ হয়।

কলাই

কলাইর ডাইল স্নিগ্ধগুণ বিশিষ্ট। কলাই ছই প্রকার—যথা, কালি কলাই, ও মাসকলাই। কালি কলাইর ডাইল মাস কলাইর ডাইল অপেক্ষা স্কুস্বান্থ। মাসকলাইর ডাইলে ভাল বড়ি ও মিঠাই প্রস্তুত হয়।

ছোলা

পাটনাই ছোলা উৎক্লষ্ট। বৃট ক্রন্ত করিতে হইলে দেবিতে ছইবে বে ইহা পরিষার, তাজা ও কটি বিষ্কুক্ত কি না। বুটের ছাতৃ বেছারে খুব প্রচলিত। গরীব লোক একবেলা বুটের বা মটরের ছাতৃ প্রহণ করিয়া জীবন ধারণ করে।

অরহর

বেহারে অরহরের সর্বাপেকা আদর। তাহারা বলে বে অরহর লঘু পথ্য ও শীতল। নানা প্রকার অরহর আছে—বথা, কার্ত্তিকা, মানি ও চৈতালি। বাদামি রঙ্গের চৈতালি অরহর উৎক্রই। কিন্তু ইাটা ডাইল দেখিরা কোন প্রকার অরহর তাহা নিদ্ধারণ করা যায় না। ক্লফবর্ণের খোসাযুক্ত অরহর অপেকা শুক্রবর্ণের অরহর উত্তম বলিয়া কথিত হর।

মটর

মটরের ভাইল সর্বাপেক্ষা অধিক পরিমাণে ব্যবস্থাত হয়। কারণ রন্ধন করিলে ইহা শ্বুব বৃদ্ধি হয় এবং অন্ধ ভাইলে অধিক লোকের আহার হুইতে পাবে।

নানা প্রকার মটর আছে। ভাইল দেখিয়া বিভিন্নতা জানা বার না।
সব্দ্ধ ও মেটে দাগি বিশিষ্ট কাদবা বা, ছররা এবং সব্দ্ধ রঙ্গের কুসী
মটরের উত্তম ভাইল হর। বাদামি বর্ণের ভব্লিউ এবং শুল্র বর্ণের বিলাতী
মটরের উত্তম ছাতৃ, খুগনি ও ভাঞা হয়। এই মটর অপেক্ষাকৃত অধিক
মিষ্ঠ। তিন পাথিয়া নামক শুল্র মটরের ও পুর্কোক্ত বিলাতী মটরের
শুঁটী উত্তম। কীট দস্ত মটর নিকুষ্ট।

বরবটী

নানা প্রকার বরবটা আছে। বেগুণে রঙ্গের বীজ বিশিষ্ট বরবটার লখা ও নরম গুঁটা হয়। ইহার অধিক বীজ হয় না। গুল্ল বীজ বিশিষ্ট বরবটার গুঁটা শক্ত ও ইহার বীজ অধিক হয়। এই বরবটা ভাইলক্ষণে অথবা এই বরবটা জলে ভিজাইরা অঙ্কুরিত করিরা ভাঁজিয়া বা কাঁচা গ্রহণ করা হয়। বরবটীর ভাইল সুস্বাহ্ কিন্তু গুরুপথ্য।

মেত বা মথ

মেত অপেকাক্কত অধিক গুরুপাচ্য ডাইল। বেহারের গরীব লোক এই ডাইল গ্রহণ করিয়া থাকে। বেহারে মেত ও ভিরিন্সির গাছ গরুকে খাওয়ান হয়। মেত ও ভিরিন্সি নিকুষ্ট ক্ষমীতে ক্রিয়া থাকে।

ভেত্যাস

ভেতমাস খাদ্যগুণে ডাইলের মধ্যে শ্রেষ্ঠ। অধিক পরিমাণে তৈল থাকার অধিক পরিমাণে ইহা গ্রহণ করা যার না। বেহার প্রদেশের লোকেরা অল্প পরিমাণে ভেতমাসের ছাতু ও লাড়ু গ্রহণ করিয়া থাকে। ইহার ডাইলও কিঞ্চিৎ পরিমাণে ব্যবহৃত হয়। বেহারে তিন প্রকারের ভেতমাস দৃষ্ট হয়। ভাগলপুরে গুল্ল ও বেগুনিরা বর্ণের ভেতমাসের পরিমাণ অধিক। কিন্তু গ্রিছতে কুক্তবর্ণের ভেতমাসের পরিমাণ অধিক। বার্কিলিক জেলার ভেতমাসের দানা বড় বড়। সাধারণ ছোট ভেতমাসেও তথায় দৃষ্ট হয়। গুল্ল ও বেগুনিয়া বর্ণের ভেতমাসে প্রোটছের ভাগ অপেক্ষাকৃত অধিক। কিন্তু ইহার ফসল অপেক্ষাকৃত কম। বেগুণে ভেতমাসের ফসল সর্ব্বাপেক্ষা অধিক। বেহারের ক্র্বি বিভাগের রাসায়নিক মিঃ টেলার বছ প্রকার ভেতমাস পরীক্ষা করিয়াছেন। তন্মধ্যে, নিম্নন্থলে ক্রেক প্রকার প্রধান ভেতমাসের ফল প্রকাশ করিরভেছি।

	না ইট্রোজে নের	প্রোটিডে র	তৈলের পরিমাণ
ভেতমাদের	পরিমাণ	পরিমাণ	(শতকরা)
নাম	(শতকরা)	(শতকরা)	
কাল ভেতমাস	4-9	99.2	>७•€
শাদা ভেতমান	6.6	04.0	>6-5
বেশ্বৰে ভেতমা	7 C-C	48.8	>4.>

ক্ষমকালীন ক্ষেতা দেখিবেন বৈ ছাইল—
ছাটা কিরপ ?
বালি বা পাথর চুর্ণ মিশ্রিত কি না ?
ইহার বর্ণ তাক্রা কি না ?

রন্ধন-প্রণালী

মুগের ছাইল বাতীত অফ্রাক্ত ডাইল সোডার জলে ২০ মিনিট ভিজাইরা ধৌত করিরা লইরা মৃত্ উত্তাপে ৫ ঘণ্টা সিদ্ধ করিলে, ছাইল স্থাচ্য হয়। তিন ঘণ্টার কমে ডাইল সিদ্ধ হয় না। এমন চুলা করিবে যাহার হই মুখ থাকে। ইহার পশ্চাতের মুখে ডাইল সিদ্ধ হইবে সম্মুখের মুখে ভাত তরকারী ভাজা সব রন্ধন হইবে। যতক্ষণ অফ্রাক্ত রন্ধন শেষনা হয় ততক্ষণ ডাইল সিদ্ধ হইতে থাকিবে। সাধারণ কয়লার চুলিতে এইরূপ রন্ধন করা যায় না। এক কথায় সাধারণ কয়লার চুলার ডাইল রন্ধন অসম্ভব। এইজ্ফ কয়লার জালের ডাইল অতিশয় গুরুপথা হয় । এইরূপ ডাইল ভক্ষণ করিলে অচিরাৎ অমের পীড়া জন্ম।

পঞ্চম অধ্যায়

সবুজি

তাকা সবুজি গ্রহণ না করিলে অচিরাৎ স্বাস্থ্য ভদ্ন হয়। সবজী কারা আমরা বথেষ্ট পরিমাণে পটাস, চূণ প্রভৃতি আবশুকীয় লবণাদি পদার্থ প্রাপ্ত হই। উপযুক্ত পরিমাণে সবুজী গ্রহণ না করিলে কখনও কোর্চ্চ পরিছার রাখা যায় না। শরীর রক্ষার্থে যেমন আহারের প্রয়োজন, অন্তত্ত্ব পদার্থ সরল ভাবে নির্গমণ্ড ঠিক তদ্ধপ প্রয়োজনীয়। কোর্চ্চ কঠিন হইলে অগ্নিমান্দ্য হর, বন্ধ সমূহ নিজেজ হয়, মনের অপ্রসম্মতা জন্ম এবং অচিরাৎ ছুয়ারোগ্য ব্যাধি আক্রমণ করে। তদ্ভিন্ন অনেক সবজী ঔষধের ক্রিয়া থাকে। তরকারী যথাসন্তব তাজা হওয়া উচিত। কীট দাই, শুক্ত, নরম, দাগি ও মলিন তরকারী অতি নিক্নষ্ট। যে ব্যক্তি বত পরিমাণে মাছ মাংস আহার করে, মোটামোটি, ইহার অর্ক্ডাগ পরিমাণে তরকাকী গ্রহণ করা কর্ত্তব্য। অজীণ রোগে শাক-সবুজি অপকারা।

বিলাতী আলু

রাসায়নিক খ	मि।खन-		
দাহগুণ—		মেদকারিতাগুণ—	
শেতসার ও শর্করা	>8.9	প্রোটিড	3.6
তৈল	0.2		0.4

তরকারীর মধ্যে বিলাতী আলু সর্বপ্রধান। আলু আয়র্লণ্ডে আমাদের দেশের ভাতের স্থার প্রধান থাদ্য। ইহাতে বিলক্ষণ পরিমাণে খেতসার প্রাপ্ত হওরা বার। অস্তান্ত তরকারীর অপেক্ষা ইহাতে প্রোটিডের পরিমাণ্ড অধিক। কেহ কেহ বলেন যে ভাত বা রুটীর বদলে আলু ব্যবহার চলে। বাহারা যথেষ্ট পরিমাণে মাংস গ্রহণ না করেন, তাহাদের

कल ७२.७

খাদ্য কেবল আলুর বারা পূর্ব হুইতে পারে না। তথাপি কুর্ডিক্ষের সমরে বিলাতী আলু বারা জীবন ধারণ করা বাইতে পারে। ভারতবর্বে প্রাচীনকালে বিলাতী আলু অবিদিত ছিল। স্থপ্রসিদ্ধ কলমান এই আলু আমেরিকার আবিষ্কার করেন। এবং তিনি এই আলুর চাষ ইউরোপে প্রবর্তন করেন। ইউরোপ হইতে আমরা এই আলু প্রাপ্ত হইরাছি। একপে ভারতবর্ষের প্রায় সর্বত্তি বিলাতী আলুর চাষ হইতেছে।

অনেক প্রকারের আলু প্রাপ্ত হওয়া য়ায়। ইহাদিগকে প্রধানতঃ ছই ভাগে বিভক্ত করা বায়, বথা—(১) পাহাড়ী সাদা আলু ছ (২) পাটনাই লাল আলু। পাহাড়ী আলু সিদ্ধ হইলে বালি বালি হইয়া গলিয়া বায়। লাল আলু সিদ্ধ করিলে আঠা আঠা হয়, কিন্তু বিলাতী আলুর মত পালিয়া বায় না। বিলাতী আলু উত্তমরূপে সিদ্ধ হয় বলিয়া ইউরোপীয়ান্পণ ইহাকে অধিক আদর করেন। আলুর খেতসার শুব স্থাসিদ্ধ না হইলে স্থপাচ্য হয় না। ভালরপ সিদ্ধ না হইলে ইহা য়ায়া পেট ভার হয় এবং অঞ্জীপ রোগ জল্ম।

আলু হইতে একরূপ পালো প্রস্তুত হয়। সিদ্ধ আলুর সহিত সম-পরিমাণে গমের আটা বা ময়দা যোগ করিয়া উত্তম চাপাটা প্রস্তুত হয়। চাউল বা ময়দার কাই যোগ করিয়া উত্তম পিষ্টকাদিও প্রস্তুত হয়।

ক্রমকালীন ক্রেতা দেখিবেন-

-)। शाहाको नामा आयु कि शाहेनाहे लाल आयु ।
- ২। নৃতন কিংবা পুরাতন আলু । পুরাতন আলু স্থাকি হয় না।
 নৃতন অপক আলুও স্থাল্য নয়।
- এ। পচা কি না। নৃতন পাহাড়ী আবুর মধ্যে অনেক পচা আবু থাকে। সমরে সমরে আবুর তিতরে এক প্রকার বেওণে মারুগ দাগ দেখিতে পাওরা ব্যর। এই আবু সুসিদ্ধ হর না। এবং এই আবু ব্যবহারও করা উচিত নহে।

৪। আনুর চোক গর্ত্ত গর্ত্ত না থাকিয়ুা ভাসা থাকিলে, সিদ্ধ করিয়া
ছাল ছাড়াইতে স্থবিধা হয়।

আলু সিদ্ধের নিয়ম

আলু থোসার স্থিভু, ফুটস্ত জলে কিঞ্ছিৎ লবণ ফেলিয়া দিয়া সিদ্ধ করিতে হয়।

মিঠা আলু

রাসারনিক খাদ্যগুণ

नां रूखन	মেদকারিতা গুণ—	
বেতসার ও শর্করা—শৃতকরা-২১-৯	প্রোটিড্	۶۰8
তৈল ০-৬	ভস্ম	6-0

खन ६७

খাদ্যগুণে মিঠা আলু বিলাতি আলু অপেক্ষাও অনেক বিষরে শ্রেষ্ঠ।
কিন্তু ইহাতে শর্করার ভাগ অধিক থাকায় বিলাতী আলুর ফ্রায় ইহা প্রধান
খাদ্যরূপে ব্যবহৃত হয় না। প্রধানতঃ ইহা অন্নেই লাগে ভাল। স্থাসিদ্ধ না
হইলে মিঠা আলু সহজে পরিপাক হয় না। ছর্ভিক্ষের সময়ে সিদ্ধ মিঠা
আলু গ্রহণ করিয়া জীবন ধারণ করা যায়। বিহারের গরীব লোক মিঠা
আলুর সময়ে একবেলা কেবল এই আলু খাইয়া থাকে। সিদ্ধ মিঠা আলু
হারা স্থাদ্য পিষ্টকাদি প্রস্তুত হয়। ইহাতে সম পরিমাণ ময়দা বা
চাউলের মণ্ড মিশ্রিত করা আবশ্রক।

মিঠা আলু পলি মাটীতে উত্তমরূপ কলে।

ভল কচু

রাসায়নিক থাদাগুণ

দাহভাগ, শতক্রা		মেদকারিতা গুণ— প্রোটিড্	
খেতসার ও শর্করা	>2.4	প্রোটড্	२.०
তৈল	२•৯	ভশ্ম	>-8
	জল	96	

মেদকারিতা শুণে ওল তরকারীর শ্রেষ্ঠ। ইহাতে শ্বথেষ্ট পরিমাণে লৰণাক্ত পদার্থ (ভস্ম) থাকায় ইহা গ্রহণ করিলে কোর্চ পরিষ্কার থাকে। এই জন্ম অর্শরোগের পক্ষে ইহা অতি উপকারী।

ওলে চুণের দানা দানা হই এক প্রকার যৌগিক পদার্থ থাকার ইহা গলায় লাগে, এই জন্ম ওল থাইতে অনেকেই জন্ধ পার । কলিকাতার যে বোষাই ওল বিক্রেয় হয় ইহা গলায় লাগে না । বক্ত ওলওঁ খোলা জনীতে জন্মগার দারা চাষ করিলে স্থাদ্য হয় । গুল সিদ্ধ করিয়া ইহাতে যথেষ্ট পরিমাণে অম (লেবুর রস, তেঁতুল বা ভিনিগার) ও মরিচ প্রভৃতি কিয়ৎক্ষণ মাধিয়া রাখিলে, ইহা নির্বিদ্ধে ভাতের সহিত গ্রহণ করা যাইতে পারে। সরিষা বাটা মিশ্রিত ওলকচ্ স্থাদ্য।

মান ও অন্যান্য কচু

মান ও অস্কান্ত কচুর রাসায়নিক বিশ্লেষণ হয় নাই। তথাপি বলা বায় যে থাদাগুণে ইহা ওল অপেকা অধিক নিক্নষ্ট হইবে না। সব কচুতেই কোষ্ঠ পরিষ্কার ক্লেরে। কবিরাজগণ শোখ ও আমাশক্ষ্ প্রভৃতি রোগে মানকচুর ব্যবস্থা করেন-। অনেক চিকিৎসক লিভারের পক্ষে ওল ও অস্কান্ত কচুর ব্যবস্থা করিয়া থাকেন।

কাচা কলা ও মোচা

কাচা কলা ও মোচা উত্তম তরকারী। ইহাতে ট্যানিক্ এসিড্ থাকায় পেটের পীড়া ও ক্বমি রোগের পক্ষে উপকারী।

শুক কাচা কলা

রাসায়নিক থাদাগুণ

দাহস্ত্রণ		মেদকারিতা গুণ— প্রোটিড্	
খেতসার ও শর্করা	99.6	প্রোটিড্	8•5
তৈল	0.8	ভস্ম	२-१
স্ত্ত	५ -२	1	

ইহার দাহাগুণ যথেষ্ট, কিন্তু মেদকারিতা গুণে ইহা কোন ধাঞ্চ জাতীয় শন্তের সমক্ষম নহে। ওট-মিল, কর্ণফ্লাওয়ার, বার্লিপাউডার অপেক্ষা ইহা অনেক নিরুষ্ট। তবে ইহার স্বভাব ধর্ম মল রোধক; স্থতরাং ইহা পেটের পীড়ার পক্ষে উপকারী।

বেগুণ

রাসায়নিক থাদ্যগুণ

দাহ্গুণ		মেদকারিতা গুণ—	
শ্বেতসার ও শর্করা	8.0	মেদকারিতা গুণ— প্রোটিড্	>-8
्रेडन .	>-@	ভস্ম	٥٠٠
	खन	ào•à	

আৰুর পর বেগুণ আমাদের প্রধান তরকারী। বেগুণ সব তরকারীতেই ব্যবস্থাত হয়। ইহা অতি লঘু পথ্য এই জ্বন্ত রুগ ব্যক্তির পথ্য। আয়ুর্বেদ মতে বেগুণ কফ্ ও পিত্ত নাশক। কিন্তু বুড়া বেগুণ অপকারী। আয়ুর্কেদ শাস্ত্রমতে খেত বেগুণ গুণে অন্তান্ত বেগুণ অপেকা হীন; কিন্তু অর্শরোগের পক্ষে হিতকারী।

বিলাতী বেগুণ

রাসায়নিক খাদ্যগুণ

দাহ্ ভ ণ		মেদকারিতা গুণ—	
খেতসার ও শর্করা	۵٠۶	প্রোটিড্	۵۰۵
তৈল	0.8	ভস্ম	0.6
	खन	৯৪•৩	

বিলাতী বেগুণ মুখরোচক তরকারী। ইহার অম অতি উপাদেয় ও মিগ্র। ইহা মেদকারিতা গুণেও নিরুষ্ট নহে।

কড়াই শুটী

রাসায়নিক খাদ্যগুণ (খোসা ছাড়ান)

দাহগুণ		মেদকারিতা গুণ—	
শ্বেতসার ও শর্করা	26.9	প্রোটিঙ্	9.0
ৈ তল	0.0	ভেশ্ব	3.0
	खन	90.6	

কচি কড়াইও টী অতি উত্তম তরকারী। মেদকারিতা গুণে ইহা অক্সাপ্ত তরকারী অপেক্ষা শ্রেষ্ঠ। ডাইল বেরপ ছন্সাচ্য ইহা সেইরপ নহে। বড় বড় সহরে ব্যতীত ইহার ব্যবহার অধিক নহে। ইহার ব্যবহার অধিক হওয়া বাহ্মনীয়। পক বুট বা মটর জলে ভিজাইয়া অকুরিত হইবার সময়ে রক্ষন করিলে ইহাদের সার পদার্থ অধিক পরিমাণে জীব হইতে পারে। পাটনা জেলার তিন পাখীয়া ও বিলাতী মটরের ও টা সর্বোভম।

শিম

রাসায়নিক খাদাগুল

দাহুগুণ মেদকারিতা গুণ—
শ্বেতসার ও শর্করা ৬-৯ প্রোটিড্ ২-১
তৈল ০-৩ ভন্ম ০-৭

জল ৮৩.০

কচি শিম উত্তম লঘুপাচ্য তরকারী। আয়ুর্বেদ মতে ইহা বাত প্রাক্যেপক এবং অপরুষ্ট।

বরবটী

রাসায়নিক খাদাগুণ

দাহশ্তণ মেদকারিতা গুণ— খেতসার ত্ব শর্করা ১-৭ প্রোটড্ **৩-৫** তৈল ১-২ ভন্ম ১-৬

কচি বরবটা অতি বলকারী। মেদকারিত। গুণে ইহা কড়াইশুঁটা ব্যতীত অস্থাস্থ তরকারী অপেক্ষা শ্রেষ্ঠ। বাঁশ বোড়া সর্বোত্তম। ইহার শুঁটা গুলু, লম্বা; বীল অল্প ও কুমা।

यूला

রাদায়নিক খাদাগুণ

দাহাগুণ
শ্বেতসার ও শর্করা ৩-৪ প্রোটিড্ ০-২ তৈল কিঞ্চিৎ ভস্ম ০-৮

खल २८.१

রাসায়নিক থাদ্যগুণ বিচার করিলে, মূলা উৎক্কট তরকারী নহে। তবে কচিমূলা লঘু পথা। ইহাতে গন্ধক থাকায় ইহা চর্মরোগের পক্ষে হিতকারী। আয়ুর্কেদ মতে ইহা উষ্ণ, ক্ষচিজনক, লঘু, পরিপাচক, স্থরবর্দ্ধক এবং জর, খাদ, নাসিকা, কণ্ঠ ও চক্ষুরোগ বিনাসক। কিন্ত বুড়া মূলার অনেক দোষ।

টেড়স

রাসায়নিক খাদ্যগুণ

দাহাগুণ		মেদকারিতা গুণ—	
খেতসার ও শর্করা	¢• 9	মেদকারিতা গুণ— প্রোটিড্	۶۰۵
তৈল	>->	ভস্ম	, O·b

खल ३०

কচি চেঁড়স উত্তম তরকারী। ইহা কোষ্ঠ ও প্রদাব পরিষ্কার রাখে।

বিলাতী-কুমড়া

রাসায়নিক খাদ্যগুণ

দাহগুণ—		মেদকারিত গুণ—	
শ্বেতসার ও শর্করা	ల.ల	প্রোটড	ଜ'ଚ
তৈল	5.0	ভস্ম	0.4

রাসায়নিক থাদ্যগুণ বিচার করিলে বিলাতী কুমড়া শ্রেষ্ঠ তরকারী নহে।, ইহা কোষ্ঠ পরিষ্কার রাখে; কৈন্ত অধিক পরিমাণে ইহা গ্রহণ করিবার ব্যবস্থা করা যায় না। ইহা খুব মুখরোচক তরকারী এবং সকল তরকারীর সহিষ্ণু ইহা মিশিতে পারে।

পৰু কুমজাই সধারণতঃ উত্তম বলিয়া বিবেচিত্ হয় ৷

চালকুমড়া (কুমাও)

চাল কুমড়ার রাসায়নিক বিশ্লেষণ হয় নাই। আয়ুর্বেদ্ধ শাস্ত্রমতে ইহার বছগুণ। কচি কুমাও পিতনাশক। মধ্যমরূপ পক কুমাও কফ নাশক। পরুকুমাও শমু, উষ্ণ ক্ষারযুক্ত, হৃদয়ের হিতজনক এবং উন্মাদাদি চিতরোগ নাশক। পক ও পুরাতন কুমাও দারা প্রাক্তিক কবিরাজী ঔষধ কুমাও-খও প্রস্তুভ হয়। পক কুমাও দারা উপাদেয় মোরব্বাও প্রস্তুভ হয়।

লাউ বা কতু

রাসায়নিক খাদ্যগুণ

দাহগুণ—		মেদকাবিতা গুণ—	
শেতসার ও শর্করা	۵۰۵	মেদকানিতা গুণ— প্রোটিড ্	0.4
তৈল—	ત્ર∙૦	ভস্ম	०・२
	জল ১	· · · · · · · · · · · · · · · · · · ·	

রাসায়নিক গুণ বিচারে লাউ উত্তম তরকারী নহে। কচি লাউ লঘু পথ্য। আয়ুর্ব্বেদ মতে লাউ অত্যস্ত প্রিগ্ধকারক। ইহার উত্তম মোরব্ব। প্রস্তুত হয়।

পটোল

রাসায়নিক খাদ্যগুণ—(সাবোর ক্ষয় কলেজ)

দাহগুণ—		মেদকারিতা গুণ—	
খেতসার ও শর্করা	8•0	শ্রোটড্—	- 15
তৈল—	0.0	ভশ্ব—	
স্ত্র	२•১	बन २२	

আলু ও বেগুণের ছার পটোলও আমাদের শ্রেষ্ঠ তিরকারী। ইহা অতিশয় লঘু পথ্য স্থতরাং রোগীর পথ্য। কচি পটোল থেরপ স্থাদ্য বৃদ্ধ পটোল ক্ষেইরপ নহে। বৃড়া পটোল-বীজ জীর্ণ করা ছ:সাধ্য। আয়ুর্বেদ শাল্পে ইহার গুণের অনেক ব্যাখ্যা আছে; যথা পাচক, হান্য, গুক্রবৰ্দ্ধক, লঘু, অগ্নিদীপক, শ্লিগ্ধ, উষণ্ড; কানে, রক্তদোষ, জর ও ক্লিম নাশক। পটোলমূল মৃত্ বিরেচক ও পত্র শ্লেছা ও পিত নাশক। পটোল ভল্পেশের সর্বত্ত জন্মে।

अम

শসার রাসায়নিক পরীক্ষা হয় নাই। ইহা উত্তম তরকারী নহে। আমুর্বেদ মতে কচিশসা পিত্তনাশক ও কফ রোগ নাশক। পাকা শসা বাত ও কফ নাশক।

করলা

কচি করলা পিত্ত ও কফ নাশক ও ক্ষচিকারক বলিয়া খ্যাত। আয়ুর্বেদ মতে ইহা ভেদক ও লঘু; জর, পিতু, কফ, রক্ত দোঘ, পাণ্ডু, মেহ, ও ক্ষমি রোগ নাশক।

বিঙ্গা

বিজার রাসায়নিক পরীক্ষা হর নাই। কচি ঝিঙ্গা স্থাদা ও লঘু পথ্য।

ধুন্দুল বা পরোল

কচি ধুন্ত বিশ্বার ভার স্থাদ্য না হইলেও মন্দ নছে।

শেঁয়াজ

রাসায়নিক খাদ্যগুণ-

দাহণ্ডণ		মেদকারিতা গুণ—	
ষেত্রসার ও শর্কর।	b•9	মেদকারিতা গুণ— প্রোটিড ্—	2.8
ৈত্ৰ—	· 0.0	ভশ্ম—	0.0
		A.	

ख्ल १००२

রাসায়নিক থাদ্যগুণ বিচারে পৌয়াজ উত্তম। গন্ধক থাকে বলিয়া ইহা উষণ, তবে রক্তপ্রিকারক। লঘু পথা নহে, স্কুতরাং ইহা সর্কাদা প্রধান তরকারী রূপে ব্যবহার করা যায় না। গন্ধক থাকা প্রযুক্ত যাহাদের সহ্ত হয় তাহাদের, প্রক্ষে পৌরাজ উপকারী। পেয়াজ মিপ্রিত তরকারী অতি স্থস্যাত্ হয়। নিরেট তাজা পৌরাজ উত্তম।

রম্বন

রস্থন অধিক পরিমাণে গন্ধক ধারণ করে বলিয়া রক্ত পরি ছারক। ইহা গুণে অভিশয় উষ্ণ, স্থতরাং মশলা বাতীত ইহা তরকারীরূপে কথনও ব্যবহার হয় না। আয়ুর্বেদ শাস্ত্রমতে ইহার বছগুণ যথা—প্লিগ্ধ, উষ্ণ, তীক্ষ্ণ, কটু, পিচ্ছিল, গুরু, সারক, স্বাত্, বলকারক, বীর্য্য, মেধা, স্বর, বর্ণ উজ্জ্বলকারক, চক্ষুর হিতকর এবং ভগ্ন অস্থি সংবোজক;

শাক

বলদেশ অনেক প্রকার শাক জন্মে। তন্মধ্যে কোন কোন শাক উপকারী। সাধারণতঃ আমরা শাক ভাজা গ্রহণ করি; ইহাতে শাকের গুণ নষ্ট হওরাই স্বাভাবিক। তরকারী সহিত ইহা রন্ধন করাই উচিত। ভাজা শাক কথনও অধিক পরিমাণে গ্রহণ করা উচিত নহে; কারণ ভাজা শাক ছপাচা। শাকের মধ্যে পালম, নটে, বেত, হেলেঞ্চা, গিমি, কলমী, ঢেঁকী, শুশনী, পুঁই, লাউ, শুনিয়া উভম। শাক যত কচি হইবে ততই ছুখালাও উপকারী। শাক শক্ত হইলে ছুপাচা হয়।

বান্ধাকপি

রাসায়নিক খাদ্যগুণ---

দাহগুণ		মেদকারিতা শুণ—	
খেতসার ও শর্করা	8.6	মেদকারিতা গুণ— প্রোটিড ্ ভস্ম	১ •২
ভৈল	०•२	ভস্ম	0.6

कल १८.७

ৰিলাতী সব্জীর মধ্যে বান্ধাকফি ও ফুলকফি সর্বশ্রেষ্ঠ; ইহাদের মোদকারিতা গুণ বিশেষ উল্লেখযোগ্য। গন্ধক থাকে বলিয়া ইহারা উষ্ণগুণৰিশিষ্ট। নিরেট ও কীটাদ্দি দ্বারা অক্ষত কপি উৎক্লষ্ট।

ফুলক পি

দাহত্তণ—		মেদকারিতা গুণ—		
খেতসার ও শর্কর।		<u>প্রোট্ড</u> ্	৩. 0	
তৈল—	२•५	, , , , , , , , , , , , , , , , , , , ,	ړ٠٠۶	

মেদকারিতা গুণে ফুলকিপ বাদ্ধাকিপ অপেক্ষা শ্রেষ্ঠ।

ক্রয়কালীন ক্রেতা দেখিবেন যে—

- ু। ফুল ফুটিয়া গিয়াছে কিনা; ফুটস্ত ফুল স্কস্বাহ হয় না। ছই এক দিনের মধ্যে ফুটিবে এরপ ফুলই উত্তম।
 - २। की छेल श्रे कि ना ?
 - ৩। আকার মধ্যম উত্তম।

অন্যান্য বিলাতী-সবুজী

অস্থান্ত বিলাতী সৰজীর মধ্যে ওলকপি, সালগম, বিট, আর্টিচোক্, লেটুস উত্তম। বিলাতী সৰজীর আকার অতিবৃহৎ উৎক্ষুইতার পরি-চারক নহে। ভিতরে নিরেট হওয়া আবশুক। অধিক পক্ক বা একেবারে কচি সৰজী নিক্ষু।

শতমূলী

শতমূলী উত্তম তরকরী। ইহার প্রচলন হওয়া বাঞ্নীয়।

ষষ্ঠ অধ্যায়

হ্য-ল

ফল ভক্ষণ স্বাস্থ্যকর। প্রত্যহ একবেলা কোন না কোন ফল গ্রহণ করা উচিৎ। ফলে যে কেবল উপযুক্ত পরিমাণে লবণ পদার্থ বা ভন্ম বিদামাণ আছে তাহা নহে; ইহার স্থাদ ও অম্ল-রস পরিপাকের সাহায্যকারী। ফল গ্রহণে মুখামুত উৎপন্ন হইয়া খাদ্যের খেতসার পদার্থ পরিপাক হয় এবং ফল গ্রহণে মনের প্রসন্নতা জন্মে। এতদ্দেশে একমাত্র ফল গ্রহণের রীতি প্রচলিত আছে। কিন্তু ফল্বারা যথন থাদ্যের পরিপাক হয়, তথন ফল আহারের অব্যবহিত পরে গ্রহণ করাই যুক্তি সঙ্গত। প্রাতে ও মধ্যাহ্নকালীণ ভোজনের সহিত ফল ভক্ষণ শ্রেয়। অন্নস্থাদযুক্ত ফল গ্রীম্মকাল ব্যতীত রাত্রে গ্রহণ ব্যবস্থা করা যায় না। ফলের মধ্যে আম, কালজাম, গোলাপজাম, কলা, কমলালেবু, বাতাবিলেবু ও অস্তান্ত লেবু, পেঁপে, আনারস, আঙ্গুর, নাসপাতি, আপেল, বেদানা দাড়িশ্ব, বেল, আতা ও কিস্মিস্ উৎকৃষ্ট। নারিকেল, কাঁটাল, ফুঁটি, লিচু, থেজুর, তরমুজ, শদা প্রভৃতি ফল এপাচা। পরু পেরারা ও কুল রন্ধন করিয়া গ্রহণ করা যাইতে পারে। কামরাঙ্গা, নোড্ফল, অপক তেতুল কখনও গ্রহণ করা উচিত নহে। অপৰু কোন ফলই বাবস্থা করা ষায় না। ঠিক পক ফল উৎক্বষ্ট। যেমন অপক ফল তেমনি অধিক পৰু, দাগিধরা ও মলিন ফল নিরুষ্ট।

আম

নানা প্রকার আম আছে। তন্মধ্যে আঁশবিহীন ঈষৎ অমস্বাদ যুক্ত বোষাই, লেঙ্গরা, ফৌজলা প্রভৃতি আম উৎকৃষ্ট। আঁশযুক্ত আমের আঁশ ফেলিয়া গ্রহণ করা উচিত। আম অতিশয় স্থসাহ, মধুর ও ন্ধি। কচি আনের অন্ন ও মোরবা বিশেষ ক্ষচিকর। পূর্ববঙ্গের আমে পোকা লাগে, বাহির হইতে এই আমা কীটাক্রান্ত কিনা জানা বায় না। বিশেষ পরীক্ষা করিয়া দেখিলে ক্ষীটদন্ত আনের ছিজের স্থান নরম বলিয়া অমুভ্র করা যায়।

কালজাম

কালজাম অভিশর পাচক ও অজীর্ণের পক্ষে মহোপকারী। ইছার শির্কা (রক্ষিত রস) পেটের পীড়ায় ব্যবস্থাত হয়। কালজাম সর্ব্ জন্মে। কিন্তু মাধারণতঃ এই উপকারী ফলের গাছ রোপণ করিতে কেহই হত্ন করে না। কোন কোন গাছের জাম বড় ও স্থমিষ্ট।

কলা

রাসায়নিক খাদ্যগুণ

দাহ গুণ		মেদকারিতা গুণ—	
খেতসার ও শর্করা	>8.0	প্রোটিড ্	2.0
তৈশ	c•8	ভশ্ম	0.6
	छन	८ •५८	

কলা খাদ্যগুণে শ্রেষ্ঠ ; কিন্তু গুরুপাচ্য ও মল রোধক। অধিক কলা গ্রহণ করিলে ক্রমি বৃদ্ধি হয়। নানা প্রকার কলা আছে। তন্মধ্যে ঈ্বং অস্লুস্থাদযুক্ত মর্ত্তমান ও চাঁপা কলা উৎস্কৃত্ত। দো-আশ্মাটীতে উত্তম কলা জ্বো। মহারাজা আদিশ্রের রাজধানী রামপালের কলা বিখ্যাত।

কমলা লেবু

রাসায়নিক থাদাগুণ

দাহ্যগুণ		মেদকারিতা গুণ—	
খেতসার ও শর্করা		শ্বোটিড ্	0.6
তৈল		ভশ্ব	0.8
•	ं छल ।	⊌ ூ-8	

কমলালেব্ অতি স্বাদ্-ল্যুপথ্য, অধিবৰ্দ্ধক ও পরিপাচক ফল। পেটের পীড়ার পক্ষে ইহা বিশেষ ফলপ্রদ। পাহারিয়া চুণ প্রধান মৃতিকায় কমলা লেব্ জন্ম। ছাতক, দারজিলিকে প্রচুর পরিমাণে কমলালেব্ উৎপন্ন হয় এবং অন্তান্ত প্রদেশে রপ্তানি হয়। নাগপুরে বৎসরে ছইবার লেব্ ফলে। যে লেব্ জার্চ মাসে পাকে তাহা অতি স্থমিষ্ট কিন্তু গাহা কার্ত্তিক মাসে পাকে তাহা অতি অন্ত্রাদ বিশিষ্ট। উত্তম লেব্র ছাল পাতলা ও বাজ অন্ধ থাকিবে। হাতে ধরিলে ইহা ভারী বোধ হয়। যে লেব্র ছাল মোটা তাহা অধিক দিন ঘরে রাশা যায়।

বাতাবী লেবু

স্নিষ্ট ৰাতাৰি লেবু কমলা লেবুর ভাায় গুণ ৰিশিষ্ট। অভাভ লেবু

কাগজি ও পাতিলেবু রাসায়নিক খাদ্যগুণে প্রায় কমলা লেবুর অফুরপ। লেবুর রস মহোপকারী। ইহা বাতনাশক, অগ্নিবর্দ্ধক ও পরিপাচক এবং অজীর্ণের মহৌষ্ধ। লেবুর রস গ্রহণ করিলে শরীরের বিশাক্ত ইউরিক এসিড্ বিনষ্ট হয়।

পেঁপে

পক পেঁপে অতি সারক ও অর্শরোগীর পক্ষে মহোপকারী। উত্তম পেঁপে মাংসল, স্বপ্লবাজ বিশিষ্ট ও স্থমিষ্ট। কাঁচা পেঁপের তরকারীও উপকারী। ইহা মাছ, মাংস সহজে জীর্ণ করে। কাঁচা পেঁপের আঠাতে পেশেন নামক এক প্রকার পাচক পদার্থ বিদ্যমান থাকে।

আনারস

আনারস অতিশয় স্থাত্ত কচিকারক। গ্রহণ কালে চিবাইয়া ইহার আঁশ ফেলিয়া দেওয়া উচিৎ। বৃক্ষতলে আওতায় উত্তম আনারস জন্ম বলিয়া লোকের বিশাস। কিন্তু আওতায় আনারস স্থমিষ্ট হয় না। উত্তম আনারসের খোলা পাতলা, চক্ষু ভাসা এবং ঈষৎ অমু ও মধুর স্থাদযুক্ত। ৈতল

আঙ্গুর 🚉

রাসায়নিক খাদাগুণ

দাহাগুণ মদকারিতা গুণ— খেতসার শর্করা ১৪-৪ প্রোটিড

১-৪ ভিন্ম ০-৪

कल ६৮

আঙ্গুর অভিশর স্থাত্ও লঘুশথ্য ফল। এই মহোপকারী ফল সকল ব্যাধীতেই শপথ্য শ্বরপ ব্যবহৃত হয়। মেদকারিতা গুণেও ইহা শ্রেষ্ঠ। এই ফল এক প্রকার শর্করা ধারণ করে ইহাকে ডেক্সট্রোয বলে। ঈষ্টউদ্ধিন্ত্বারা এই শর্করা ছ্রিত্ মদিরার পরিণত হয়। এই জন্ম ইউরোশের বহুদেশে এই ফলের রস হইতে উৎকৃষ্ট মদিরা প্রস্তুত হয়। শীতপ্রধান দেশে এই ফল উত্তমরূপে ফলে।

নাশপাতি (ইং পিয়ার)

রাঁসায়নিক থাদাগুণ

দাহুগুণ ৮-০ মেদকারিতা গুণ— খেতপার শর্করা ও এসিভঁ্ ১০-৮ প্রোটিড্

खन ७· c

নাশপাতি ক্ষচিকারক, স্থসাত্ব ও সিগ্ধকর ফল। সমতল ভূমিতে ইহা সাধারণতঃ জন্মে না।

আপেল

রাসায়নিক খাদ্যগুণ

দাহশুণ
শেতসার, শর্করা ও এসিড্ ১০-০৮ প্রোটিড্
তৈল

ల.న ం.ని

0.8

0.0

>.0

母母 その。な

আপেল শীতপ্রধান দেশের ফল। রাসায়নিক খ্লাদ্য গুণে শ্রেষ্ঠ না হইলেও ইহা ক্ষতিকারক স্থিয়াত্ প্রীতিদায়ক ফল।

সপেটা

সপেটাও শীতপ্রধান দেশের ফল; কিন্তু বঙ্গদেশের মৃত্তিকার ইহা প্রচ্ছর ফলে। বাঙ্গালীর নিকট ইহা স্থাহ বোধ না হইলেও ইহা স্থিকারক ও উপকারী ফল। ইহার বাবহার সীমাবদ্ধ। ইহার প্রচলন হওয়া বাঞ্চনীয়।

পিচ

রাসায়নিক খাদাওৰ

দাহ্গুণ		মেদকারিতা গুণ—		
খেতসার, শর্করা ও এসিড্	२६'७	প্রোটড্	,	o. <i>®</i>
		ভস্ম		0.2

জল ৭৫

পিচ শীতপ্রধান দেশে উত্তমরূপে ফলে। বঙ্গদেশের মৃত্তিকারও ইহা কলিয়া থাকে। কিন্তু যে মৃতিকায় চুণের ভাগ শথেষ্ট, নাই তথায় ইহার ফল অমস্থাসযুক্ত। বাঙ্গালিদের নিকট এই ফলের ব্যবহার সীমাবদ্ধ। রাসায়নিক থাদাগুণে পিচফল উত্তম।

বেদানা

রাদায়নিক খাদ্যগুণ (রস)

দাহ্প্তণ মেদকারিতা গুণ এসিড**্ও শ**র্করা ৭°৬ প্রোটিড

বেদানার রস অতিশয় মধুর ও ভৃষ্ণেকর এবং লঘু পথা। ইহা অজীর্ণের ঔষধ। সকল ব্যাধীতেই ইহার ব্যবহার হয়। রাসায়নিক খাদ্যগুণেও ইহা উচ্চ।

দাড়িম্ব

দাড়িছ রাসায়নিক থাদাগুণে বেদানার সমকক্ষ না হইলেও ইহার অমুরূপ, কিন্তু অমু বলিয়া তত সুস্বাত্ নহে। ইহার বীজ বড় ও অধিক। কীটক্রান্ত দাড়িছ নিকৃষ্ট। বেলে দোর্যাশ চুণযুক্ত ভূমিতে মিষ্ট দাড়িছ জন্মান যায়।

বেল

বেলের সরবং উপাদের সারক-গুণ-বিশিষ্ট পাণীয়। সাধারণতঃ
এদেশে থালিপেটে বেলের সরবং গ্রহণ বাবছা ইইয়া থাকে। কাঁচা
শুদ্ধ ও পোড়া বেল আমাশার উত্তম ঔষধ। কখনও কখনও হুই বা তিন
গণ্ডা বীজ বিশিষ্ট বেল ফলও প্রাপ্ত হওয়া যায়। বন্ত বেলে অধিক
পরিমানে বীজ থাকে।

আতা

আতা উত্তম ফল। কিছু অতিশয় শীতল।

কিসমিস

শুদ্ধ আঙ্গুরের নাম ক্লিন্মিন্। কিসমিন্ সানক মুখবোচক কিন্ত তৈলাক্ত বলিয়া লঘুপথ্য নহৈ। আয়ুর্কেদ শাস্ত্র মতে ইহার বছগুণ; যথা— তৃষ্ণা, দাহ, জ্বর, খাদ, রক্তপিত্ত, ক্ষত, ক্ষর, উদাবর্ত্ত, স্বরভঙ্গ, মদাতার, মুখতিক্ততা, মুখশোষ, কাদ প্রভৃতি রোগ বিনাশকারী ও শীতল, মধুর। ইহা মাংস ও শুক্রবর্দ্ধক, বাত ও পিত্ত প্রশমক।

নারিকেল

মালা ছাড়ান নারিকেলের রাসায়নিক খাদ্যগুণ

দাহ্ গুণ		মেদকারিতা শুণ		
শ্বেতসার ও শর্করা	۵۶۰۵	প্রোটড ্	6.0	
তৈল	69-8	ভশ্ম	3.0	

112	777	कटन
2 1	L 10 N	(D) 4 1

খেতসার ও শর্করা

২.৪ | প্রোটিড্

2.8

তৈল

কিঞ্চিৎ ভস্ম

0.0

রাসাঁয়নিক খাদ্যগুণ বিচার করিলে নারিকেল ফলের রাজা। কিন্তু ইহাতে অত্যধিক পরিমাণে তৈল থাকায় ইহা অত্যন্ত গুরুপাচা। পরিপাক হইলে নারিকেল কন্ধ লিভার তৈলের মত উপকানী। নারিকেলের হ্রন্থ বা নারিকেল কেরা মিশ্রিত ডাইল ও তরকারী অতি সুস্বাহ্ন হয়। মুড়ি ও নারিকেল জক্ষণ অম্লরোগের পক্ষে উপকারী বলিয়া কথিত আছে। নারিকেল অপেক্ষা নারিকেল হ্রন্থ কিঞ্চিৎ অধিক লঘুপাচা বলিয়া বিবেচিত হয়। নারিকেলের লাড়ু অতিশয় ছপাচা। ভাবেব জলও উত্তম পানীয়। রাসায়নিক খাদ্যগুণেও ইহা হান নহে। কিন্তু, ইহা অত্যন্ত শীতল। স্বস্থ শরীরে মধ্যাহে, আহারের এক ঘণ্টা পরে, পান করিলে ইহা বিশেষ ফলকারী। ভাবের জল অম্বলের রোগীর পক্ষেও বাবস্থা করা বায়। সরসলোণা ভূমিতে উত্তম নারিকেল জন্ম। উচ্চ শুক্ষ জমিতে নারিকেল জন্ম না।

নারিকেল হগ্ধ দারা ডাল, তরকারী ও মাংস অভি স্থাদ ইইয়া থাকে।
রন্ধন শেষ ইইলে নারিকেল হগ্ধ যোগ করিতে হয়। নারিকেল কোরাইয়া
কোন পাত্রে রাখিবে। একটা নারিকেলে এক পোয়া ফুটস্ত জল
ঢালিয়া দিয়া পাত্র ঢাকিয়া রাখিতে হয়। শাতল ইহলে ছাকিয়া লইতে
হয়।

কাটাল

কাঁটালের রাসায়নিক পরীক্ষা সন্তবতঃ হয় নাই। সাধারণতঃ লোকে ইহাকে পুষ্টিকারক বলে, কিন্তু ইহা অতিশয় গুরুপাচ্য। আঁশ ফেলিয়া ইহার রস এহণ করা যাইতে পারে। কাঁটাল অনেক লোকের নিকট প্রিয়া কাঁটাল বন্ধদেশের সর্বত্ত প্রত্যুগরিমাণে জন্মে।

লিচু

লিচু মুধরোচক স্থাত্ত ফল, কিন্ত তপাচ্য। আহারের পর ৪ বা ৫টা ফল প্রহণ করা যাইতে পার। ভাগলপুরের লিচু ও মঙ্গ: ফরপুরের লিচু সর্বশ্রেষ্ঠ।

খর্জুর

রাসায়নিক খাদ্যগুণ

. [মেদকারিতা শুণ—	
1	Lane Control of the C	7.9
۶.۴	ভশ্ম	2.5
	90%	

জল ১৩৮

খেজুরের দাহওণ ধান্ত জাতীয় ধাদ্যের অমুরূপ, কিন্তু মেদকারিতা ভণে খেজুর হীন। গুরুপাচ্য বলিয়া ইহা অধিক পরিমাণে গ্রহণ করা বার না। পথ পর্যাটনের দময়ে যখন উপযুক্ত আহারের অভাব হয়, তখন খেজুরের দারা অভাব কতকটা পুরণ হইতে পারে। খেজুর আরবদেশের গুরু ভূমিতে জন্মে।

ফুটি

कृष्टि श्वक्रभेश निकृष्टे कल।

তরমুজ

তরমুম্বের জল গ্রীম্মকালে স্মিগ্মকর ও প্রীতিপ্রদ।

শসা

ইতিপুর্ব্বে তরকারীর অধ্যারে শসার থাদ্যগুণ বিচার হইয়াছে। কৃদ্যবন্ধে ইহা অতিশয় গুরুপাচ্য ও নিকুট। ভিনিগার ও পেঁয়াজ সংযোগে আহারের সময় ইহার সামাত্র পরিমাণে গ্রহণ মুখরোচক।

পেয়ারা

পেয়ারার বীচি অপাচ্য, ইহা কর্তৃক অগ্নিমান্য জন্ম। বীজ ফেলিয়া
অমরূপে রন্ধন করিয়া গ্রহণ করিলে পেয়ারা উপকারী। তাঁশা পেয়ারা
চর্বণ করিয়া রস গ্রহণ করিলে, অতি প্রীতিকর ও ফ্লচিকারক হয়।
ভাগলপুরে ও মজঃকরপুরে এক প্রকার পেয়ারা আছে তাহাতে মাত্র
একটা বীজ থাকে।

তেঁতুল

পাকা তেঁতুলের অস্ল আগ্নেয়ও ক্লচিকর। পাঁচ বা সাত বৎসরের পুরাতন তেঁতুল অস্লরোগের মহৌষধ।

সপ্তম অধ্যায়

আমিৰ খাদ্য

আমিষ ও নিরামিষ খাদ্য সম্বন্ধে সভা মানবসমাঞে চিরকাল মতভেদ আবহুমানকাল হঠতে মানুৰ আমিষ ও নিরামিষভোজী ছিল, তাহার বছ প্রমাণ বর্ত্তমান। মানবস্থীর প্রথমেই কুষি ও রন্ধনের আবিষ্কার হয় নাই। বহু পরে ও বহু গবেষণার ফলে সভ্য মানবসমাজ ক্ববি ও রন্ধনবিদ্যা আবিষ্কার করিযাছেন, এবং নানারূপ বীজ্ঞ ও মূল উৎপন্ন করিয়া, রন্ধন দারা প্রহোণোপযোগী করিয়াছেন। মানবসমা**জ** অতি শৈশবকালে বক্তকল ও মুগ্যা হারা জীবন ধারণ করিত ৰলিয়া অফুমান হয়। ফলের পরিমাণ বোধ হয় সীমাবদ্ধ ছিল। বিশেষতঃ বানর ও পাখীর প্রতিযোগিতায় ফল সংগ্রহ করা আদিম মনুষ্যের পক্ষে সংজ্পাধ্য ছিল না। স্কুতরাং মুগয়া অপরিহার্যা ছিল। যাঁহারা মনুষ্য ও বানরের গঠন দাদৃশ্য দেখিয়া মানুষ ও বানরকে ফলমুলভোজী ৰলেন ভাষাদের সহিত আমরা একমত হইতে পারি না। মানুষ ও বানরের সাদৃশ্য থাকিলেও পার্থকাও আছে। মানুষ বানরের মত পরিপাচ্য কচি পত্র ও পরিপক্ ফল সংগ্রহ করিতে পারিত, ইহা আমাদের বিশ্বাস হয় না। কেহ কেহ বলিতে পারেন যে গো মহিষ গাছে চড়িতে পারে না, তবে তাহারা কি করিয়া ভূমির ঘাস খাইয়া বাঁচিয়া থাকে ? ইহার এককথায় উত্তর এই যে বানরও ঘাদ খায় না, স্কুতরাং মাতুষ কথনও ঘাদ জার্ণ করিতে পারিত না। মাতুষ যে বানরের মত কেবল কচি পত্র গ্রহণ করিয়া পরিপাক করিতে পারিত, ইহাও বিশ্বাস-যোগ্য বলিয়া বোধ হয় না। বানরের সহিত মানুষের সাদৃগ্য সামান্ত, কিন্ত বানরের ঘনিষ্ঠ ভল্লুক জাতিয় কোন কোন স্থলে মাছই প্রধান থাদা : আমরা বানরকে নিরামিষভোজীই বা কি করিয়া বলি গ প্মধিকন্দ্ৰ

বানরের উকুন থাওয়া বোধ হয় সকলেই দেখিয়াছেন। স্বচক্ষে বানরকে ফডিং ধরিয়া থাইতে দেখিয়াছি। অভ্যাদ দ্বারা গৃহপালিত বানর মাছ মাংস্ও থাইতে শিখে। বানর পাথীর ডিম, ভীমরুল ও বোলতা ধরিয়া খার দেখিরাভি। বিশুদ্ধ নিরানিষভোজী জন্তর পারে সাধারণতঃ কুর থাকে। মাংসাশী জন্তুর হাত পায়ে শিকার ধরিবার জন্ত অঙ্গুলি আছে। क्ट बलन मांशानी बहुत अञ्चलीत कठिन, ठौक्न, पृठल नथ शांक, মহুষোর অঙ্গলীতে সূচল নথ নাই স্মৃতরাং মানুষ মাংসাশী নহে। বিশুদ্ধ মাংসাশী জম্ভর পক্ষে স্থচল নখের প্রয়োজন থাকিতে পারে কিন্তু মাহুষকে আমরা বিশুদ্ধ মাংসাশী জীব বলিতেছি না। তবে আদিম অবস্থায়, ্রাহাদের নথ যে অপেক্ষাক্ত অধিক কঠিন বা তীক্ষ ছিল, তাহাতে কেহ সন্দেহ করিবেন না। মনুষা চিরকালই অন্তান্ত জন্তু অপেক্ষা অনেক বুদ্ধিমান ছিলেন, তাহাতেও বোধ হয় কাহারও সন্দেহ নাই। স্বতরাং তাহাদের নথ স্থতীকু না হইলেও তাহা দারা শিকার ধরিতে পারিতেন না কিংবা দওদারা শিকার মারিতে পারিতেন না, এ কথা আমরা বিশাস করি না। মহুষ্য জাতিব মাংস অতি প্রিয় ছিল; তাহারা শিকার অবেষণে বছ দেশদেশাস্ত্রে গমনাগমন করিতেন। এই জন্মই পৃথিবীর সর্বত্ত মহুষ্টোর বাস। কিন্তু তুণ বা পত্রভোক্ষা জন্তর আহার সংগ্রহ করিতে বহুদূর পরিচারণ করিতে হয় না। একটা ব্যাঘ্র শিকার অন্থেষণে দৈনিক দশ কোশ পথও পর্যাটন করে, কিন্তু আহারার্থ এক নিরামিষভোজা জন্তু এক ক্রোশের অধিক স্থান অতিক্রম করে না। জন্ততত্ত্বিদগণ বলেন যে মনুযোর পাকস্থলী ও অন্তের গঠন বিশুদ্ধ নিরামিষভেক্ষৌ জন্তর ভাষে অত বৃহৎ নহে; পক্ষান্তরে মাংসাণী জন্তর অতুরূপ। বিশুদ্ধ নিরামিষভোজী ব্দত্তর একাধিক পাকস্থলী। মনুষ্টের মাংসাশী ব্দত্তর ন্তায় একটা পাকস্থলী। যে সব জন্তর একটা পাকস্থলী তাহাদের খাদ্যে অধিক পরিমাণে মেদকারী পদার্থ না থাকিলে তাহাদের দেহ রক্ষা হয় না। আর যাহাদের ছইটা পাকস্থলী তাহাদের খাদ্য অব্ধ সারবান হইলেও অধিক পরিমাণে ভুক্ত হয় এবং ভদ্বারা তাহাদের স্বাস্থ্য রক্ষা হর। মহুব্যের দক্ত আমিব ও নিরামিব-ভোজী উভয় জাতীয় জক্তর দক্তের সদৃশ। বিশুদ্ধ নিরামিবভোজী জন্তকে বিশুদ্ধ মাংসাশী করান যায় না। জাের করিয়া কেবল মাংস পাওয়াইলে ইহারা অচিরাৎ মরিয়া যায়। পক্ষান্তরে মাংসভোজী জন্ত বেমন বিড়াল কুকুরকে ভাঙ, ডাইল ও হয় খাওয়াইয়াও বাচান যায়। তবে ইহাতে তাহাদের শক্তি ও স্বাস্থ্যের বাতিক্রম ঘটে সন্দেহ নাই। সেইরূপ মহুষ্যা নিরামিবভোজী হইয়া বাঁচিয়া থাকে বলিলে যে মাংস তাহাদের অস্বাভাবিক ইহা বলা যায় না। প্রকৃতির নিয়ম অনুসারে মাংসাশী জাবজন্ত স্বভাবতঃ স্বচতুর, দৃঢ়প্রতিজ্ঞ, কর্ম্ম্য ও চঞ্চল এবং নিরামিবভাজী জন্ত ভার ও অলস বা স্বস্থির। তবে নিরামিবভোজী জন্ত জনাহারেও কন্ত সহু করিতে পারে কিন্তু মাংসাশী জন্ত তাহা পারে না। মাংসাশী জন্ত কার সময় মত আহার না জুটিলে ভুমুল কাও করিয়া তুলে।

কেহ কেহ বলেন, আমিষ ভোজনে মহুষ্যের বেরূপ শারীরিক বল বৃদ্ধি হয়, ইন্দ্রিয়াদি রিপুও প্রবল হইরা মহুষ্যকে কুকার্য্যে রত করে। দেহে বল হইলে যে ইন্দ্রিয় প্রবল হয় তাহা বোধ হয় না। বলায়ান ব্যক্তি বেরূপ ইন্দ্রিয়সংযমী হয়, ছ্র্বল ব্যক্তি সেরূপ হয় না। মহাবীর ভীয় ও অর্জুন বিখ্যাত ইন্দ্রিয়সংযমী মহাপুরুষ ছিলেন। প্রাকৃতিক জগতে দৃষ্ট হয় যে সিংহ, ব্যাঘ্র প্রভৃতি মাংসাশী জস্ত অপেক্ষা নিরামিষ-ভোজী ছাগল, বলদ বহু পরিমাণে ইন্দ্রিয়াসক্ত। যাহারা নিয়শ্রেণীর অজ্ঞ মুসলমানের ছই চারিটা কুকার্য্যের দৃষ্টাস্ত দিয়া মাংসপ্রিয় সমস্ত মুসলমান সমাজকে ব্যভিচারী বলেন, তাহাদিগকে আমরা একদেশদশী ও সংকীর্ণচেতা বলিব। নিয়শ্রেণীর বাঙ্গালী মুসলমান বাঙ্গালী হিন্দু অপেক্ষা অধিক পরিমাণে মাছ বা মাংস গ্রহণ করিতে সক্ষম হয় না, অজ্ঞতা নিবন্ধনই তাহারা অসংযত ও উচ্চুঙ্গল হইয়া পড়ে।

নিরামিষভোজী জন্ত সভাবতঃ ভীক্ন। অতি প্রকাশ্ত হস্তী দিংহ ও ব্যাদ্রের গর্জন প্রবণে ভরে বিহ্বল হইরা ইতস্ততঃ ছুটাছুটি করে। স্থলর-বনে হরিণের পাল হইতে এক কুকুরকে এক বৃহৎ হরিণ ধরিতে দেখিনাছি। কুকুরটা ছুটিয়া যেই একটা হরিণের পা কামড়াইয়া ধরিল, অমনি হরিণটা ভয়ে আড়েই হইয়া মৃতবৎ পড়িয়া গেল। কোন একটা বলদ থড় পাইয়া থাইতে আরম্ভ করিলে, তথন কেহ তাড়া দিলে, ইহাকে মুখের থড় বাতীত অন্ত থড় লইয়া পলাইতে কথনও দেখা যায় না। কিন্তু মাংসালী বিড়াল কিরপে চতুরতার সহিত খাদ্য চুরি করিয়া পলায়ন করে, তাহা হয় ত সকলেই প্রতাক্ষ করি য়াছেন। মাংসালী জন্ত সভাবতঃ দৃঢ়প্রতিজ্ঞ। স্থার্থরকার নিমিন্ত প্রাণপণে যুদ্ধ করিয়া ইহারাপ্রাণ দিতে পারে। নিরামিষভোজী জন্তবা তাহা পারে না। আর্য্য ঋষিগণ ভীকতার উপহাস করিবার স্থলে অজ ও বলিবর্দের লড়াইর উদাহরণ দিয়াছেন। শুনিয়াছি, দৌড়ের ঘোড়াকে মাংস বা মাংসের ঝোল, না থাওয়াইলে ইহারা অচিরাৎ অকর্মন্ত হইয়া পড়ে।

নিরামিষভোজী জন্ত বলিষ্ঠ হইতে পারে কিন্বা দীর্ঘজীবী হইতে পারে, স্বীকার করিয়া লইতে প্রস্তুত আছি, কিন্তু ইহারা কথনও আমিষভোজী জন্তর স্থায় স্থচতুর ও দৃঢ়প্রতিজ্ঞ হইয়া আত্মরক্ষা করিতে সক্ষম হইবে, তাহা কথনও বিখাদ করিব না। মন্থায়র পক্ষে মূর্থ হইয়া দীর্ঘজীবী হওয়া বংখনও বাঞ্চনীয় হইতে পারে না। শিকারে মন্থায় আশুবৃদ্ধি, চতুরতা, দক্ষতা ও বীয়্ত্বরৃদ্ধি হয়। এই জন্তু মৃগয়া সংসারী লোকের পক্ষে অবশ্য কর্ত্বরা।

কোন কোন ধীশক্তিসম্পন্ন ব্যক্তি জ্ঞানমার্গের উচ্চতম স্থানে উঠিয়া মাংস ত্যাগ করিয়াছেন, অথবা মাংস ত্যাগ করিতে উপদেশ দিয়াছেন। বৃদ্ধার্শের পূর্ব্বে আর্যাবর্ত্তে মাংস গ্রহণের যথেষ্ট ব্যবস্থা ছিল। এমন কি শ্রাছাদি ও বৈদিক যজ্ঞক্রিয়ার বলিদান প্রধান অঙ্গ ছিল। প্রাচীন

আর্যাগণের অতিথি সংকার মাংস বাতীত সমাধা হইত না। এই জন্ত অতিথির নাম গোম। পরবর্তা আধ্যাত্মিক উন্নতির কালে বুদ্ধদেবের বিধি অনুসারে মাছ মাংদ ভক্ষণ নিষিদ্ধ হয়। তৎপরে পুনঃ বহুসংখ্যক আর্যা মহাত্মা পূজায় বলিদানরূপে নাংস গ্রহণ প্রবর্ত্তন করেন। সংসারী লোকের পক্ষে আময় ও নিরামিষ উভয় প্রকার ভোজনই প্রয়োজন। ম্যালেরিয়াক্রান্ত বঙ্গদেশে মাগুর মাছের ঝোল অপরিহার্যা। মন্তিষ চালনায় স্থবিচ্চ বাঙ্গালির পক্ষে প্রত্যহ মৎস্ত ও মধ্যে মধ্যে মাংদের বোল ব্যবস্থা না করিলে চলিবে কেন ? স্বতরাং দেহ রক্ষা কিম্বা দেহের উন্নতি বিধানার্থ বিভিন্ন কচির ও বিভিন্ন সম্প্রদায়ের বিভিন্ন মাছ মাংস ভক্ষণ কথনও নিন্দনীয় হইতে পারে না। পূর্ব্ববঙ্গের লোক কচ্ছপ থান ৰলিয়া পশ্চিমবঙ্গের লোক নিন্দা করেন। সেইরূপ পূর্ব্ববঙ্গের লোকও পশ্চিমবঙ্গের লোকের গুগ্লী খাওয়াকেও নিন্দাজনক মনে করেন। বিহারের নিম্নশ্রেণীর লোক ইন্দুর ও ভেক ভক্ষণ করে। মুদলমান গো-মাংদ থান এই জন্ত পশ্চিমদেশে হিন্দু-মুদলমানে নিত্য কলহ ও মনো-মালিজ। "আপনা কৃচি থান।" ইহাতে অক্ত লোকের কথনও ঘুণা করা উচিত নহে। সকল দেশেই আহার ও ধর্ম সম্বন্ধে মতভেদ আছে। ইহার সামঞ্জ্যই বাঞ্চনীয়। যাহারা থাদ্যের স্বতন্ত্রতা প্রচার করিয়া এই খাদ্য-বিরোধ বুদ্ধি বা উৎপন্ন করেন, তাহাদের দ্বারা সমাজের ঘোর অকল্যাণ হইতেছে।

ইহা স্বীকার্যা বে জাস্কর খাদ্য যেরূপ নানারূপ ব্যাধির বীজ্ঞ্বারা আক্রান্ত হয়, উদ্ভিজ্ঞ থাদ্য সেরূপ হয় না। স্কুতরাং মাংস নির্বাচন বা রন্ধন সম্বন্ধে বিশেষ সাবধান হওয়া কর্ত্তবা। হ্রগ্নও জান্তব খাদ্য। ইহাতেও সামান্ত কারণে নানারূপ পীড়ার বীজ আপ্রয় করে। প্রতি বৎসর অসংখ্য শিশুসন্তান দূষিত হ্রগ্ন পান করিয়া মৃত্যুমুখে পতিত হয়। পক্ষান্তরে শিশুর উপযোগী মকাই, যব, ষই প্রভৃতি শস্তের মিহি চূর্ণের বাবস্থাও হইতেছে; তাহা বলিয়া কেহ ত্থু বর্জ্জনের বাবস্থা করিতে পারেন না। তদ্রপ পীড়ার ভয়ে কখনও মাছ মাংস অব্যবস্থা হইতে পারে না।

মৃত্র, যক্কৎ প্রভৃতি কোন কোন পীড়ায় মাংস গ্রহণ অবিধি; চিকিৎসকগণই তাহা নিদ্ধানণ করিবেন। ইহা স্বীকার্যা বে উদ্ভিজ্জ থাদ্যের
মধ্যে ডাইল মেদকারিতাগুণে মাংসের অন্তর্মপ, অথবা মাংস অপেক্ষাও
শ্রেষ্ঠ। কিন্তু ডাইলের মেদকারী পদার্থ স্থ্রাদি কঠিন পদার্থ দ্বারা
এরূপ ভাবে বেন্টিত অথবা সংবদ্ধ যে উপযুক্ত পরিমাণে ডাইল জীর্ণ
করা অসম্ভব। যত দিন পর্যান্ত উপযুক্ত পরিমাণে ডাইল জীর্ণ
করা অসম্ভব। যত দিন পর্যান্ত উপযুক্ত পরিমাণে ডাইল জীর্ণ করিবার
কোন পছা আবিস্কৃত না হয়,তত দিন মন্ত্রোর স্বাস্থ্যরক্ষার নিমিন্ত মাছ ও
মাংস অবশ্রু প্রযোজনীয়। উদ্ভিজ্জ থাদ্য দ্বারা স্বাস্থ্যরক্ষা হইলেও
বীরত্ব ও দক্ষতা প্রভৃতি মনুষ্যাত্ব প্রাপ্তির জন্ম আমিষ ভক্ষণ অপরিহার্যা।

-0-

অফ্টম অধ্যায়

মৎস্য

মৎস্য বলকারক ও শ্বন্ধার্থাদা। বিশেষ কারণ ব্যতীত বালালী প্রতাহ মৎস্য প্রহণ করিয়া থাকেন। মৎস্য ব্যতীত বালালীর আহার কিছুতেই তৃপ্তিকর হয় না। অসংখ্য নদ নদী, খাল, নালা, পুকুর পরিপূর্ণ বঙ্গদেশে ধনী নিধ্ন সর্ব্ধ বালালীর গৃহেই মৎস্য স্থলভ। পূর্ব্ধবঙ্গে মৎস্য অপর্যাপ্ত। মৎস্যাহারী বালালী জাতি সাহসী। পূর্ব্ধবঙ্গের বালালী পশ্চিমবঙ্গের বালালী কর্ত্ক "বালালের গোঁ" উপাধিতে খ্যাত আছেন। বাস্তবিকই এই উক্তি সত্য। তাহারা যাহা করিবে স্থির করে, তাহা সমাধা করিতে প্রাণপণ করিতেও ইতস্ততঃ করে না। পূর্ববঙ্গের বালালী আনায়াসে বৃহৎ নদী সাঁতার দিয়া পার হইতে পারে, অনায়াসে কর্দমাক দার্ঘ পথ লগ্নপদে চলিয়া যাইতে পারে। তাহারা সারাদিন জলর্ষ্টিতে ভিজিয়া প্রফুলচিত্তে ক্রম্বিকার্য্য করে। তাহারো সারাদিন জলর্ষ্টিতে ভিজিয়া প্রফুলচিত্তে ক্রমিকার্য্য করে। তাহাদের কিছুতেই তৃঃখ ক্লেশ লাহ। তাহাদের জনি উর্ব্রেতার আকর—বিনা সারেও প্রচুর শস্ত্র প্রদান করে। তাহাদের ঘরে ভাত আছে; আর খাল নালায় মাছ আছে। মাছ ধরায় অলসতা দূর হয় ও চতুরতা বৃদ্ধি হয়। মৎস্তভোজী বলিয়৷ বালালী চতুরতা ও কার্যাক্ষমতায় স্থবিখ্যাত।

মৎস্থে জিলেটিনের ভাগ অধিক থাকার ইহা সাধারণতঃ মাংসের মত স্থপাচ্য নহে। তবে শিঙ্গি, মাগুর, বাটা, মৌরলা প্রভৃতি মৎস্থা লঘুপাচ্য ও রোগীর পথ্য। ক্বঞ্চবর্ণ বিশিষ্ট মৎস্থের তৈলের অধিকাংশ চর্ম্মের
সহিত সংলগ্ন, স্মৃতরাং ছাল বাদ দিয়া গ্রহণ করিলে ইহারা অতি লঘুপাচ্য
হয়। সাধারণতঃ শঙ্কবিহীন মৎস্থের ছালে তৈলের অধিকাংশ ভাগ
অবস্থান করে।

ट्यानकात्रिका खर्ण माधात्रण कः मर्थ माध्यात्र ममक्य ना इहेरलङ

বঙ্গদেশীর কোন কোন মংস্থ মাংস অপেক্ষা হীন হইবে না। তৈলাক্ত মংস্থ সহজে জীর্ণ করা যার না। তৈলাক্ত মংস্থ মাত্রেই শ্লেমানাশক কিন্তু শুক্ষণাচ্য। শল্কবিহীন মংস্থ মাত্রের একটা প্রধান কাঁটা থাকে। ইহাতে তৃষকাঁটা থাকে না। ছোট ছোট শল্কবিশিষ্ট মংস্থে অত্যধিক কাঁটা থাকে।

আমরা নিমে সারেন্স এসোসিয়েসন দারা পরীক্ষিত বন্ধদেশীয় কতিপয় মৎস্থের রাসায়নিক খাদ্যগুণ, প্রীযুক্ত চুনীলাল বস্থ রায় বাহাত্রের "খাদ্য" হুইতে পুনুমু দ্রিত করিলাম।

মৎক্ষের নাম	শ্বেতসার	শর্ক রা	তৈল	প্রোটিড	ভস্ম
মিরগেল (ছাল, কাঁটা	বাদে)	0	0.0	34.0	>.0
মাগু র	• • •	·•• o	c.¢	3-66	2.0
টেংরা	•••	0	0.0	>9• 2	2.0
গলদা চিংড়ি (মুড়া বা	टम्)	0	0.6	> 4.3	۵۰۵
মেডিকেল কলেজের গ	ারী ক্ষিত				
কু ট (ছাল ও কাঁ	টা বাদে)	0	9•8	39.6	•••
আমেরিকার ক্ববিবিভা	গ শ্বারা	পরীক্ষিত			
মৎস্থ (গড়)		0	२•६	2006	>.0
চিংড়ি শা ছ	•••	0.2	0.9	6.9	O.p.
কাঁকড়া	•••	0•७	6.0	9.5	3.0

সায়েল এসোনিয়েনন ও মেডিকেল কলেজ দারা পরীক্ষিত ফলের সহিত আমেরিকার ক্লয়ি বিভাগের পরীক্ষার ফলের সহিত তুলনা করিলে দেখা যায় যে এতক্ষেণীর মৎস্তে অধিক পরিমাণে প্রোটিড থাকে। কিন্তু আমাদের নিকট সায়েল এসোনিয়েনন ও মেডিকেল কলেজের পরীক্ষা সন্দেহজনক বলিয়া বিবেচিত হয়।

আহারের জন্ম তাজা মাছই ব্যবস্থা করা যায়। অভাবে লোণা.

শুক্ষ ও টিনে রক্ষিত মংশু ব্যবহাত হইতে পারে। লোগা ও শুক্ষ মংশু শুক্ষপাক। অসাবধানতার সহিত রক্ষিত টিনের মংশু বিক্কৃত ও অস্বাস্থা-কর হইয়া থাকে।

তাজা মৎস্থের ফুল্কা লাল ও চকু উজ্জল। টিপিলে ইহা নরম ৰলিরা বোধ হইবে না, কিম্বা ইহাতে কোন খারাপ গন্ধ থাকিবে না।

রোহিত মৎস্থ

রোহিত মৎস্তের প্রধান। ইহা যেমন বলকারক, তেমনি স্থসাত্ত, কিন্তু গুরুপাক। ইহার পোণা লঘুপাচ্য। রোহিত মৎস্তের মুড়া মস্তিষ্ক রোগের পক্ষে বিশেষ হিতকারী বলিয়া খ্যাত।

মিরগেল

বৃহৎ মৎস্থের মধ্যে রোহিতের পরই মিরগেল মৎস্থ স্থাদ্য ও প্রিয়।

কাৎলা

কাৎলা মাছ রোহিত ও মিরগেলের ভার স্থস্বাত্ নতে। কিন্তু ইহার মুড়া রোহিত মিরগেলের ভারে ফলকারা।

इलिम

ইলিস মাছের মত স্থস্বাত্ত জার কোন মাছ নাই। অত্যধিক পরিমাণে তৈল থাকায় ইলিস অত্যস্ত গুরুপাক।

ভাঙ্গন্

সমুদ্রের নিকটবর্ত্তী লবণাক্ত জলে ভাঙ্গন মাছ প্রাপ্ত হওয়া যায়। ইহা অত্যস্ত তৈলাক্ত ও স্থস্মাত্ন।

ভেট্কি

ভেটকি মাছ সমুদ্রের নিকট লবণাক্ত ব্যংল জন্মে। ইহাতে অধিক কাঁটা থাকে না। বৃহৎ ভেটকি তৈলাক্ত ও স্বস্থাত্ব।

আড় মাছ

আড় মাছ বড় হইলে তৈশাক্ত ও স্থাত হয়। ইহাতে এক প্রকার গন্ধ অমুভূত হয়। শব্দীন শুল্রবর্ণের সমস্ত মংশ্রেই অল্লাধিক গন্ধ অমুভূত হয়।

বোয়াল

বোয়াল মাছ বৃহৎ আকার প্রাপ্ত ও তৈলাক্ত হয়। অনেক লোকের নিকট বোয়াল মাছ প্রিয়। কিন্তু অনেকেই বোয়াল মাছকে কুপথ্য বলেন। তৈলাক্ত বলিয়া বোয়াল গুরুপথ্য সন্দেহ নাই। আয়ুর্বেদ শাস্ত্র মতে ইহা শ্লেমাবর্দ্ধক। অধিক তৈলাক্ত বলিয়া ইহা শ্লেমানাশক না হইয়া শ্লেমাবর্দ্ধক কিরূপে হইবে ঠিক বুঝিতে পারা যায় না। ঘুত ও তৈল শ্লেমা নাশকর।

শিলং বা ঢাইন

শিলং মাছ বোয়াল অপেকাও বৃহৎ হয়। বৃহৎ শিলং মাছকে ঢাইন ৰলে।

চিতল

চিতল মাছ বিলক্ষণ বড় হয়। ইহাদের এক জাত ছোট, তাহাকে ফলি বা ফলাট বলে। চিতল ও ফলি মাছে বিলক্ষণ তৈল আছে। অত্যধিক কাঁটা থাকা প্রযুক্ত চিতল ও ফলি মাছ আহার করা কট্টকর। কিন্তু পেটির মাছে ছোট কাঁটা থাকে না। আন্ত কাচা মাছ হইতে কাঁটা ফেলিয়া দিয়া রহ্ধ করা যাইতে পারে।

মাগুর

মাগুর মৎস্থ লঘুপাচ্য বলিয়া খ্যাত ও রোগীর পথ্য।

শিঙ্গি

শিকি মৎস্থ মাগুরের স্থায় গুণবিশিষ্ট।

কই

শহ্বিশিষ্ট কুদ্র মংশ্রের মধ্যে কই শ্রেষ্ঠ। কই মংশ্র বান্ধালীর অতি প্রিয় থান্য।

চিংড়ি

চিংড়ি মাছ অতি মুখপ্রিয় কিন্তু গুরুপথ্য। ইহার স্থপন্ধ প্রীতি-দায়ক। গুলুদা চিংড়ির মুড়ার স্থায় স্থায় খাদ্য বিরল।

কাঁকড়া

কাঁকড়া অতিশয় ছুপাচ্য কিন্তু সুসাহ। শুদ্ধ মৎস্থ

শুক্ষ মৎস্যের গন্ধ অতিশয় অপ্রীতিকর। রন্ধন করিলে ইহার গন্ধ থাকে না। শুক্ষ মৎস্য ছম্পাচ্য।

লোণা মৎস্থ

লোণা মৎস্যও গুরু মাছের মত গুরুপাচ্য।

দশ্ধ মৎস্থ

দগ্ধ মৎস্য লখুপথ্য। সগ্ধ করিলে আমিষ-গন্ধ বিদ্রিত হর। এই নিমিত্ত অশৌচাদির জন্ত দীর্ঘকাল মৎস্যাহার না করিলে প্রথমে দগ্ধ মৎস্ত খাইবার বিধি আছে।

নবম অধ্যায়

মাৎস

মাংস অতি লঘুপাচ্য থান্য। অনেক মশলা ও দ্বত সংযোগ করিয়া রন্ধন করিলে মাংস গুরুপাচ্য হয়। সিদ্ধ মাংস কিঞিৎ রাই বা মরিচ সংযোগে আহার করিলে শীঘ্র পরিপাক হয়। দগ্ধ মাংসও স্থপাচা। পশুর মাংস অপেকা পক্ষীর মাংস সহজে জীর্ণ হয়। কাচা মাংসের রসের স্তায় লঘু পাচা পথ্য আর নাই। অক্ত কোন পথ্য যথন রোগী জীর্ণ করিতে অক্ষম হয়, তখন সে কাচা মাংসের রদ পরিপাক করিতে পারে। উত্তাপে প্রোটিড্ জমাট হয় এবং সুস্থ ব্যক্তির পাকস্থলীর রস ইহাকে তরল করিয়া জলের সহিত দ্রব করিতে পারে। অত্যধিক তাপে পরু ভাজা জিনিষ অতিশয় গুরুপাচ্য হয়। বাাধিগ্রস্ত জন্তুর মাংস কখন ও গ্রহণ করা উচিত নয়। মুগয়ালক মাংস অতি উপাদেয় ও স্বাস্থাকর। কচি পশুর মাংস স্থপাচ্য হইলেও খাদ্যগুণে উচ্চ নহে। পূর্ণ যৌবন প্রাপ্ত মন্তপুষ্ট পশুর মাংস (যাহাতে চর্কি উৎপন্ন হইয়াছে) ইউরোপ ও মার্কিনদেশে শ্রেষ্ঠ বলিয়া গৃহীত হয়। ফচি পশুর মাংসে চর্ব্বির ভাগ অতি সামান্ত। স্বস্ত দেহবিশিষ্ট লোকের পক্ষে চর্ব্বিও অতি প্রয়োজনীয় খাদ্য। বলা বাছল্য যে তৈল অপেক্ষা চর্ব্বি ও দ্বত অধিক পরিমাণে জীর্ণ করা যায়। অহুত্ব লোক ঘুত চর্ব্বি পর্যান্তও হজম করিতে পারে না। তাহাদের পক্ষে কচি পশুর মাংস ব্যবস্থাই যুক্তিযুক্ত। যুক্তরাজ্যের ক্লবি ৰিভাগ দ্বারা প্রকাশিত বিবরণী পাঠে জ্ঞাত হওয়া যায় যে কচি পশুর মাংসে প্রোটিডের ভাগ কিঞ্চিৎ অধিক। মেডিকেল কলেজ ছারা পরীক্ষিত ছাগমাংসে (সম্ভবত: ইহা ছাগ-বৎস) শতকরা ২৪ ভাগ প্রোটিড প্রাপ্ত হওয়া গিয়াছে। বদিও এই পরিমাণে মেদকারী পদার্থ অভাধিক ৰলিয়া বোধ হয়, তথাপি নি:সন্দেহে বলা যায় যে মেদকারিভা

গুণে কচি পশুমাংস শ্রেষ্ঠ। কিন্তু দাহুগুণে ইহা নিকুষ্ট। পকান্তরে ষদি একটা পশু এক বৎসর কাল অধিক পুষিয়া চতুগুঁণ অধিক মাংস বা मूना श्रीश रुष्या यात्र, जर्द जारारे क्रुयरकत कर्छवा। याराता यर्थन्त পরিমাণে অনুবারুটী গ্রহণ করিতে পারেন না, কিম্বা বাহারা যথেষ্ট পরিমাণে ডাইল জীর্ণ করিতে পারেন না, তাহাদিগের পক্ষে মাংস ও মাছ অপরিহার্য। যাহারা যথেষ্ট পরিমাণে ভাত, ডাইল ও রুটা জীর্ণ করিতে পারে (অর্থাৎ দৈনিক ১০০ তোলা চাউল এবং ১০ তোলা ডাইল) তাহার৷ এই সকল খাদা হইতে প্রয়োজনীয় মেদকারী উপাদান প্রাপ্ত হইতে পারেন। অন্তথায় মেদকারী উপাদানের জন্ম তাহাদিগের অপেক্ষাকৃত অধিক সারবান খাদ্য অবশ্য গ্রহণ করা কর্ত্তবা। অসার খাদ্য হইতে উপযুক্ত পরিমাণে মেদকারী উপাদান গ্রহণ করিতে হইলে অধিক পরিমাণে খাদ্য গ্রহণ করিতে হয়, তাহা স্বাস্থ্য রক্ষার অস্থুমোদিত হয় না। যে ঘোডা দানা খায় তাহাকে দানার বদলে অধিক পরিমাণে অসার ঘাদ থাওয়ান প্রয়োজন। অধিক ঘাদ হইতে যথোপযুক্ত মেদকারী খাদ্য প্রাপ্ত হইলেও ঐ ঘোড়ার উদর অনতিবিলম্বে এমন স্থূল হট্যা পড়ে যে ইহার কার্য্যক্ষমতা হ্রাস হয়; এবং দ্রুত গমনের ক্ষমতা থাকে না। স্কুতরাং দেখা যায় যে কেবল উপযুক্ত পরিমাণে শাহ্য ও মেদকারী উপাদান প্রাপ্ত হইলেও যথেষ্ট হইল না ৷ ইহাদের সামঞ্জয়ও ৰাকা আৰম্ভক। মাছ ও মাংস গ্রহণে শরীরে ইউরিক এসিড নামক এক প্রকার বিযাক্ত পদার্থ উৎপন্ন হয়। তলিবারণার্থ যথেষ্ট পরিমাণে লেবুর রস, তদাভাবে, অন্তান্ত অম্বল গ্রহণ করা কর্ত্বা।

স্তর্কতার সহিত মাংস রক্ষা না করিলে মাছি অনেক রোগের বীজ আনিয়া সংলগ্ন করিয়া দের। কাচা মাংস রন্ধন করিলে অগ্নির উত্তাপে ঐ বীজ ধ্বংস হয়; কিন্তু রন্ধন করা মাংস এইরপে দূ্বিত হইলে তন্থারা অনিষ্ঠ হইবার সম্ভাবনা।

পশু হত্যা করিয়া ছাল ছাড়াইরা ঝুলাইরা রাখিলে মাংস অধিক সমর
পর্যান্ত ভাল থাকে। ইহাতে কাঠের করলা চুর্ণ দিরা রাখিলে আরও
অধিক সমর পর্যান্ত ভাল থাকে। মাংস ছোট ছোট করিয়া কাটিবার সমর
ঐ করলার গুঁড়া ফেলিরা দিতে হর। নানারূপ মাংসের রাসারনিক
খাদ্যগুণ নিমন্থ তালিকার প্রকাশ করা গেল। আমেরিকা যুক্তরাজ্যের
কৃষি বিভাগের কর্ত্তপক্ষণণ বারা পরীক্ষিত:—

	চৰ্বি	প্রোটিড্	ভস্ম	करा	
মেষ (স্থুল) পাছা	38-9	>6.5	0.4	¢>-<	
ছিনা	₹8.€	>>.0	0.9	80	
নেক্সৰ ও	२४-०	>0-€	0.9	82.0	
পাৰ্য	***	70.4	0.6	٥٠٥	
মেষ শাৰক					
পাছা	20.6	>4.9	0.9	@ ? • >	
পাৰ্য	29.2	>4-8	0.4	84.4	
ৰলদের মাংস					
ব্ৰ-মাংস (ৰাসী, সুল) পাছা	24.0	>4.8	0.9	48-0	
ছিনা	>9.€	> 4 - 4	0.9	89.7	
মেরুদ্	29.6	>6.>	6.0	€5.€	
পার্থ	>>0	29.0	0.9	€७•२	
বৃষ (ৰৎস) পাছা	6.6	>4.5	0-1	65.2	
পাৰ্ব	>>-0	>4.8	0.4	64->	
बत्राह (जून)	26.9	>0.€	0.4	P0.0	
কচ্ছপ (খোলার সহিত)	>-9	8-2	0-2		
পক্ষী	১२ •७	30.9	0.9	89-0	
মেডিকেল কলেজ খারা পরীক্ষিত					
ছাগমাংস (শাৰক)	२•६	₹8.0	۶۰ ٤		

মেষমাংস

পৃহপালিত পশুর মধ্যে মেষমাংস সাধারণতঃ সর্বোত্তম। ইহাতে ছাগমাংসের স্থার কোন গন্ধ নাই। খাদী ভেড়ার মাংস পাঠা ভেড়ার মাংস অপেকা অধিক স্বস্থাত।

উত্তম মেৰমাংস ক্লকাভাযুক্ত ঘোর রক্তবর্ণ বিশিষ্ট ছইবে। ইহার পারের উদ্ধিভাগে যথেষ্ঠ পরিমাণে চর্লিব থাকিবে। চারি বা পাঁচ বংসর বয়স্ক খাসী ভেড়ার মাংস সর্ব্বোত্তম। মেষণাবকের মাংস ফেকাসে রক্তবর্ণবিশিষ্ট।

মেরুদণ্ডের পশ্চাৎ অংশ (কোমর) সর্বাপেকা উত্তম খান্য। ইহার পশ্চাতের পদের উপরিভাগও উত্তম। মেরুদণ্ডের অপরাংশ ও ছিনা তৎপর উত্তম।

ছাগমাংস

অল্ল বয়ক ছাগ মাংদ বান্ধালীর অতিশর প্রির থান্য। লবুপাকের জন্ত এই মাংদ বিখ্যাত। ইহার মাংদ কেঁহাদে রক্তবর্ণবিশিষ্ট। পশ্চিম দেশীয় লোক চর্বিযুক্ত খাদীর মাংদই পছন্দ করে। কিন্তু ইহার মাংদে এক প্রকার গন্ধ অনুভূত হয়। বৃদ্ধ পাঠার মাংদ অখান্য। ইহার বর্ণ ঘোর কেঁকাশে বর্ণযুক্ত। তাজা মাংবু টিপিলে ইহা তবরিয়া থাকিবে না, কিন্তা নরমন্ত বোধ হয়।

রুষমাংস

পাঁচ বা ছন্ন ৰৎসর বন্ধস্থ খাদীকরা বলদের মাংস উত্তম বলিয়া বিবে-চিত হন্ন। উত্তম মাংস চর্ব্বি সংযুক্ত রক্তবর্ণ বিশিষ্ট; চর্ব্বির বর্ণ শুক্র হুইবে।

যাহারা সর্ব্ধ প্রকার মাংস গ্রহণ করিয়াছেন, তাহারা এইরূপ বলদের মাংস অন্তান্ত পণ্ডর মাংস অপেকা উত্তম বলেন। - হলুদে বর্ণ চর্বি বিশিষ্ট মাংস নিকুষ্ট। ইাড়ের মাংস নিকুষ্ট। ইহা ঘোর কৃষ্ণাভা বিশিষ্ট রক্তবর্ণ যুক্ত। স্থলভ বলিয়া ইউরোপে সর্বাপেক্ষা অধিক পরিমাণে বুষের মাংস ব্যবহৃত হয়। ইউরোপ ও আমেরিকায় কদাচিৎ গাভীর মাংস খাদ্যরূপে গৃহীত হয়। তাহারা গাভীকে ছগ্নের জন্ম অতিশয় যত্নের সহিত লালন পালন করে। গাভার গৃহ কত পরিষ্কার ও পরিষ্ক্র। আর এতদেশে গাভীর কি হুরাবস্থা। ইহাদের আহারের অব্যবস্থার কথা বর্ণনাতীত। দানা তো দুরের কথা,ঘাদ ও উত্তম জল পর্যান্তও মিলে না। গাভীর বাদগৃহ হুর্গন্ধমন্ত্র অস্থান, তথার মাতুষ ভিষ্ঠিতে পারে না। গাভীর দেহ ময়লায় পূর্ণ। এমন গাভীর হ্রগ্ধ কখনও নিরাপদ হইতে পারে না। এতদেশেকত অসংখ্য শিশুসম্ভান এই ছবিত ছগ্ধ পান করিয়া কালগ্রাদে পতিত হয়। পরিতাপের বিষয় এই যে গোখাদক ইউরোপীয় জাতিদিগের নিকট যেরূপ গাভীর যত্ন তাহার শতাংশের একাংশ যত্নও এতদ্বেশীয় গাভী হিন্দুদিগের নিকট হইতে প্রাপ্ত হয় না। ইউরোপে দিন দিন গোজাতির উন্নতি বিধান হইতেছে, আর এদেশে গোজাতি অবনত ও সংখ্যায় হ্রাস হইতেছে।

বরাহমাংস

ইউরোপীয়গণ ও নিমশ্রেণীর হিন্দুগণ বরাহ মাংস গ্রহণ করিয়া থাকে। বর্তুমান কালে বেরপ হিন্দুগণ গোমাংস স্পর্শ করা মহা পাপ মনে করেন, মুসলমানগণ বরাহ মাংসকেও সেইরপ মনে করেন। হত্নের সহিত গৃহপালিত পশুর মাংস উত্তম, আর অবত্বে পালিত পশু—যাহারা মাঠে বাহা পায় তাহাই থায়—তাহার মাংস নিক্ষট। ক্লম বরাহ মাংস গ্রহণ বিপজ্জনক। বস্তু বরাহ মাংস অতি উত্তম বলিয়া কথিত হয়।

কচ্ছপ

কছেপের মাংস অতি উপাদের খাদ্য ও লঘুপাক। কাঠাদুর নামক

কছেপ সর্কোন্তম। প্রত্যহ ইহার মাংস প্রহণ করিলে রক্তপিত্ব ব্যাধি আরোগ্য হয়। কঠিছিরের পূর্ত উচ্চ ও বুকে হলুদে ও কাল দাগ আছে।

হিন্দুশাস্ত্রে করেক প্রকার পঞ্চনখী জন্তর মাংস এহণ করিবার ব্যবস্থা আছে। ইহাদের মাংস অতি উত্তম।

ভক্ষণীর পঞ্চনথা—শশক (খরগোস), শল্পকী (শজারু), গোধা (গোসাপ), খড়গী (গঞার), কুর্মান্চ (কছ্স) পঞ্চনঃ। ইতি স্থৃতিঃ।

পক্ষীমাংস

পক্ষীয়াংস অতি স্থস্বাছ ও স্থপাচ্য। খাদ্যের জন্ম নানা জাতীর কুকুট, হংস, পাররা, বটর, হরিকেল প্রাভৃতি শ্রেষ্ঠ। বৃদ্ধ কিম্বা সদ্যজাত পক্ষীর মাংস নিকুষ্ট।

মেটিলি

মেটিলি মুখরোচক কিন্তু গুরুপাচ্য। অনেকে ক্লগ্নব্যক্তিকে মাংস দেন না, কিন্তু মেটিলি গ্রহণ করিতে দেন। এই ব্যবস্থা অসমত।

মাংস রন্ধন

স্থান্থ ব্যক্তির জন্ত নিম্নলিখিত প্রণালীমত মাংস রন্ধন করিলে বিশক্ষণরূপ স্থাহ ও স্থাচ্য হয়।

মাংসে পরিমাণ মত মদলা দিরা উত্তমরূপে মাখিবে। এক সের মাংসে এক ছটাক পরিমাণ দধি বা অর্ক্স্ছটাক পরিমাণ লেবুর রস যোগ করিলে জাল হর। মাখার এক ঘণ্টা পরে এক ছটাক ত্মত রহ্ধন পাত্রে দিরা উত্তপ্ত করিবে এবং ইহাতে ছইটা তেজপত্র ছাড়িয়া দিয়া নাড়িয়া চাড়িয়া মাংস কসিবে। তৎপরে ইহাতে ছই সের জল দিয়া সিদ্ধ করিবে। সিদ্ধ করিতে ছই ঘণ্টার অধিক সময়ের প্রয়োজন হয় না। অল্লবয়য়্ম খাসি পাঠার মাংস এক ঘণ্টা হইতে দেড় ঘণ্টার মধ্যে সিদ্ধ হয়। টিপিলে বখন হাড় হইতে মাংস ছাড়িয়া আসে তথ্ন মাংস সিদ্ধ হয়। ছবিতে ছইবে।

মাংস অধিক সিদ্ধ করা অনুচিত। সিদ্ধ শেষ ছইলে ইছাতে কিঞ্চিৎ গ্রম মশলা ও নারিকেলের হগ্ধ যোগ করিয়া নাড়িয়া চাড়িয়া মাংস নামাইবে।

অক্স প্রণালীমন্ত, মাংস্ প্রথমতঃ ত্বতে না ভাজিয়া জলে আর্ক সিক্ষ করিতে হর। পরে ত্বতে পরিমাণমত আন্ত গরম মশলা, তেজপত্র প্রভৃতি ভাজিয়া ইহাতে ঝোল বালে মাংস দিরা কসিবে ও নারিকেলের হ্র্য় দিয়া নাড়িবে, এবং ইহাতে মাংসের ঝোল ঢালিয়া পাত্র ঢাকিয়া দিবে। মাংস্ সিদ্ধ হইলে নাবাইবে। এই মাংস অতি স্থাহ্ কিন্তু অপেকাক্ষত শুক্ষ-পাচ্য। অধিক গরম মশলা ও ত্বত দিলে ইহা আরও অধিক গুক্ষপাক হয়।

कांग्रेटनिंग

স্থ শরীরে কাটলেটপ্ত উত্তম স্থপাচ্য খাদ্য। ছাগ বা মেবের শির-দীড়া বা ঘারের মাংস কাটলেটের জন্ম উত্তম।

व्यथम व्यगानी-

প্রত্যেক কটিলেটের এক পার্শ্বে এক ধঞ্চ হাড় থাকিবে এবং উত্তর দ্ধান কুচি কুচি করির। লইবে। এই কুচি মাংস পরস্পর সংযুক্ত থাকিবে এবং এক চতুর্থ ইঞ্চি পুরু পাতলা করিবে এবং ইহাতে লবণ ও মশলা দিয়া লইবে। তৎপরে উত্তপ্ত দ্বতে মৃত্ উত্তাপে কির্ৎক্ষণ সিদ্ধ করিবে কিন্তু ভাজিবে না। তৎপরে ইহা নাবাইরা শীতল হইলে ভিষের কেটান কুন্তম ইহাতে লাগাইবে ও তৎপরে ইহার উপর কিঞ্চিৎ বিনৃক্ট চুর্ণ (অভাবে স্থলী) দিয়া দ্বতে ভাজিরা লইবে।

দিতীয় প্রণালী-

প্রথমতঃ মাংস সিদ্ধ করিয়া লইতে হয়। শীতল হইলে এই মাংস পূর্বের মত কুচি কুচি করিয়া কাটিয়া মশলাদি বোপ করিয়া পাতলা কাটলেট প্রস্তুত করিবে, পরে ইহার উপর ডিম্বের ফেটান কুল্লম এবং বিচকুটের শুঁড়া বোগ করিয়া স্থতে মৃত্ তাপে ভালিবে। অভাবে স্থলী দিলেও চলে।

PS

মাংস কাটলেটের মত কুচি কুচি করিয়া কাটিয়া মসলা লবণ প্রভৃতি বোগ করিয়া মাধিবে। সিদ্ধ মাংসও এইরূপে কাটিয়া লওয়া বাইতে পারে। পরে দ্বতে কিরৎক্ষণ মৃত্ব উত্তাপে সিদ্ধ করিবে। অন্ত দিকে আলু সিদ্ধ করিয়া কাই প্রস্তুত করিবে। ইহাতে কিঞ্চিৎ অন্তলী বা এরোক্লট, লবণ ও অন্তান্ত মসলা, পেঁয়াজের রস বোগ করিয়া মাধিয়া লইবে। এবং ইহার দারা কোষ করিয়া ইহার মধ্যে পূর্বোক্ত মাংসের কুচি পুরিবে। তৎপরে ঘুতে ভাজিতে হয়।

দশম অধ্যায়

ডিহ্ব

ভিষ লঘূপথা। ভাজা ও অধিক সিদ্ধ ডিম্ন অপেক্ষাকৃত অধিক গুরুপীচা হয়। আর্দ্ধান্ধ ডিম অর্থাৎ ফুটস্ক জলে তিন বা চারি মিনিট রাথিয়া (কিঞ্চিৎ লবণ ও মরিচচুর্ণ সহযোগে) গ্রহণ করিলে অতি লঘুপথা হয়। ফুটস্ক জলে এক মিনিট রাথিয়া ডিম্ন ভক্ষণ করিলে, ইহা অতি অক্সসময়ের (দেড্ঘণ্টার) মধ্যে জীর্ণ হইয়া থাকে। ডিম্বের খেতাংশ বা এলবুমেন * জলের সহিত মিশ্রিত হয়; এবং সেণ্টিগ্রেড্ তাপমান যন্ত্রের ৭২ ডিগ্রি উত্তাপে জমাট হয়। তথন ইহা আর জলের সহিত মিশ্রিত হয় না। ফুরাছারা ইহা গলিয়া যায় না। ক্রমাট এলবুমিনে ভিনিগার যোগ করিলে ইহা দ্রব হইয়া যায়। হাইড্রোক্লোরিক এসিডের ক্ষীণ দ্রাবণে (যাহাতে শতকরা ১ ভাগ এসিড্ থাকে—যেক্সপ পাকস্থলীর খাদ্যদ্রব্যে প্রাপ্ত হওয়া বায়) জমাট এলবুমেন দ্রবনীয় হয় না। কিন্তু পোপসিন্ যুক্ত হইলে হাইড্রেক্লোরিক এসিডের ক্ষীণ দ্রাবণই ইহাকে গলাইতে পারে।

হাঁদের ডিমে একপ্রকার গন্ধ অমুভূত হয়, মুরগীর ডিমে দেরপ কোন গন্ধ নাই। এই জন্ম ইউরোপীয়গণ মুরগীর ডিমই প্রধানতঃ প্রহণ করেন। সমভূল্য হংসভিত্ব অপেক্ষা মুরগীর ডিম্ব অধিক মেদকারক। মাছের ভিমপ্ত মুখপ্রিয় ও বলকারক। কচ্ছুপ ডিম্ব স্থাছ। কেহ কেই ভিষের খ্রোহাল (এলবুমেন) পরিত্যাগ করিয়া পীতাংশ (ইয়ক) প্রহণ করেন। মেদকারিতাগুণে খ্রোংশ পীতাংশ অপেক্ষা কিঞ্চিৎ হীন হইলেও ইহাতে শতকরা প্রায় ১০ ভাগ প্রোটিভ বর্ত্তমান ও চাউল অপেক্ষা অধিক পৃষ্টিকারক। ইহাতে তৈল কিঞ্চিৎ থাকায় ইহা অতি লঘুপথা।

কলের সহিত কিঞ্চিৎ লবণ থাকিলে এলবুনেন ত্বার জবীভূত হইয়া থাকে।

স্থতরাং দ্বেতাংশ পরিত্যাগ করা অত্যন্ত গর্হিত। ভিষের পীতাংশ অপেকারুত গুরুপাচ্য, কারণ ইহাতে অধিক পরিমাণে চর্বি বর্তমান।

গ্রন্থকারের অন্ধরোধে সাবোর ক্ববি কলেজের সহকারী রাসায়নিক শ্রীযুক্ত মন্মথনাথ ঘোষ, এম-এ করেক প্রকার ভিষের রাসায়নিক শরীক্ষা করিয়াছিলেন। তাহার ফল নিম্নে প্রকাশ করিতেছি।

মুরগীর ডিখ—

ওজন মোটামূটা খোদাবাদ ৫৪০ শ্রেণ; তন্মধ্যে খেতাংশ ২৯৮ শ্রেণ ও পীতাংশ ২৪২ শ্রেণ।

	क्ल	শোটিড্	তৈশ	ভস্ম	কক্ষরিক এসিড
শেতাংশ	P#-7	>>>	0.1	.6	.8
পীতাংশ	66.5	>6.0	২৮• 0	• .	•
উভরের গড়		>0.6			

হংস ডিছ-

ওজন মোটাম্টা খোসাবাদ ৮৪০ শ্রেণ; তল্মধ্যে খেতাংশ ৪৬৭ এবং পীতাংশ ৩৭৩।

শ্রীযুক্ত চুনীলাল বস্থ কত খাদ্য পুস্তকে সায়েন্স এসোসিরেসন দারা হাঁসের ডিম্বের বে পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে তাহাতে দেখা যায় ইহাতে বে (খেত ও পীতাংশ একত্রে) শতকরা ১৯-৫ ভাগ প্রোটিড। এই পরীক্ষার ফল সন্দেহযুক্ত বলিয়া বোধ হয়।

আমেরিকার যুক্ত রাজ্যের ক্ষমি বিভাগ দারা পরীক্ষিত কুকুট ভিদ্বের উপাদান নিয়ে প্রকাশিত হইল।

বোসা	क्ष	লোটড ্	তৈল	ভশ্ব
>>٠٤	6€.€	>0->	2.3	•>>

ডিম ধরিদ করিবার সময় দেখা উচিত বে—

- ১। খারাপ ডিম নাড়িলে পে পে শব্দ হয়।
- ই বিক্কত ভিম জলে ছাড়িয়া দিলে সোজা ইইয়া ভাসে এবং টাটকা ভিছ জলে ডুবিয়া থাকে।
- ৩। ডিন হাতের মধ্যে রাখিয়া ইহার ভিতর দিয়া আলোর দিকে

 मৃষ্টি করিলে, যদি ইহার মধ্যে কোন দাগ দৃষ্ট না হয়, তবে ঐ ডিছ টাটকা
 ব্বিতে হইবে।

ডিম্ব রক্ষা

- ১। ডিম্ব রক্ষা করিবার সহজ্ব প্রণালী এই বে টাটকা ডিম্বের ঝোসার উপরে গল্পের আটা লাগাইয়া ভূষি বা তুষের মধ্যে রাখিয়া দিলে অনেক দিন পর্যাপ্ত ডিম্ব অবিক্লত অবস্থায় রাখা যায়।
- ২। তৈলের সহিত কিঞ্ছিৎ চূণ মিশ্রিত করিলে যে আটার স্থায় মিশ্রণ হয়, ইহা ডিছের আবরণে লাগাইয়া রাখিলে অনেক দিন পর্যান্ত ডিম উত্তম থাকে।
- ০। তিনদের চুণ এক পোয়া লবণ ও এক আউন্ধ ক্রিম-অব্টার্টার্ Cream of tatar একটা মাটির গামলার রাধির। আট বা নর
 সের জল ঢালিতে হইবে এবং কিয়ৎক্ষণ নাড়িতে হইবে। পরের দিন
 সভর্কভার সহিত উপরিস্থিত জল ফেলিয়া দিতে হইবে। পরে ঐ চুণের
 উপরে টাটকা ডিম্ব রাধিয়া (ইহাতে ১০০ ডিম রাধা যায়) আন্তে আত্তর
 এইরূপে বছদিন জল ঢালিতে হইবে যেন ডিম্ব জলের মধ্যে থাকে।
 এরূপ পরিমাণে ডিম্ব রক্ষা করা যার। জল কমিরা গেলে পুনরার জল
 দিতে হইবে।

একাদশ অধ্যায়

গব্য

তুর্ম

হ্বাও জান্তব খাদ্য, কারণ হ্বা জন্তর দেহ হইতে প্রাপ্ত হওয়া যায়। হ্বা ও রক্তের উপাদান প্রায় একরূপ। খাদ্যের গৃহীত অংশ দেহের অঙ্গবিশেষে হ্বা ও রক্তরূপে পরিবর্ত্তিত হয়।

হুদ্ধের উপাদানে শর্করা, নবনী, ছানা, এবং কয়েক প্রকার লবণ ভত্মরূপে অবস্থিতি করে। এই সকল পদার্থ জলে মিশ্রিত ইইরা ছুদ্ধ উৎপন্ন হয়। ভিন্ন ভিন্ন জন্তুর ছুদ্ধে এই সকল উপাদান বিভিন্ন পরিমাণে অবস্থান করে। ছুদ্ধ অভিশন্ন লঘুপথা। কেহ কেহ খালি ছুদ্ধ গ্রহণ করিতে পারেন না। তাহারা ছুদ্ধের সহিত সাগু বা বার্লি মিশ্রিত করিয়া অথবা ছুদ্ধের অহ্য প্রকার খাদ্য প্রস্তুত করিয়া সচ্ছন্দে গ্রহণ করিতে পারেন।


শিশু ও রোগীর পক্ষে তৃথ্যই এক মাত্র খাদ্য। তৃর্ভাগ্যক্রমে ভারতবর্ষে যেরপ ভাবে তৃথ্যের ব্যবদা চলিতেছে তাহা চিন্তা করিলে শরীর রোমাক্ষিত হয়। কলিকাতা সহর ও সহরতলীতে তৃথ্য দোহন করিতে গোপগণ
যে নিষ্ঠ্র প্রণালী অবলম্বন করে, তাহা পৃথিবীর কুত্রাপি দৃষ্ট হয় না।
গোপগণ গাভীর গর্ভে বাঁশের চূঙ্গা প্রবেশ করাইয়া ফুক দেয়; ইহাতে
রক্তমিশ্রিত তৃথ্য গাভীর স্তনে প্রবেশ করে। পরে গোপগণ এই তৃথ্য
দোহন করিয়া লয়। তখন গাভী যন্ত্রণায় ছট্ফট্ করিতে থাকে।
কিন্তু নির্দির গোপের প্রাণে কখনও দয়ার উদ্রেক হয় না। বলা
বাছল্য মাত্র যে এই তৃথ্য অতিশয় অস্থাস্থ্যকর। হিন্দুগণ গভীকে মাতৃত্বপে
পূজা করে। কিন্তু এই হিন্দু গোপগণ কখনও গাভীর প্রতি দয়া প্রকাশ
করে না। তাহারা গাভীদিগকে যে কিন্তুপ কদ্যভাবে রাখে তাহা

বর্ণনা করা অসাধ্য। তাহারা কদাচিৎ গোরাল্মরের মলমূত্র পরিষ্কার করে। গাভীগণ এই মলমূত্রযুক্ত ক্লেদের উপর শরন করে। এই ক্লেদ হগ্ধ দোহন কালে ছথ্যে পতিত হয়। ইহাতে ছগ্ধ বিষাক্ত ইইবে না কেন ?

रेश मण्पूर्वज्ञर्भ श्रमाणिक श्रेत्राष्ट्र य ठोरेक्ट्युफ् खत्र, करलत्रा, ধরুষ্টকার, ডিপ্থেরিয়া প্রভৃতি মারাত্মক পীড়ার বীজ-মিশ্রিত জল হুগ্নে মিশ্রণ করায়, এই সকল ব্যাধি মতুষ্য শরীরে প্রবেশ করিয়া বছ লোকের জীবন সংহার করে। বিষাক্ত জল হুগ্ধে মিশ্রিত করিলে হুগ্ধত বিষাক্ত হইবেই, এমন কি বিষাক্ত জলে চুগ্নের পাত্র খৌত করিলেও চুগ্ন বিষাক্ত হইয়া থাকে। গাভীকে বিযাক্ত জল পান ও বিযাক্ত খাদ্য গ্রহণ করিতে দিলেও ছগ্ধ বিধাক্ত হয়। এত:েদশীয় গোপ ও অস্তাম্ভ ছগ্ধ ব্যবসায়ী চাষা লোক এ বিষয়ে সম্পূর্ণ অজ্ঞ। তাহারা গাভীর খাদ্যাখাদ্য সম্বন্ধে কিছুই বিচার করে না; পরস্ক হুগ্নে ডোবা নালার দুষিত জল মিশ্রিত করিতেও ইতন্তত: করে না। অতিশয় পরিতাপের বিষয় এই যে যাঁহারা এই হ্রপ্পান করেন তাঁহারাও হুগ্নের বিশুদ্ধতা সম্বন্ধে কখনও চিস্তঃ করেন না। বিষাক্ত হ্রগ্ন পান করিয়া এতদেশীয় হাজার হাজার শিভ সন্তান পিতা মাতার অঙ্ক শুক্ত করিয়া প্রস্থান করে। যতদিন শিশু মাতৃস্তব্য পান করে, ততদিন তাহার কমল নধর দেহ দর্শন করিয়া পিতা মাতা আনন্দে পুলকিত হন, কিন্তু যেই খরিদা চুগ্ধ প্রবর্ত্তন, অমনই শিশুর অন্ধার্ণ রোণের আবির্ভাব। শিক্ষিত সম্প্রদায় ছঞ্জের ব্যবসা নিজেদের হাতে প্রহণ না করিলে কখনও এতদেশ হঁইতে এই অকাল মৃত্য তিরোহিত হইবে না।

অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ব্যতীত দুষিত কিম্বা বিশুদ্ধ হুর্থের পার্থকঃ
নির্দেশ করা যায় না। অণু বীক্ষণ যন্ত্রমুভিন্নবিধ হুগ্রের প্রতিকৃতি নিয়
স্থলে প্রান্ত হইল:—





ছ্যের উপাদান শর্করা, নবনী, ছানা, (কেজিন) এবং করেক প্রকার লবণ এই সকল পদার্থ জলে মিশ্রিত হইরা হ্যা প্রস্তুত হয়। হুয়ের উপাদান রক্তের উপাদানের অন্তর্মণ। বিভিন্ন জন্তর হুয়ে এই সকল উপাদান বিভিন্ন পরিমাণে অবস্থান করে।

ৰিভিন্ন ছ্যের একশত ভাগে কোন্ উপাদান কত পরিমাণে অবস্থান করে তাহার এক তালিকা নিম্নে প্রকাশিত হইল :—

ছুগ্ধের বিবরণ	জল	শর্করা	नवनौ	ভানা	লবণ বা ভক্ষ
নারী ছগ্ব	F3.0	8.0	2-5	۵۰٪	०•२
গাভী হ্ব	P4-0	4.0	6.0	و.ق	0•9 *
মহিষ ছ্য	10.0	ۥ0	9-2	8.0	0.4
ছাগ হগ্ন	64.0	8.0	8-0	9.6	6.9
গৰ্দভ ছ্য	20.0	e-0	>.0	২-৩	0-8

* হথ্বে ভত্মের উপাদান-

ক্যালসিয়াষ্ ককেট—	5.02	পোটাসিয়
ৰাধেনিয়াৰ্ ককেট	·084	সোডিয়াৰ্
(क्षिक क्रकड़े	*009	নোডিয়া ৰ

পোটাসিয়াস্ ক্লোৱাইড—	.>**
সোডিয়াৰ্ জোরাইড —	*0₹8
culticate attend	1088

মাতৃহ্ব অপেকাও গর্দভ হব লখুপাচা। এই জন্ম মাতৃত্বভের অভাব হইলে গর্দভ হব্ব বাৰম্বা করা যার। মহিব হব্বে অধিক পরিমাণে নবনী থাকার ইহা শিশুর পক্ষে হুস্পাচা। গাভীর হব্বেও মাতৃহ্ব অপেকা অধিক পরিমাণে নবনী অবস্থিত; এই জন্ম গভীর হব্বও জীর্ণ করা শিশুর পক্ষে কঠিন। গাভীর হব্বে সমপরিমাণে ফুটস্ত জলও কিঞিৎ ছব্ব শর্করা মিশ্রিত করিলে শিশুর পক্ষে ইহা উপযুক্ত খাদ্য হর। ছাগ্রু হ্বা সন্দি, কাশী ও পেটের পীড়ার পক্ষে উপকারী। কিন্তু ইহা মাতৃ, কিন্তু গর্মক ছার স্থপাচ্য নহে।

ৰাষ্মগুলে নানাপ্ৰকার অনৃশু জীবাণু (উদ্ভিদণু) অৰস্থান করে। ইহাদের এক জাতি, ছথ্বের শর্করা দ্বরায় বিষ্কৃত করিয়া অমুদ্ধে পরিণত করে। এই অমু, ছথ্বের ছানা গাঢ় করিয়া, ছথ্ব বিষ্কৃত করে ও ক্রমশঃ: দ্বিতে পরিণত করে। এতদাতীত আরও কয়েক প্রকার উদ্ভিদণু ছথ্ব-বিষ্কৃত করিয়া থাকে।

কলিকাতার বাসী হগ্ধ বাতীত টাট্কা হগ্ধ পাওরা হর্ষটি। হগ্ধ
বাবসারীগণ পূর্বাদিন অপরাক্তের হগ্ধ লৌহ কটাহে আল দিয়া রাশিরা
দের। পরদিন প্রাতে এই হ্যেরে সর উঠাইয়। রাখে এবং পরে উহা
বাজারে বিক্রের করে। এই বাসী হগ্ধ যে কেবল নানারূপ উদ্ভিদণু ঘারা
ছপ্ত হয় এমন নয়, ইহা কটাহে আনেকক্ষণ থাকে বলিয়া ইহাতে কটাহের
কলম্বও মিশ্রিত হয়। চা প্রস্তুত করিতে এই হ্যাধ বাবহার করিলে চা
কৃষ্ণবর্গ প্রাপ্ত হয়। কারণ চার ট্যানিক-এসিড হ্যের লৌহ সংযোগে
কালী প্রস্তুত করে। লৌহ মিশ্রিত খাদ্য অতিশর হুপাচ্য এবং ইহাতে
কোর্গ্র কঠিন করে।

গ্রন্ধ রক্ষা করিবার নিমিত্ত কয়েক প্রাকার প্রণালী নিম্নে উদ্ধৃত হইল :—

এক সের গ্রন্ধে ২০ প্রেণ বাইকার্কনেট-স্বৰ-সোদ্ধা যোগ করিলে

গ্রন্ধ স্থানকক্ষণ পর্যান্ত স্থাবিদ্ধুত স্বব্ধার ফ্লা করা যাইতে পারে।

ছগ্ধ ১৬০ ডিগ্রি (ফারেনহিট) উভাপে ১৫ হইতে ২০ মিনিট জাল দিয়া ফুটস্ত জলে ধৌত বোতলে উত্তমরূপে বন্ধ করিলে ইহা কয়েক দিন পর্যাস্ক অবিক্লত অবস্থায় রাখিতে পারা যার।

২০০ ডিগ্রি (কারেনছিট) উত্তাপে হ্রা ১৫ মিনিট জাল দিলে হ্রা
বিক্কৃতকারী সমুদায় বীজাণু বিনষ্ট হয়। কিন্তু ইহাতেও হুই একটা বীজাগ্প
জীবিত থাকে, এই জন্ম ঐ হ্রা বোতলে ভরিয়া কর্ক দারা মুখ বন্ধ
করিয়া পুনরায় ইহাকে ২২০ ডিগ্রি (ফারেনছিট) উত্তাপে ফুটস্ত জলের
নাধ্যে ২০ মিনিট রাখিতে হয়। তৎপরে জল শীতল হুইলে ঐ বোতল
বাহির করিতে হয়; নচেৎ উত্তপ্ত বোতল বাহির করিলে ইহা ফাটিয়া
যাইতে পারে। লবণ মিশ্রিত জলে বোতল উত্তপ্ত করিলে আরো
ভাল হয়। এইরূপে হ্রের জীবাণু ধ্বংস করিলে এই হ্রা বহু দিন
ভাবিক্কত অবস্থায় রক্ষা করা যাইতে পারে।

निध

দ্ধি অতিশ উপাদের থাদা। ইহা লঘুপথা, পাচক, ক্লিকারক ও বাতনাশক, কিন্তু নিশ্ধ; এই জন্ত কফ ও কাদ (ব্রহাইটিদ) রোগে ইহা সেবন অম্প্রচিত। আয়ুর্কেদ শান্তে দধির বহু গুণ বর্ণনা আছে। আয়ুর্কেদ মতে মহিষের দধি গুরুপাক; ছাগ দিধি অজীর্ণ, খাদ, কাদ ও অর্থ রোগে ফলপ্রদ বলিয়া অভিহিত হইয়াছে। ঘোল অথবা মাটা-তোলা হুগ্লের দধি অজীর্ণের মহৌষধ। দধিতে মতু থাকিলে ইহা গুরুপাচ্য হয়। মহিষ হুগ্লে অধিক পরিমাণে এবং ছাগহুগ্লে অল্প পরিমাণে মাথন থাকে বলিয়া মহিষ হুগ্ল বা দধি গুরুপাক এবং ছাগহুগ্ল বা দধি লঘু বলিয়া আয়ুর্কেদ শান্তকারগণ ব্যাধ্য। করিয়াছেন। আমাদের দেশে হাম জ্বে ও আমাশর রোগে দধি সর্কাদা ব্যবস্থাত হয়। ইউরোপীয় চিকিৎসকর্পণ টাইফরেড, নামক বিষাক্ত জ্বের, আমাশর প্রভৃতি অন্তরোগে এক্ষণে দধির ব্যবস্থা করিভেছেন। স্কৃষ্ণ ব্যক্তির মলনাড়ীতেও কলেরা, আমাশর, টাইফরেড প্রভৃতি বিষাক্ত ব্যাধির জীবাণু থাকিতে পারে। অবস্থা বিশেষে ইহারা ভরাবহও হইরা থাকে। দ্ধির জীবাণু শ্বারা এক বা ছই দিন মধ্যে এই সমস্ত বিষাক্ত জীবাণু ধ্বংস প্রাপ্ত হর। স্থতরাং এমন উপকারী স্থাদ্য দধি প্রস্তুত প্রণালী সকলেরই জানা আবশ্রক।

ঘরে ঘরে দধি প্রস্তুত করিবার নিয়ম জ্বানা আছে, কিন্তু তাহা যে প্রণালীতে প্রস্তুত হয় তাহাতে ঐ দধি সম্পূর্ণ গুণবিশিষ্ট হয় না। আমরা বর্ত্তমান প্রবন্ধে দধি প্রস্তুত সম্বন্ধে আলোচনা করিব।

হত্ত্বে এক প্রকার শর্করা থাকে, ভাহাকে হত্ত্ব শর্করা (ল্যাকটোজ) বলে। বায়ু মণ্ডলে অনেক প্রকার জীবাণু (উদ্ভিদণু) বর্ত্তমান আছে। তন্মধ্যে ল্যাকৃটিক নামক একপ্রকার জীবাণু হগ্ধ শর্করা প্রহণ করিয়া ল্যাক্টিক এসিড্ নামক একপ্রকার অস্ন প্রস্তুত করে। ইহাতেই হুগ্ধ দ্ধিতে পরিণত হয়। বায়ুমণ্ডলের ল্যাক্টিক্ এসি**ড**্জীবাণুর সহিত অক্তান্ত জীবাণুও দুগ্ধে আসিয়া অক্তপ্রকার কার্য্য করে বলিয়া বায়ুমণ্ডলের -জীবাণুর উপর নির্ভর করিলে বিশুদ্ধ দধি প্রাপ্ত হওয়া যায় না। এই জক্ত ছুগ্নে দধির জোড়ন দিয়া দধি প্রস্তুত করিতে হয়। অনেক গৃহিণী ছুগ্নে দধির জল প্রদান করিয়া দধি করেন, ইহাতে ঠিক দধি হয় না. কারণ দধির জলের অমু হুগ্ধের কতকাংশ ছানায় পরিণত করিয়া থাকে। কেহ কেহ ছুয়ে তেঁতুল দিয়া দধি করেন কিন্তু ইহাতেও দধির কতকাংশ ছান! হয় এবং ইহা দারা প্রকৃত দধি হয় না,কারণ ল্যাকটিক্ এসিড ্জীবাণু ব্যতীত প্রকৃত দধি প্রস্তুত হইতে পারে না। কেহ কেহ দধির পাত্রে হ্রন্ধ ঢালিয়া দিয়া দ্বি প্রস্তুত করেন, কিন্তু ইহাতেও খাঁটি দ্বি প্রস্তুত হয় না, কারণ পাত্রের অমুঘারা হুগ্ধের কতকাংশ ছানায় পরিণত হয়। সকলেই জ্ঞানেন যে -কাঁসার পাত্রে দধি পাতিতে নাই, কারণ ইহাতে দধির অমে কাঁসার কলঙ্ক

উঠিয়া দধি বিক্লত হয়। পাথরের পাত্রে দধি প্রস্তুত করা বাইতে পারে। নৃতন মৃৎপাত্র সর্কাপেকা উত্তম। নৃতন মৃৎপাত্রের বালী ঘসিয়া ফেলিয়া দিতে হয়। মুৎপাত্তে দধি করিতে হইলে উহা উত্তমরূপে ধৌত করিয়া অধির উত্তাপে শুষ্ক করিয়া লটতে হয়। পাথুরে কিম্বা এনামেল করা লোহার পাত্রে দধি করিতে হইলে উহাও উত্তমরূপে ধৌত कतिया नहेट इत । काँठा इट्स छेखम मधि इस ना, कारण हेटा वास-লণ্ডলের নানারূপ জীবাণু অবস্থিত থাকার ভিন্ন ভিন্ন ক্রিয়া সংঘটন হইরা থাকে। অধিক উষ্ণ অর্থাৎ ফারেন্হিট তাপমান যন্ত্রের ১০৪ ডিব্রির অধিক উত্তপ্ত বে (ছয়ের উত্তাপ আঙ্গুলে সহা হয় না) ছয়ে জোড়ন मिल मिंदित कौरान महित्रा यात्र अवः উত্তম मिंद প্রস্তুত হয় ना । जेरामास्थ অর্থাৎ মহুষ্য শরীরের সম পরিমাণ উত্তাপ বিশিষ্ট হয় দধির জীবাণুর অতিশয় প্রিয়। এইরূপ উষ্ণ দশ সের হগ্ধ নুতন মৃতিকা পাত্রে ঢালিয় অৰ্দ্ধ ছটাক আন্দান্ত দধি চুগ্ধের এক পার্দ্ধে দিয়া আন্তে আন্তেম নাড়িয়া দিতে হয়। এক সের হুগ্ধে অর্দ্ধ ভোলা পরিমাণ জ্যোড়ন দেওয়া অধিক জোড়নে ছধের কতকাংশ ছানার পরিণত হয়। তুধে জোড়ন দিয়াই পাত্র নির্দ্ধারিত স্থানে রক্ষা করিতে হয়, দধি প্রস্তুত হইবার কালীন নাড়া চাড়া পাইলে জীবাণু বাধা প্রাপ্ত হওয়ায় উত্তম দ্ধি প্রস্তুত করিতে পারে না। অস্তর্ক লোক কথনই অতি উত্তম দ্ধি প্রস্তুত করিতে পারে না। এই জন্ম গোপগণও সকলে "খাসা" দধি প্ৰস্তুত করিতে পারে না। শীতকালে অপরাহু ১ বা ২ টার সময়ে দধি ৰসান উচিত এবং ২া০ ঘণ্টা ইহা রোজে রাখিলে শীম্র দধি প্রস্তুত হয়। नक्त भी करात प्रि क्रियं विषय है । এই कारन प्रियं शास्त्र श তলায় ভত্ম রাখিলে চগ্ধ শীঘ্র শীতল হয় না এবং শীঘ্র দধি প্রস্তুত হয়। ছুধ জাল দিবার সমরে সেরকরা অন্ধ পোরা চিনি দিলে মিষ্ট দধি হইয়া থাকে। গোপণৰ খাঁট ছমে সেরকরা এক পোরা জল মিশ্রিত করিয়া

ঐ জল জাল দিয়া মারিয়া পরে দধি প্রস্তুত করে। এই ছুগ্ধে উত্তম
দধি হয়। জল মিশ্রিত না করিলে দধি আরও স্কুত্বাত্ হর, কিন্তু ইহা
অস্তুত্ব লোকের পক্ষে গুরুপাচ্য হইরা থাকে। কোন কোন গোপ
এক সের ছুগ্ধে এক সের জল মিশ্রিত করিয়া জালে ইহার কিঞ্চিৎ মাত্র
মারিয়া দধি প্রস্তুত করে। বলা বাছ্লা বে এই দদি নিকুট হয়।

উত্তম দ্ধিতে জল দেখিতে পাওয়া যায় না; এবং ইহাতে দানা দানা ছানা থাকিবে না। ইহা স্থাহ ও অন্ন মধুর। দ্ধির জীবাণু স্থন্থ শরীরেও মন্থ্যের অতিশয় হিতকারী। গ্রম দ্রব্যের সহিত দ্ধি ভক্ষণ নিষিদ্ধ, কারণ ইহাতে জীবাণুর বিনাশ হইতে পারে। দ্ধি প্রস্তুত হইলে পার এক দিনের অধিক সময় ইহা ভাল থাকে না। অত্যন্ত অন্ন দ্ধি অনুপ্রকারী। ক্রপ্ন ব্যক্তির পক্ষে দ্ধি মন্থন করিয়া মাথন তুলিয়া উহা ভক্ষণ করিতে দেওয়া উচিত।

ছানা

ছানা হথের প্রায় সমৃদ্য় সার ভাগ ধারণ করে। ছানার জলের সহিত কিয়ৎ পরিমাণে (প্রায় ই ভাগ) স্বত ও অধিকাংশ লবণ পদার্থ চলিয়া যায়। কিন্ত হথের প্রোটিড সম্পূর্ণরূপে জমাট হুইয়া যায়। ছানা নানা প্রকার মিষ্টারের জন্ম বাঙ্গালিগণ ব্যবহার করেন। ছানা মেদ-কারীপ্তণে শ্রেষ্ঠ। যাহারা মাছ মাংস এছণ করেন না, তাহাদের পক্ষে ছানা গ্রহণ অবশ্য কর্ত্ব্য।

ছানা প্রস্তুত করিতে ফুটস্ত হুধে ছানার বা দধির জল যোগ করিয়া নাড়িতে হয়। ছানা ও ছানার জল সম্পূর্ণ পৃথক না হইলে আরও ছানার বা দধির জল দিয়া জাল দিবে। তৎপরে ছানা নাবাইয়া ঠাণ্ডা করিতে দিবে। শীতল ইইলে কাপড়ে ছাকিয়া ছানা কিয়ৎক্ষণ বন্ধন করিয়া রাধিবে। মাধন তোলা হুধের ছানা শক্ত হয় ও অঙ্গুলী ছারা টিপিজে আঙ্গুলে লাগে। এই ছানা তত স্বস্তাহ হয় না। ছানাতে শতকরা ২২ ভাগ প্রোটিড ১৯ ভাগ ঘৃত এবং ১ ই ভাগ লবণ থাকে; অবশিষ্ট জল। মাখন তোলা ছানার শতকরা ২ বা ৩ ভাগের অধিক ঘৃত থাকে না।

পনিরও একরপ ছানা; ইহাতে শতকরা ৩৫ ভাগ জল, ২৬ ভাগ প্রোটিড, ৩৪ ভাগ ঘত, ২ই শর্করা ও ৪ ভাগ ভন্ম প্রাপ্ত হওয়া যায়। ছানা অপেক্ষাও পনির পুষ্টিকারক খাদ্য।

মাথন ও ঘুত

ছুগ্নের তৈলাক্ত পদার্থ কতিপর এসিডের সহিত সন্মিলিত অবস্থায় থাকিলে ইহাকে মাথন বলে। মাথন ফুটস্ত তাপে উত্তপ্ত করিলে ইহার জল ও করেক প্রকার এসিড বিশুপ্ত হয়—তাহাই মৃত। সংরাং মৃত অপেক্ষা মাথনে কয়েক প্রকার অধিক এসিড থাকে। তজ্জ্ঞ মাথন যত পরিমাণে জীর্ণ হয়, মৃত তত পরিমাণে জীর্ণ করা যায় না। এইজ্ঞ মৃত অপেক্ষা মাথন শ্রেষ্ঠ। মৃতের বদলে মাথন ভক্ষণ প্রচলিত হওয়া বাছনীয়। তবে মৃত অনেক দিন মরে রক্ষা করা যায়, মাথন সেইরূপ ভাল থাকে না। কিন্তু লবণ মিশ্রিত করিয়া রাখিলে মাথনও অধিক দিন রক্ষা করা যাইতে পারে।

তুধ হঠতে উৎকৃষ্ট মাধন প্রাপ্ত হওয়া যায় না। সদ্য প্রস্তুত দধি
চরকা দ্বারা টানিলে উত্তম মাধন প্রস্তুত করা যায়। ঔষধার্থ দিবির মাথনই
চিকিৎসকর্গণ ব্যবস্থা করেন। কিঞ্চিৎ অমু স্বাদ্যুক্ত হৃত্ম (অথবা দধি)
বোতলে করিয়া ১০৷১৫ মিনিট ঝাঁকিলে সহুজে অল্প পরিমাণে মাধন
প্রস্তুত করা যায়। ইউরোপে অনেক প্রকার মাধন তোলা কল আবিদ্ধৃত
হইয়াছে। তাহার দ্বারা হৃধ হইতে মাধন তুলিয়া লইয়া ঐ হৃত্ম রোগীর
পথারূপে ব্যবহৃত হয়।

সাথন তোলা ছগ্ধ অতি সহজে জীর্ণ হয়। মাধনে শতকরা সাধারণতঃ ১১ ভাগ জল, ১ ভাগ প্রোটিড্, ৮৫ ভাগ স্থত ও ৩ ভাগ ভস্ম থাকে। বিলাতে মাধন প্রস্তুত করিবার পূর্বে ছগ্ধ হইতে কল দারা লনী (ক্রিম) পূথক করিরা লওয়া হয়। ক্রিম তোলা ছগ্ধকেই মাধন তোলা ছগ্ধ বিলয়া বর্ণনা করা হইয়াছে। ক্রিমে শতকরা ৭৪ ভাগ জল, ১ই ভাগ প্রোটিছ, ১৮ই য়ত, ৪ই ভাগ শর্করা ও ৫ ভাগ ভন্ম প্রাপ্ত হওয়া যায়। ক্রিম তুলিয়া ১০ বা ১২ ঘণ্টা কোন পাত্রে রাখিয়া দিলে বিউটিরিক এসিড্ নামক এক প্রকার জীবাণু ক্রিমন্থ য়তকে জমাট করে। তৎপরে কার্চ নির্মিত পিপেতে (চার্ণ) বিশ বা পাঁচিশ মিনিট আবর্তন করিলে বিশুদ্ধ মাধন প্রাপ্ত হওয়া যায়। এই বিউটিরিক এসিড্ দারা মাধন লযুপাচ্য হইয়া থাকে। সরও এক প্রকার ক্রিম। ইহাতে শত করা ৫০—৬০ ভাগ জল, প্রায় ৩০ ভাগ য়ত, ৩ ভাগ প্রোটিড্ ও ৩—৪ ভাগ শর্করা। সর মাধন অপেক্রা গুরুপাচ্য। এতদেশে ছগ্ম টানিয়া গোগগণ বে মাধন প্রস্তুত করে তাহাকে বিশুদ্ধ মাধন প্রায় না। ইহাও এক প্রকার ক্রিম। দ্বি হইতে প্রকৃত মাধন প্রাপ্ত হওয়া যায়।

চর্বিব

জন্তুর দেহ হইতে যে তৈল প্রাপ্ত হওয়া যায় তাহাকে চর্ব্বি বলে। ইউরোপে রন্ধনের নিমিত্ত প্রধানতঃ চর্ব্বি ব্যবহৃত হয়। তবে মাখন বা যুত পক্ষ খাদ্য যেরূপ স্কুত্মাহ হয়, চর্ব্বির দ্বারা পক্ষ খাদ্য সেইরূপ হইকে না। খাদ্যগুণে তৈল অপেক্ষা চর্ব্বি শ্রেষ্ঠ।

তৈল

বীজ ও মৎস্য হইতে যে জল অপেকা লঘু, তরল পদার্থ অগ্নির উত্তাপে প্রাপ্ত হওয়া যায় তাহাকে তৈল বলে। সর্বপ তৈল দারা পক মৎস্য সর্বাপেক্ষা অধিক স্থবাত্ হয়। অস্তাস্ত রন্ধনের জন্ত ঘত ও চর্বির ব্যবহারই যুক্তিসঙ্গত, কারণ যে পরিমাণে ঘত ও চর্বির জীর্ণ করা যায়, তৈল সেই পরিমাণে জীর্ণ হয় না। মন্তকে মন্দনের জন্ত (তিলতৈল উত্তম) এবং দেহের জন্ত সর্বপতিতল ভাল।

য়ত, চৰ্ব্বি ও তৈল

ঘত, চর্ব্বি ও তৈল একই প্রকার খাদ্য। ঘত, চর্ব্বি ও তৈল এহণ দারা শরীরের উত্তাপ রক্ষা হয়। প্রায়েজনাধিক তৈলময় পদার্থ সঞ্চিত হইরা দেহ পৃষ্টিকরে । দেহের এই চর্ব্বি অল্লাভাব ও পীড়ার সময়ে দেহের স্থূলতা রক্ষার জক্ষ্ণ বিশেষ প্রয়োজনীয়। সাধারণতঃ অধিক পরিমাণে ঘত ও তৈল জীর্ণ করা যায় না। তৈল অপেক্ষা ঘৃত ও চর্ব্বি অধিক পরিমাণে জীর্ণ হয়। অসাধারণ স্থূল ব্যক্তির পক্ষে অধিক পরিমাণে তৈলাক্ত পদার্থ গ্রহণ অনুচিৎ। ঘৃত, চর্ব্বি ও তৈল খেতসার ও শর্করা হইতে ২ রু (২-৩) গুণ অধিক তেজহুর বা শক্তিশালী। এতদ্দেশীর পরিশ্রমী ব্যক্তির পক্ষে তিলাৰ ৯ তোলা ঘৃতাদি পদার্থ ব্যবস্থা করা বাইতে পারে। পরিশ্রমহীন ব্যক্তির পক্ষে ও তোলাই যথেষ্ট।

বঙ্গদেশে সাধারণতঃ তৈল্বারা রন্ধন হয়। ইতিপুর্ব্বে কথিত ইইরাছে যে তৈল অপেক্ষা স্থত ও চর্ব্বি অধিক পরিমাণে জীর্ণ করা বায়। তবে স্থত ও চর্ব্বি বিশুদ্ধ হওয়া উচিত। সর্বপ তৈলের রন্ধন অক্সাম্থ তৈলের রন্ধন অক্সাম্থ তৈলের রন্ধন অক্সাম্থ তিলের অপেক্ষা তিল, নারিকেল ও চীনা বাদানের তৈল অধিক পরিমাণে জীর্ণ হয়। ইউরোপে তৈলের ব্যবহার অতি সামান্থ। মৎস্য রন্ধনেই সাধারণতঃ তৈলের প্রয়োজন হয়। তথায় ধনীলোকের রন্ধন মাধনবারা এবং গরিবলোকের রন্ধন চর্বিবারা সমাধা হয়।

-0----

দ্বাদশ অধ্যায়

মসলা

রন্ধনের নিমিন্ত নানাবিধ মসলা ব্যবহৃত হয়। ইহারা রসনামৃত ও পাক স্থলীর পাচক রস উৎপন্ন করিয়া ভূক্তদ্রব্য পরিপাক করিবার সাহায্য করে। মসলা উত্তেজক পদার্থ। ইহাদের যেমন উপকারিতা আছে, অপকারিতা ও আছে। গরম মসলা অত্যন্ত উত্তেজক : অধিক মসলাযুক্ত খাদ্য গ্রহণ করিলে পাকস্থলী অধিক উত্তেজিত হইয়া পুন: নিস্তেজ হইয়া পড়ে; তজ্জ্ব্য অজীর্ণ রোণের উৎপত্তি হইতে পারে। স্কুতরাং মসলা ব্যবহার নির্দারিত থাকা আবশ্রক। আমরা মাংসাদি রন্ধন করিতে এত অধিক পরিমাণে মসলা ও মৃত ব্যবহার করি যে ইহার ধারা উপকার না হইয়া অপকার হইয়া থাকে।

____0___

ত্রোদশ অধ্যার

রোগীর পথ্য

রোগীর-পথ্য বিশেষ শতর্কতার সহিত প্রস্তুত করা উচিত। পথা প্রস্তুতের নিমিত্ত এবং পথা গ্রহণ করিবার নিমিত্ত পাত্র অতিশর পরিষ্কার ও পরিচছর থাকা আবশুক। রন্ধনের জন্ম নৃতন মৃন্মর পাত্র অথবা কলাইকরা লোহার পাত্র সর্ব্বোভ্রম। টিনের কলাই করা পিত্তল বা তামার পাত্র ব্যবহার করা যাইতে পারে। পথাগ্রহণের নিমিত্ত চীনামাটী বা প্রস্তুর পাত্র উৎক্রন্ত। জল গ্রহণ করিবার জন্ম কাচ পাত্র ব্যবহার বাছনীয়। কাঠের মৃত্ত্বালে রোগীর নিমিত্ত রন্ধন ব্যবস্থা করা ঘাইতেছে। রোগীর জন্ম শুক্রপাচ্য পথা ব্যবস্থা করা অত্যন্ত গহিত।

এরোরুট

এরোকটে মাত্র দাহগুণ আছে। কিন্তু ইহার মেদকারী গুণ নাই। এরোকট ছগ্ণেব সহিত প্রস্তুত অথবা জল এরোকট প্রস্তুত করিয়া ছগ্ণ মিশ্রিত করিয়া রোগীকে পান করিতে দেওয়া উচিত।

রন্ধন-প্রণালী

ছোট এক চামচ এরোক্সট কিঞ্চিৎ ছ্যের সহিত উত্তমরূপে মিশ্রিত করিবে। পরে ইহা এক পোরা ছুটস্ক ছ্যে চালিয়া দিয়া পাঁচ বা ৬ মিনিট কুটস্ক উত্তাপে জ্বাল দিবে একং সর্বাদা আলোড়ন করিবে। রোগীর বেরূপ খুসী তদন্তরূপ শর্করা যোগ করিয়া পথ্য করিবে। ইচ্ছা হইলে জ্বাল দিবার সময় হ্যার যোগ করা যায়।

সাগুদানা

সাগুদানা এরোঞ্টের মত গুণ বিশিষ্ট পথ্য। ইহার মেদকারী গুণ নাই। এরোক্সট সাগুদানা বিভিন্ন আকৃতিবিশিষ্ট খেতসার বিশেষ। প্রস্তুত প্রণালী।—প্রথমতঃ সাপ্ত শীতল অলে ধুইয়। আড়াই পোয়া শীতল জলে ভিজাইয়া অগ্নির নিকট ছই ঘণ্টা রাখিতে হইবে। পরে ১৫।১৬ মিনিট জাল দিয়া ফুটাইতে হইবে; সর্কাদা আলোড়ন করিতে হইবে। সাপ্তদানা জলের সহিত মিশ্রিত হইতে অনেক সময়ের প্রয়োজন হয়। পরে ইচ্ছামত লেবুর রস লবণ বা শর্করা যোগ করিয়া পান করা যায়। ইচ্ছা হইলে জাল দিবার সময়ে ইহাতে এক পোয়া হ্থাও যোগ করা যায়।

শ্বেতসার

শ্বেত্সার বা পালো সাধারণতঃ বীজে, কোন কোন গাছের মূলে, ত্বকে, গুড়িতে ও পত্রে, প্রধানতঃ প্রাপ্ত হওরা যায়। ইহা তৈল, ঘুত ও চর্বির ক্রায় দেহ উষ্ণ কারক; কিন্তু মেদকারী নহে। শীতল জলে ইহার আক্কৃতির কোন পরিবর্ত্তন হয় না।

প্রস্তুত প্রণালী:—পালো প্রস্তুত করা বড় কঠিন নহে। বরিশাল জেলার অনেক গৃহস্থ শটী হইতে পালো প্রস্তুত করিয়া থাকে। স্থানীর চিকিৎসকগণ এই পালো ব্যারামের সময় পথারূপে ব্যবহার করেন। ইহা দারা নানারূপ মিষ্টারপ্ত প্রস্তুত হইয়া থাকে। কার্ব্তিক হইতে চৈত্র মাস পর্যান্ত শটা তুলিয়া সংপ্রহ করা হয়। বৃষ্টি পাইয়া শটা গজাইলে ভাহা হইতে অধিক পালো প্রাপ্ত হওয়া যায় না; কারণ, তথন পালো মূল হইতে গাছের নৃত্রন বর্জননীল অংশে পরিব্যাপ্ত হয়। শটার বাকল কেলিয়া প্রথমতঃ জলে ধৌত করিয়া টেকিতে কুটিয়া লওয়া হয়। পরে এই কোটা শটা জলে চট্কাইয়া একটা চটে ছাকিয়া লইতে হয়। এই জল প্রায় ৩ ঘণ্টা কোন পাত্রে রাথিয়া দিলে, পাত্রের তলায় শুল্র বর্ণের পালো জমা হইয়া পত্তিত হয়। তৎপরে পালোর উপরিস্থিত জল ফেলিয়া দিয়া, ইহা জল মিশ্রিত করিয়া পূর্ব্বৎ পাত্রে রাথিয়া দেওয়া হয়। পালো পাত্রের তলে

জমা হইলে উপরিস্থিত জল পুন: ফেলিয়া দেওরা হয়। এইরূপ ৭ বা ৮ বার খৌত করিলে পরিস্থত পালো প্রাপ্ত হওরা যায়। উত্তমরূপ খৌত না করিলে শটার তিব্ধ রস সম্পূর্ণরূপে তিরোহিত হয় না। কিঞ্চিৎ ক্টিক সোডার জাবণ যোগ করিয়া খৌত করিলে সহজে পালো পরিস্থত হইবে। তাহার পর ইহা রৌজে শুক্ষ করিয়া লওয়া হয়।

বিলাতে গম, যব, মকাই, চাউল, আলু, এরারুট প্রভৃতি ইইতে পালো বাহির করা হয়। গম, যব প্রভৃতি এক দিন জলে ভিজাইয়া রাখিয়া পেষণ করা হয়। এই পেষিত গম বা যব জলে মিশ্রিত করিয়া পূর্কোক্ত প্রকারে ইাকিয়া লওয়া হয়। এই জল এক প্রকার কলের মধ্যে ঘুরাইলে জল ও পালো পৃথক ইইয়া পড়ে। বলা বাছল্য যে, এই কলদ্বারা পালো ছাঁকিয়া লইলে, শীঘ্র শীঘ্র ধৌতকার্য্য সমাধা হয়। তাহা না করিয়া পূর্কোক্ত প্রকার পাত্রে রাখিয়া দিলে, পালো পাত্রের নীচে জমা হয়। তৎপরে জল ফেলিয়া দিয়া, পুনরায় ইহার সহিত জল মিশ্রিত করিয়া, কষ্টিক সোডার কীণ জাবণ যুক্ত করা হয়। এবং পূর্ক্ষোক্ত প্রকারে পালো পাত্রের তলে জমা ইইলে, জল ফেলিয়া দেওয়া হয়। তৎপরে ছই তিন বার জলে ধৌত করিলে, কষ্টিক সোডার ক্ষার চলিয়া যায়। অতঃপর ইহা গুছ করিলেই বিশুদ্ধ পালো প্রাপ্ত হওয়া যায়।

চাউল হইতে পালো প্রস্তুত করা তত সহজ নহে। চাউল প্রথমত ক্ষিক সোডার ক্ষীণ দ্রাবণে একদিন সিক্ত করিয়া রাধিতে হয়; পরে ধৌত করিয়া, উত্তমরূপে পেষণ করা হয়। পরে ইহাতে পুনঃ ক্ষার দ্রাবণ যোগকরিয়া ২৪ ঘণ্টা জলে আন্দোলিত হয়। অতঃপর পূর্বোক্ত প্রণালীমতে পালো জ্মাইয়া বিভক্ত করিয়া লওয়া হয়। নিয় লিখিত অস্ত্র প্রণালী অপেকাক্তত সহজ। এই প্রণালীমতে প্রথমতঃ চাউল একদিন জলে সিক্ত করিয়া উত্তমরূপে পেষণ করিতে হয়। পরে এই পিষ্টক জলে মিশ্রত করিয়া, ইহাতে হাইড্যেক্লোরিক এসিডের দ্রাবণ

যোগকরিয়া করেক ঘণ্টা রাধিয়া দিলে, পালো ব্যতীত পিষ্টকের অঞাঞ্চ পদার্থ দ্রবীভূত হয়। তৎপরে পালো জমাইয়া জলে ধৌত করিয়া লইরা পালো বাহির করা যায়।

আৰুর পালো প্রস্তুত করিতে হইলে, আলুর ছাল ফেলিয়া চেঁকি ছারা কিছা অন্ত কোন উপারে পেষিয়া লইতে হইবে। পরে সালফিউরিক এসিডের দ্রাবণযুক্তজলে ইহা মিশ্রিত করিয়া ছাঁকিয়া লইতে হয়। ঐ জল কোন পাত্রে রাখিলে, পূর্ব্বের ক্রায়, পালো এই পাত্রের তলায় জমা হয়। ইহার পর, পূর্ব্বাক্ত প্রকারে, কষ্টিকসোডা (অভাবে সোডা) মিশ্রিত জল ছারা ইহা ধৌত করিতে হইবে। ইহাতে তৈলাদি পদার্থ দ্রীক্ষত হয়। ম্মরণ রাখা কর্ত্ব্বা যে, কষ্টিক সোডা মিশ্রিত জল ও পরে পরিদ্ধৃত জল ছারা ধৌত না করিলে, কোন পালোই বিশুদ্ধ হইতে পারে না।

আনু (স্থলভ হইলে), ভুট্টা ও জুয়ার হইতে পালো বাহির করা খুব লাভজনক ব্যবসা হইতে পারে।

এরোরুট ও সিমুলিয়া আলুর মূল হইতেও পূর্ব্বোক্ত শটার প্রণালী মত পালো বাহির করা যাইতে পারে।

কর্ণজ্বাপ্তয়ার বা মকাই চূর্ণ

কর্ণস্থাওয়ারের এরোকটের মত দাহগুণ আছে, অধিকস্ত ইহাতে মেদকারিতা গুণও বর্ত্তমান। স্বতরাং কর্ণস্থাওয়ার রোগীর উপযুক্ত পথা। ইহার খেতসার অতিসহজে গলিয়া যায়, এইজস্থ ইহা বিশেষ উপকারী। ইহাতে তৈল থাকার সকল সময়ে রোগীকে পথারূপে ব্যবস্থা করা যায় না।

तक्ष**न**ळा ना

এক চামচ চূর্ণ কিঞ্চিৎ শীতল জলে মিশ্রিত করিবে। তৎপরে আড়াই পোয়া বা তিন পোয়া ফুটস্ক জলে ঢালিয়া দিয়া ১০৷১২ মিনিট জ্ঞাল দিবে। জ্ঞালদিবার সময়ে সর্বাদা জ্ঞালোড়ন করিবে। তৎপরে কিঞ্চিৎ শর্করা সহযোগে গান করা যাইতে পারে। ইচ্ছা হইলে জ্ঞালের সময় ইহার সহিত এক পোয়া হগ্ধ মিশ্রিত করা যাইতে পারে।

বার্লি পাউডার বা যবচুর্ণ

্ৰাৰ্লিরও কৰ্ণফ্লাওয়ারেয় ভাষ দাহ্নও মেদকারিতা গুণ স্থাছে। স্কৃতরাং রোগীর পক্ষে ইহা সাধারণ খাদ্য।

প্রস্তুত প্রণালী

এক আউন্স (২ট্ট তোলা) বার্লি লইয়া কিঞ্চিৎ শীতল জলে উত্তমরূপে মিশ্রিত করিবে। পরে ইহা পাঁচ পোয়া আনদাজ ফুটস্ক জলে ঢালিয়া ২০ মিনিট জাল দিবে ও সর্কালা আলোড়ন করিবে। গ্রহণ কালীন লেবুর রস লবণ বা শর্করা যোগ করিয়া লওয়া যায়।

বালিদানা বা পাল বালি

এক ছটাক বার্লিদানা আড়াই পোয়া জলে কিয়ৎক্ষণ জাল দিয়া ঐ জল ফেলিয়া দিতে হইবে। পরে ইহা ছইসের ফুটস্ক জলে ছাড়িয়া জাল-দিয়া এক সের জল থাকিতে নাবাইবে; এবং ছাকিয়া ইহার জল লবণ, লেবুর রস সহ পান করিবে। মুত্রকুচ্ছে রোগে এই জল বিশেষ উপকারী।

ওটনিল বা যই চূর্ণ

ওটনিল যবের স্থায় পুষ্টিকারক কিন্তু ইহাতে অধিক পরিমাণে তৈল থাকায় রোগীর পক্ষে পথ্যরূপে ব্যবস্থা করা যায় না। ইহার স্বোতসার মকাইর স্থায় সহজে পাচ্য হয়।

প্রস্তুত প্রণালী। অর্দ্ধ ছটাক ওট, মলের সহিত শীতল জল ও এক পোয়া কাচা বা শীতল হগ্ধ মিশ্রিত করিয়া দেড়পোয়া আন্দাজ ফুটস্ক জলে বাম হস্ত হারা ঢালিবে এবং দক্ষিণ হস্ত হারা নাড়িবে। কিঞ্চিৎ লবণ ও শর্করা যোগ করিয়া ইহা মুহুউত্তাপে প্রায় অর্দ্ধ ঘণ্টা জাল দিবে ও নাড়িবে। পথ্য করিবার সময়ে ইহার সহিত উষ্ণ হৃদ্ধ মিপ্রিত করিয়া লওয়া যায়। সুস্থ ব্যক্তির পক্ষেও ইহা পুষ্টিকারক খাদ্য।

ভাতের যুদ

অর্দ্ধ চটাক চাউল উত্তমরূপে ধৌত করিয়া এক সের ঈষহ্য জলে তিন ঘণ্টা ভিজাইরা রাখিবে। পরে এই চাউল ও জল এক ঘণ্টা মূহ-উত্তাপে সিদ্ধ করিয়া কাপড়ে ছাকিয়া জল বা মাড় পাত্রে রাখিবে। এই মাড়ে লবণ শর্করা বা লেবুর রস যোগ করিয়া রোগীকে গ্রহণ করিতে দিবে। আমেশা ও পেটের পীড়ার পক্ষে ভাতের যুস বিশেষ উপকারী।

ডাইলের যুস

মৃগ ও মহার ডাইলের যুস কবিরাজগণ ব্যবহা করিরা থাকেন।
মাংসের হুজরার সমকক না হইলেও ইহা উত্তম হুপাচ্য পথ্য। কিন্তু
যেরপা অল্প সময়ের মধ্যে, ইহা প্রস্তুত হর, তাহাতে ইহা লঘুপথ্য হইতে
পারে না। অন্তঃ পাঁচ ঘণ্টা ডাইল সিদ্ধ হওয়া আবশুক। একপোরা
ডাইল কিঞ্চিৎ সোডা মিশ্রিত জলে এক ঘণ্টা ভিজাইয়া ধুইয়া লইবে।
নয় পোয়া শীতল জলে মৃত্ উত্তাপে ইহা নিদ্ধ করিতে হইবে। সিদ্ধের
সময় ইহার সহিত্হ নী পেয়াজ, ৪ গণ্ডা গোলমরিচ ও কিঞ্চিৎ লবণ দিবে।
এক পোয়া জল থাকিতে উহা নাবাইয়া ছাকিয়া লইবে। কিঞ্চিৎ শর্করা
ও লেবুর রস যোগ করিলে হুস্বাত্হয়।

ইউরোপীয়গণের জন্ম ডাইলের যুগ প্রস্তুত করিবার সময়ে মাংস হইতে পরিত্যক্ত ৪।৫ থানা হাড়ের টুকরা যোগ করিয়া লওয়া হয়। ইহাতে ইহার স্বস্থাদ বৃদ্ধি হয়।

ডিম্ব

ভিষের হরিদ্রাপদার্থ আলোড়ন করিয়া উষ্ণ চার সহিত মিশ্রিত করিবে। এই চা অতিশয় লঘুপথ্য ও বলকারী। এইরূপে ভিষের গুলু ও হরিজা পদার্থ উভর্ই চার সহিত মিশ্রিত করা যাইতে পারে; কিন্তু শুল্র পদার্থ অপেক্ষাক্তত অধিক লঘু পথ্য।

ত্বশ্ব

রোগীর পরিপাক শক্তি ছর্বল হইলে মাটা তোলা ছ্ব্রের ব্যবস্থা করা কর্ত্তব্য। মাটা তোলা ছ্র্মনা পাইলে একসের ছবে একসের জল মিশ্রিত করিয়া জাল দিবে ও পাখার বাতাদ করিবে। ইহাতে ছ্গ্নের সর উপরে উঠিবে এবং ঐ সর ভূলিয়া লইবে। ছগ্ন ও জলে পাঁচ পোয়া থাকিতে ছ্ম্ম চুলা হইতে নাবাইবে এবং শীতল হইতে দিবে। তথন যে সর উঠিবে তাহা উঠাইয়া লইবে। প্রয়োজন মত ঐ ছগ্ন উষ্ণ করিয়া রোগীকে পান করিতে দিবে।

মাংদের ত্রথ বা হুরুয়া

মাংসের ত্রথ বা ছুপ অতিশয় বলকারক ও লঘুপথ্য।

- ১। প্রস্তুত প্রণালী।—মুরগীর বা পাঠার মাংস কাটিয়া অর্দ্ধসের মাংস একসের জলে ছই গণ্ডা গোলমরিচ ও লবণ বোগ করিয়া মৃত্ব উত্তাপে তিন ঘণ্টা সিদ্ধ করিতে হইবে এবং একপোয়া জল থাকিতে নাবাইবে। চর্ব্বি মধ্যে মধ্যে তুলিয়া লইতে হয়। ছই বা তিনবার কিঞ্চিৎ কিঞ্চিৎ শীতল জল বোগ করিলে চর্ব্বি ভালরপ উঠে। চর্ব্বি উঠিয়া গেলে ছইটা পেঁয়াজ কাটিয়া মাংসের ভিতর দিবে। সিদ্ধ শেষ হইলে, ঝোল ইাকিয়া লইবে এবং শীতল স্থানে বা জলের উপর রাখিয়া দিবে। চর্ব্বি উপরে উঠিলে পুনরায় উহা তুলিয়া লইবে। প্রয়োজন মত ঐ এথ উষ্ণ করিয়া রোগীকে পান করিতে দিবে।
- ২। অন্ত প্রকারে মাংসের ছুপ প্রস্তুত করা যার, ইহা অপেক্ষাক্বত অধিক স্থপাচ্য পথ্য।

একদের মাংস দেড়দের জল সহ কোন পাত্রে রাখিবে এবং ইহাতে কিঞ্চিৎ লবণ ও ৫।৭ টা গোল মরিচ চুর্ণ যোগ করিয়া কোন পাত্রে রাখিয়া উত্তমরূপে ঢাকিবে। এবং ঐ পাত্র উত্তপ্ত চুলার উপর চারি ঘণ্টা রাখিয়া দিবে; এবং সময়ে সময়ে চর্ব্বি উঠাইয়া লইবে। অর্দ্ধনের জল থাকিতে পাত্র নাবাইয়া, কাৎ কোন শীতল স্থানে রাখিয়া দিলে, পুনঃ চর্ব্বি উপরে উঠিবে এবং ইহা তুলিয়া লইবে। প্রয়োজন মত এই কাৎ উষ্ণ করিয়া পান করিবে। এই কাৎ অতিশয় লঘু পথা।

- ৩। পরিতাক্ত হাড ও মাংস হইতে উত্তম স্থপাচ্য স্কুরুরা প্রস্তুত হইতে পারে। হাড ছোট ছোট করিয়া কাটিয়া পরিমাণ মত গোলমরিচ ও লবণ হাড ও মাংদের সহিত যোগ করিয়া রন্ধন পাতে রাখিবে: এবং এইরপ পরিমাণে শীতল জল দিবে যেমন হাড়ও মাংস জলের তলে থাকে। তৎপরে ফুটস্ক উত্তাপে সিদ্ধ করিবে ও সময়ে সময়ে তিন বা চারি বার চর্ব্বি উঠাইয়া লইবে। চর্ব্বি উঠাইবার সময়ে কিছু কিছু শীতল জল যোগ করিলে চর্বি ভালরপ উঠে। যখন ইহা হইতে আর চর্বি উঠে না, তথন ২৩ টা পেঁয়াজ, ও ২টা গাঁজর হুই তিন টকরা করিয়া ইহার সহিত যোগ করিয়া আর কিয়ৎক্ষণ জাল দিবে। সিদ্ধ ঠিক হইলে রন্ধন পাত্র নাবাইয়া হুই ঘণ্টা বা আড়াই ঘণ্টা চুলির নিকট রাখিবে। পরে স্কর্মা ছাঁকিয়া লইয়া কোন পাত্রে শীতল স্থানে রাখিবে। পাঁচ ৰা ছয় ঘণ্টা পরে স্কুক্ষার চর্ব্বি উপরে ভাসিবে। তথন উত্তমরূপে ঐ চবিব তুলিয়া লইতে হয়। পান করিবার সমঙ্গে কিঞ্চিৎ লেবুর রস বা ভিনিগার যোগ করিলে স্থসাহ হয়। এক বা ছই সাইদ পাউফটা আগ্রিতে সেকিয়া স্থক্ষার মধ্যে কিয়ৎক্ষণ রাখিলে স্থক্ষয়ার বর্ণ ভাল দেখার। অন্ধ খণ্ড পেঁরাজ ভাজিয়া স্থক্ষয়ায় দিলে স্বাদের উন্নতি হয়।
- ৪। সংপ্রতি কাচা মাংসের যুস ব্যবস্থৃত হইতেছে। রোগী যথন কোন পথাই গ্রহণ করিতে বা পেটে রাখিতে সক্ষম হয় না, তথন কাচা

মাংসের যুদ ব্যবস্থা না করিলে চলে না। ইহা অতি স্বরায় এবং অতি সহজে জীর্ণ হয়। শকটাপয় ওলাউঠা প্রভৃতি রোগে কাচা মাংসের যুদ ব্যবস্থা করিতে হয়। কাচা মাংসের যুদ প্রস্তুত করিবার জন্তা এখন কল প্রচলিত হইয়ছে। কলের অভাবে নিম্ন লিখিত উপায়ে এই যুদ প্রস্তুত করা যায়। সদ্য হত কচি পাঠার এক পোয়া মাংস কুচি কুচি করিয়া কাটিয়া দেড় পোয়া পরিস্কৃত জলে রাখিবে। ইহাতে চারি কোঁটা হাইড্রোক্লোরিক এসিড্ ও এক টিপ লবণ যোগ করিয়া উত্তমরূপে আলোড়ন করিবে। এক ঘণ্টা রাখিয়া কাপড়ের উপর মাংস আলোড়ন করিয়া যুদ ইনিকয়া লইবে। যুদ পড়িয়া গেলে পুনঃ এক পোয়া জল আন্তে আন্তে মাংসের উপর ঢালিয়া ছাকিবে। এই যুদ প্রয়োজন মত অল্প অল্প করিয়া রোগীকে পান করিতে দিবে। শীতল স্থানে কোন জল পূর্ণ পাত্রের উপর রাখিলে ৬ বা ৭ ঘণ্টা ইহা ভাল থাকে।

মাংদের ঝোল

ছোট পাঠার বা ধাসির অর্ক্সের মাংস একসের জলে দিয়া মৃত্ উত্তাপে সিদ্ধ করিবে। ইহাতে তুইটা কাটা পেঁয়াজ, ১০৷১২টা গোলমরিচ ও লবণ যোগ করিতে হইবে; সময়ে সময়ে চর্বি উঠাইরা লইবে। মধ্যে মধ্যে ইহাতে অল্প শীতল জল ঢালিয়া দিলে চর্বি উঠাইতে স্থবিধা হয়। মাংস টানিলে হাড় হইতে ছুটিয়া গেলে ব্ঝিতে হইবে যে মাংস সিদ্ধ হইয়াছে। এক পোয়া জল থাকিতে ইহা চুলা হইতে নাবাইবে। অর্দ্ধ থপ্ত পোঁয়াজ ভাজিয়া ইহার সহিত যোগ করিলে ইহা স্থাত হয়। এই মাংস লবু পথা ও ইহা রোগী স্থসিদ্ধ ভাতের সহিত গ্রহণ করিতে পারে।

বাসি মাংস শক্ত ও শীঘ্র সিদ্ধ হয় না। বাসি মাংস তিন বা চারি ঘণ্টা জলে ভিজাইয়া রাখিলে নরম হয়। জলে কিঞ্চিৎ ভিনিগার (শেকা) মিশ্রিত করিয়া লইলৈ আরও ভাল হয়।

চতুৰ্দশ অধ্যায়

মিষ্টা ল

ছানা, ঘ্রত ও শর্করা দারা নানা প্রকার উপাদের সামগ্রী প্রস্তুত্ত হর। অধিকাংশ উপাদের খাদ্য গুরুপাচ্য স্থতরাং বিবেচনা পূর্বক এই সকল সামগ্রী গ্রহণ করা উচিত। বাজারের খাদ্য সাধারণতঃ বিক্বত সামগ্রী হইতে প্রস্তুত হয়, স্থতরাং বাজারের থাবার বাবহার না করাই উচিত। ইউরোপের মিষ্টান্নের মধ্যে পূডিংই প্রধান। তাহা এইরূপ মৃহ উত্তাপে প্রস্তুত হয় যে তাহা আমাদের মিষ্টান্নের স্থায় গুরুপাচ্য হয় না। স্থতরাং তৎসম্বন্ধেও কয়েক প্রকার প্রস্তুত প্রণালী লিখিত ইইয়াছে।

मत्नन

সন্দেশ বাঙ্গালীর সর্ব্বোৎকৃষ্ট মিঠাই। উত্তম সন্দেশে প্রোটিড শতকরা ১৮ ও ঘৃত ২০ ভাগ থাকে। ইহাতে শর্করার পরিমাণও শতকরা প্রায় ৪০ ভাগ। নিরুষ্ট সন্দেশে শর্করার পরিমাণ অধিক এবং ছানা ও ঘৃতের পরিমাণ তত্ত্বপ অল। আহারের পরে স্বস্থ বক্তির পক্ষে অল পরিমাণে সন্দেশ ব্যবস্থা করা যায়। সন্দেশ বিশেষ পৃষ্টিকারক কিন্তু খুব লঘু পথা নহে।

সন্দেশ প্রস্তুত করিতে প্রথমতঃ ছানার দানা ভালরপে ভাঙ্গিরা লইতে হয়। অন্তুদিকে একসের ছানার জন্ত সাধারণতঃ অর্ধনের শর্করার গাঢ়রস প্রস্তুত করিরা উহাতে মৃত্ব উতাপে ছানা দিরা ভাল করিয়া নাজিবে। যথন ছানা রুসে আটিয়া আসিবে তথন কড়াই নাবাইবে; এবং যতক্ষণ তথ্য থাকিবে ততক্ষণ নাজিবে। ইচ্ছা হইলে নাবাইয়া ইহাতে ক্ষেক্টা এলাচ চুর্ণ যোগ করা যাইতে পারে। ক্থন সন্দেশের পাক শেষ হয় তাহা য়ৣকলে নির্দারণ করিতে পারে না, এই জন্ম সকলে উৎকৃষ্ট সন্দেশ প্রস্তুতি করিতে সক্ষম হয় না। এক সের ছানায় ইহার এক তৃতীয়াংশ শর্করা যোগ করিলে উৎকৃষ্ট সন্দেশ প্রস্তুত হয়।

রসগোলা

রসগোলা সন্দেশের পরেই উত্তম মিঠাই। রসগোলার জক্ত ছানার দানা ভাঙ্গিরা লইতে হর। পরে ইহার সহিত কিঞ্চিৎ ময়দা মিশ্রিত করিরা মাথিয়া লইয়। গোলা প্রস্তুত করিবে। অক্ত দিকে একসের ছানার গোলার জক্ত একসের চিনির রস প্রস্তুত করিবে; এবং এইরূপে গোলা ছাড়িয়া দিয়া কিয়ৎক্ষণ জাল দিবে।

পানিতুয়া

পানিভুষার জন্ম ছানার দানা পূর্ববৎ ভাঙ্গিয়া কিঞ্চিৎ ময়দা সহ-যোগে মাখিয়া লইবে। ছানার সহিত ইহার সিকি ভাগ ক্ষির মিশ্রিত করিয়া লইলে উত্তম পানিতোয়া প্রস্তুত হয়। পরে ইহার দারা মিঠাই করিয়া দ্বতে ভাজিবে। অন্তদিকে চিনির রস প্রস্তুত করিয়া মিঠাই ঐ রসে কিয়ৎক্ষণ রাখিয়া দিবে।

মালপোয়া

মালপোয়। আলু, কলাই প্রভৃতি দ্বারা প্রস্কৃত হয়। আলু সিদ্ধ করিয়া কাই প্রস্কৃত করিতে হয় ও কলাই ভিজাইয়া রাধিয়া পরে বাটিয়া লইতে হয়। তৎপরে ইহার সহিত কিঞ্চিৎ ময়দা যোগ করিয়া উত্তমক্ষপে মাথিয়া চেপ্টা গোল মিঠাই প্রস্কৃত করিবে এবং দ্বতে ভাজিয়া পানি-ভোয়ার মত চিনির রসে রাধিবে। ক্ষিরের দ্বারা উৎক্রন্ট মালপোয়া প্রস্কৃত করা যায়। ক্ষিরের সহিত কিঞ্চিৎ ময়দা বা এরোক্রট যোগ করিয়া মাথিয়া পূর্ববৎ দ্বতে ভাজিয়া রসে ফেলিবে।

পুডিং

- ১। অর্দ্ধপোয়া মাধনের সহিত অর্দ্ধপোয়া চিনি মিশ্রিত করিবে।
 তৎপরে ৪টা ছিম্বের কুস্কম ও পাউফটা চূর্ণ একত্রে ভালরূপে ফেটাইবে
 এবং অক্সত্র ঐ ডিম্বের গুল্র পদার্থ ফেটাইয়া সমুদ্র পদার্থ একত্রে মিশ্রিত
 করিবে। পরে এনামেল করা লোহার পাত্রে রাথিয়া অর্দ্ধণটা জলস্ত
 চূলার পার্শ্বে রাথিয়া দিলে পুডিং প্রস্তুত হয়।
- ২। অর্দ্ধবোরা আতপ চাউল তিন পোরা ছথ্বে সিদ্ধ করিরা এক ছটাক মাধন, এক ছটাক চিনি ও একটা ডিম্বের ফেটান কুস্কম একত্রে সমুদর মিশ্রিত করিয়া এনামেল করা লোহার পাত্রে রাখিয়া জ্বলস্ত চুলার পার্শ্বে এক ঘণ্টা রাখিতে হয়। প্রস্তুত হইবার কিঞ্চিৎ পুর্ব্বে ঐ ডিম্বের ফেটান গুল্ল পদার্থ ইহার উপর দিতে হয়।
- ৩। পাউক্ষটার টুকরা ফুটস্ত হুদ্ধে রাখিয়া অর্দ্ধ ঘণ্টা ঢাকিয়া রাখিবে। তৎপরে ইহাতে কিঞ্চিৎ চিনিও ফেটান ভিম্ব ভালরূপ আলোড়ন করিয়া মিশ্রিত করিবে। তৎপরে পাত্রে রাখিয়া অর্দ্ধঘণ্টা জ্বলস্ত চুলার পার্যে রাখিবে।
- ৪। এক ছটাক আতপ চাউল চুর্ণ তিন পোয়া ছয়ে সিদ্ধ করিয়া ক্ষার প্রস্তুত করিবে। ইহার সহিত ৪টা ডিম্বের ফেটান কুয়য় অর্থাৎ ফেটান হরিলা পালার্থ, ও ছই ছটাক চিনি মিশ্রিত করিবে। তৎপরে পাতে রাথিয়া অলস্ত চুলার পাখে অর্দ্ধণটা রাথিয়া দিবে।
- ে। এক সের জল একটা এনামেল করা লোহার পাত্রে ফুটাইবে। ছইটী ফেটান ডিম্ব একসের ছগ্নের সহিত মিশ্রিত করিয়া ঐ ফুটস্ত জলে ঢালিবে এবং ইহাতে এক ভোলা লেবুর রস বা ভিনিগার যোগ করিবে, এবং জাল দিবে। যথন ছানার মত পদার্থ উপরে ভাসিয়া উঠিবে তখন নাবাইয়া জল ফেলিয়া দিবে, এবং কিঞ্চিৎ শর্করা যোগ করিবে।

পঞ্চদশ অধ্যায়

মোরবা, চাটনি প্রভৃতি

মোরব্বা ও চাটনি মুখরোচক সামগ্রী। ইউরোপে বছল পরিমাণে ইহা ব্যবহৃত হয়। টাটকা ফলের অভাবে এইসকল সামগ্রী ব্যবহার করা কর্ম্তব্য। বঙ্গদেশের মধ্যে বীরভূম জেলার উত্তম মোরব্বা প্রস্তুত হইরা থাকে। আমরা কতিশয় মোরব্বা ও চাটনির প্রস্তুত প্রণালী বিবৃত্ত করিতেছি।

মোরব্বা ও জেলী প্রস্তুত করিবার প্রণালী

যখন যে ফল পাওয়া যায় তালা হইতে জেলী প্রস্তুত করা যায়। এক সের ফলে তিন পোয়া চিনির (দানাদার কানীপুরের চিনি শিলে বাটয়া মিহিচ্প করিয়া লইতে হয়) আবশ্যক। কোন মৃত্তিকা বা এনামেল করা পাত্রে ফল ও চিনি রাখিয়া উত্তাপ দিবে। প্রায় অদ্বিঘণ্টা সিদ্ধ করিতে হয়। সিদ্ধ করিবার সময় ছুই একবার গাদ কাটিতে হয়। অধিক জাল-দিলে চিনির রস চিটা হইয়া অখাদা হইয়া যায়। কোন কোন ফল আস্ত রাখিতে হয় ও কোন কোন ফল কুচি কুচি করিয়া কাটয়া লইতে হয়। জালদেওয়া শেষ হইলে ফলে গামাখা রস রাখিয়া অতিরিক্ত রস পৃথক করিয়া রাখিবে। এই রসও উপাদেয়। মিষ্টায়ের সহিত এই রস গ্রহণ অতি স্বস্বাছ।

আনারদের মোরকা

আনারস কুচি কুচি করিয়। কাটিয়া কোন চীনা মাটির পাত্তে রাখিবে;
এবং ইহা বাটা মিহি চিনিম্বারা ঢাকিবে। বার ঘণ্টা পরে উহার রস
ঢালিয়া লইয়া ২০ মিনিট জাল দিবে। শীতল হইলে রস আনারসের কুচির

উপর ঢালিয়া রাখিবে। ১২ ঘণ্টা পরে ঐ আনারদ রসসমেত ২০ মিনিট জাল দিবে। তৎপর ঈষৎ উষ্ণ থাকিতে কোন বোতলে বা মৃত্তিক। পাতে ঢালিয়া রাখিয়া দিবে।

আমলকীর মোরব্বা

আমলকী কাঠের বা বাঁশের স্ট্রারা ভালরূপে বিদ্ধকরিরা মৃত্তিকা পাত্তে জলের মধ্যে ২ বা ও দিন রাথিবে। প্রত্যাহ ইহার জল বদলাইতে হয়। তৎপরে প্রথমতঃ জলে সিদ্ধ করিয়া লইবে। তথন, সময়ে সময়ে ৮ বা ৯-বার জল ফেলিয়া দিবে। ইহাতে ইহার কস জলের সহিত চলিয়া ঘাইবে। অক্সত্র একসের চিনি চারি বা পাঁচ পোয়া জলে মিশ্রিত করিয়া জালিরিয়া রস প্রস্তুত করিয়া লইতে হয়। জালদিবার সময়ে, মধ্যে মধ্যে, রসের গাদ কাটিবে। পরে এই রসে আমলকী অদ্বর্ণটা জাল দিবে। রস জাটিলে মোরবা নাবাইতে হইবে। আমলকীর মোরবা অতিশয় উপকারী খালা। প্রসিদ্ধ কবিরাজী চাবনপ্রাশ ঔষধে আমলকী প্রধান উপাদান।

লেবুর আচার

পক পাতিলেবু হইতে উত্তম আচার প্রস্তুত হয়। আদ্বিন হইতে অগ্রহায়ণ মাসে যে লেবু পাকে তাহাই সর্ব্বোক্তম। প্রথমতঃ লেবু দৌত করিয়া লাইবে যেন ইহাতে কোন ধূলাবালি না থাকে। লেবুর একধারের সিকিভাগ চারিফালা করিয়া কাটিয়া ইহার ভিতরে এক টিপ লবণ ও কিঞ্চিৎ লঙ্কামরিচের গুড়া প্রবেশ করিয়াদিতে হয়। তৎপরে এই লেবু কোন চীনা মাটার পাত্রে বা মাটিয়া পাত্রে রাখিয়া লেবুর রস দারা ঢাকিয়া দিবে ও প্রয়োজন মত আরও কিছু লবণ যোগকরিয়া বস্তুদারা পাত্রের মুখ বাদ্ধিয়া রাখিবে। এই পাত্র ঢাকনি সমেত কুড়ি ইইতে এক মাস রৌজে রাখিলে আচার প্রস্তুত হইবে।

ছই বা তিন বৎসরের পুরাতন লেবুর আচার মহোপকারী। ইহাকে

জারকলেবু বলে। জারকলেবু অতি অগ্নিবর্দ্ধক এবং ইহা অমুরোগের মহৌষধ। জারকলেবু ষভই পুরাতন হইবে ততই ইহার গুণ বৃদ্ধি হইয়া থাকে।

লেবুর আরক

একটা লেবুর খোদা পাতলা কুচি কুচি করিয়া কাটিবে। এক পোয়া জলে ঐ কুচি তিন মিনিট মাত্র ফুটাইবে। লেবুর রদ অন্ত পাত্রে বাহির করিয়া কাপড়ে ছাকিয়া রাখিবে। ইহাতে ঐ খোদার ফুটন্ত জল দিয়া কিঞ্ছিৎ (এক ভোলা) শর্করা যোগকরিয়া নাড়িবে। শীতল হইলে এই রদ বোতলে রাখিয়া দিবে; এবং প্রয়োজন মত ব্যবহার করিবে।

অস্ন, পেটের পীড়া ও লিভারের পক্ষে প্রত্যহ হুই তিনবার অদ্ধ ছটাক পরিমাণে ইহা প্রহণ করিলে বিশেষ উপকার দর্শে।

ভিনিগার বা সিকা

ভিনিগার চাটনির প্রধান অঙ্গ। আমাদের দেশে ইক্রুরস পচাইরা ইহা প্রস্তুত হয়। ইক্রুস মৃৎপাতে রাখিয়া একখণ্ড কাপড়বারা মুখ বাদ্ধিয়া ২০০২৫ দিন রৌজে রাখিতে হয়। তৎপরে অন্ধকার বিশিষ্ট কোন ঘরে রাখিয়া দিলে অন্নস্থাদ বিশিষ্ট সির্কা হয়। যতদিন রসের শর্করা অন্তজ্ব পরিণত না হয়, তত দিন সির্কা হয় না। ইক্রুরস প্রথমে জাল দিয়া ও গাদ কাটিয়া ইহার এক পঞ্চম ভাগ মারিয়া লইলে, ইহা হইতে উত্তম সির্কা প্রস্তুত হয়। ইক্রুস ব্যতীতও উত্তম সির্কা প্রস্তুত করা যাইতে পারে তাহা এই।—

আট সের জলে একসের মোটা সাধারণ চিনি যোগ করিয়া ১৫ মিনিট ফুটাইয়া এবং মধ্যে মধ্যে গাদ কাটিয়া ঐ রস নাবাইবে। ঈষত্ক রস কোন মুন্মর পাত্রে রাখিবে। ইতিপুর্ব্বে একখানা পাউক্টী শেক দিয়া রাখিবে। রস প্রস্তুত হইলে ইহাতে ঐ পাউক্টী এক ছটাক ঈষ্ট দ্বারা

দিকে করিয়া ঐ রদে ছাড়িয়া দিবে। ঈটু না পাইলে মদের কারখানা হইতে গাঁজলা যোগ করিবে; এবং একখণ্ড পাতলা বস্ত্রদারা ঐ পাত্রের মুখ বাঁধিয়া রাখিয়া দিবে। এইরপে উৎক্রম্ট সির্কা প্রস্তুত হয়। ঈটু মিশ্রিত না করিলে সির্কা প্রস্তুত হইতে ৬ নাস সময়ের প্রয়োজন।

সিকামি সাধারণতঃ শতকরা ৪ বা ৫ ভাগ এসিটিক এসিড ও ০ বা ৪ ভাগ হুরা প্রাপ্ত হওয়া যায়।

কাল জামের সির্কা

এক সের ধৌত করা কালজাম কোন চীনা মাটার বা এনামেল করা পাত্রে রাখিয়া ছই সের ভিনিগার যোগ করিয়া এক রাত্রি রাখিয়া দিবে। পরদিন ঐ রস চালনিতে ছাকিয়া আর একসের ধৌত কালজামে ঢালিবে। এক রাত্রি পরে পুনঃ ঐ রস ছাকিয়া আর এক সের কালজামের স্তিত্রি মিশ্রিত করিবে। রস ছাঁকিবার সময়ে কখন চটকাইবে না। তৎপর প্রতি এক সের রসে এক সের লাল চিনি যোগ করিয়া এক ঘণ্টা মৃত্র উত্তাপে জাল দিয়া ছাকিয়া লইবে। ঐ রস শীতল হইলে বোতলে প্রিয়া মুখ বন্ধ করিয়া রাখিয়া দিবে।

কালজামের সির্কা অতিশয় উপকারী ও মুখরোচক। পেটের পীড়ার পক্ষে ইহা বিশেষ উপকারী। আহারের সময় অন্ত খাল্যের সহিত ইহা অল্প পরিমাণে ব্যবহার করা যায়।

পেঁয়াজের চাটনি

পোঁরাজ পাতলা গোল করিয়া কাটিয়া কিঞ্চিং লবণ যোগ করিয়া এক রাত রাখিবে। পর দিন একটা পাত্রে ভিনিগারের সহিত গোলমবিচ, লক্ষা মরিচ, সর্বপ ও কিঞ্চিৎ লাল চিনি যোগ করিয়া জাল দিবে। ভিনিগারের পরিমাণ এমন হইবে যাহাতে পোঁয়াজ ভুবিয়া থাকিতে পারে। শীতল হইলে ভিনিগার ঐ পোঁয়াজে ঢালিয়া পাত্রের মুখ বন্ধ করিয়া রাথিবে। তিন মাদ পরে ইহা অতি উত্তম মুখ রোচক চাউনি হইবে।

আমের চাটনি

অর্দ্ধ সের লালচিনি, এক পোয়া লবণ, এক ছটাক রস্থন, তিন ছটাক পেয়ান্ত, অর্দ্ধ ছটাক গোল ও লহামরিচ, অর্দ্ধ পোয়া সর্থপ, অর্দ্ধ পোয়া আদা ও ছই সের ভিনিগার দারা প্রায় ২০০২টা আমের চাটনি প্রস্তুত হঠতে পারে। পোয়ান্ত ও রস্থন থেঁত করিয়া ও আদার থোদা ফেলিয়া চাক করিয়া কাটিয়া লইতে হয়। কচি আম যাহার আশ হর নাই কিয়া আশ বিহীন শক্ত আঁটি ধরান আম চাটনির জক্ত উত্তম। এইরপ আনের খোদা ফেলিয়া পাতশা করিয়া কাটিয়া জলে ও ঘণ্টা রাখিয়া দিবে। পথপরে ভিনিগারেব সহিত জাল দিবে। এইরপ পরিমানে আম দিবে যাহাতে ইহা ভিনিগারে ড্বিয়া থাকিতে পারে। আম দিন্দ্র হাল নাবাইবে। শীতল হইলে ইহার সহিত পূর্ব্বোক্ত উপাদান সকল যোগ করিয়া বোতলে মুখ বন্ধ করিয়া রাখিবে।

কপির আচার

ফুল কপি ও বান্ধ কপির কৃচি পত্র পাতলা করিয়া কাটিয়া একটা চাল্নির উপর রাথিবে ও ইহার উপর লবণ ছড়াইয়া ঢাকিয়া এক রাত বাথিতে হংবে। পরের দিন ঐ কপি কোন চীনা মাটীর পাত্রে (বৈর্মে) রাথিবে। তৎপরে ইহাতে ভিনিগার ঢালিবে; এবং আন্ত গোলম্বিচ দিবে। একদের ভিনিগারে ২ তোলা ম্বিচ দিতে হয়। ভিনিগারের পরিমাণ এইরূপ হইবে যাহাতে কপি ভিনিগারে ঢাকিতে পারে।

ষোড়শ অধ্যায়

পাশীয় '

জল

জ্ঞল সমস্ত জম্ব ও উদ্ভিদের প্রাণ। গুদ্ধ খাদ্যেব চতুগুর্ণ জল ব্যতীত ইতঃ পরিপাক হয় না। গ্রীম্মকালে আরও অধিক জলের প্রয়োজন হয়।

পানীয় জল বিশুদ্ধ হওয়া আবশুক। দূষিত জলে নানা রকম পীড়ার বীজ নিহিত থাকে। ইহারা পানীয় জলের সহিত জীবদেহে প্রবেশ করে। জলের দোষেই সাধারণতঃ কলেরা, আমাশায় প্রভৃতি রোগ ব্যাপ্ত হইয়া পড়ে।

বিশুদ্ধ জল স্থাদ ও গন্ধ বিহীন। কাচ পাত্রে রাখিয়া দেখিলে ইহার কোন বর্ণ নাই বলিয়া প্রতীয়মান হয়। বিশুদ্ধ জল পাওয়া স্থকটিন। যদিও রৃষ্টির জল উত্তম কিস্তু ইহাও কিঞ্চিৎ পরিমাণে বায়ু-মগুলত্ব দৃষিত পদার্থ গারণ কবে। তথাপি রৃষ্টির জল সর্বোক্তম। তৎপরে উৎস জল, পার্বত্য নদী বা হ্রদের জল এবং ২০ হস্তের অধিক গভীর কৃয়ার জল উত্তম। সাধারণ নদীর জল, অগভীর কৃয়ার জল এবং অরক্ষিত পৃক্ষরিণীর জল নিক্কট। যে পৃক্ষরিণীতে কেহ সান, অবগাহন কিছা কাপড় ধৌত করে না, এবং যাহাতে কোন ঘাস বা আবর্জ্জনা নাই, সেই জলও উত্তম; কিন্তু এই জলও সন্দেহজনক, কারণ কোন ব্যক্তি অগোচরে, কলেরা, আমাশয়, প্রভৃতি ব্যাধীর বীজ সংলগ্ন হস্তপদাদি বা বন্ধ বৌত করিয়া জল বিষাক্ত করিয়া দিতে পারে। স্প্রতরাং জল সাধারণতঃ উত্তাপ দ্বারা ফুটাইয়া লইয়া বাবহার করাই উচিত। ফুটস্ত জল বালি ও কয়লা চুর্ণ দ্বারা ফিলটার করিয়া লইলে সম্পূর্ণরূপে বিশুদ্ধ হইতে পারে। প্রলাউঠা, টাইফরেড্ জর প্রভৃতি সংক্রামক রোগের বীজ

নিহিত পুষ্করিণী বা ক্রার জলে কিঞ্ছিৎ পারম্যাঙ্গানেট-অব-পাটান্ যোগ করিলে জল বিশুদ্ধতা লাভ করে।

কোন কোন জলে চুব ও ম্যাগ্রেসিয়ানের কোন যৌগিক মিশ্রিত থাকে। এই জলে সাবান দ্বিলে ফেনা উঠে না কিয়া ডাইল সিদ্ধ হয় না। এইরূপ জলও পানের জন্ত অমুপযুক্ত। এই জল কুটস্ত উত্তাপে অর্দ্ধন্টা উত্তপ্ত করিয়া শীতল করিলে পূর্ব্বোক্ত ধাতবপদার্থ পাত্রের তলে পতিত হয়। তৎপরে এই জল বাবহার করা যাইতে পারে।

আহারের সময়ে অধিক পরিমাণে জল কিম্বা অন্ত কোন পানীয় গ্রহণ না করাই ব্যবস্থা, কারণ ইহাতে পাকস্থলীর পাচকরস অধিক পরিমাণে তরল হইয়া শক্তিহীন হইয়া পড়ে; স্ক্তরাং পাকক্রিয়া যথাযথক্তপে নির্কাহ হয় রা। আহারের তিন ঘণ্টা পবে পানীয় গ্রহণ করা কর্তবা। ইহাতে প্রথমতঃ বেমন পরিপাকের কোন বাাঘাত ঘটে না, দ্বিতীয়তঃ পরিপাকের পরে পানীয় গ্রহণ করিলে পাকস্থলী ধৌত হইয়া পরিষ্কৃত হয়।

চিনির সরবৎ

প্রীশ্বপ্রধান দেশে, প্রীশ্বকালে, চিনি বা মিশ্রির সরবৎ স্থিকারী। সরবৎ প্রস্তুত করিতে এক সের জলে এক পোয়া চিনি বা মিশ্রি মিশ্রিত করিতে হয়। চিনি যোগ করিয়া জল নাড়িয়া দিলে শীঘ্র চিনি জলের-সহিত মিশ্রিত হয়। মিশ্রি কাপড়ের টুকরায় বান্ধিয়া জলে ঝুলাইয়া রাখিলে শীঘ্র জলের সহিত মিশ্রিত হয়। এক সের চিনির সরবতে এক ছটাক লেবুর রস যোগ করিয়া লইলে ইহার গুণ বৃদ্ধি হয়।

ঘোলের সরবৎ

জলের পরিবর্ত্তে দ্বি হটটে মাধনতোলা ঘোলে পুর্ব্বোক্ত প্রকারে শর্করা বোগ করিয়া ঘোলের সরবৎ প্রস্তুত হয়। ইহাতে কিঞ্চিৎ লেবুর আরক বা লেবুপাতার গন্ধ দিলে ইহা বিশেষ ভৃপ্তিকর পানীয় হইয়া থাকে। প্রীয়কালে ঘোলের সরবৎ অতি উপাদেয় সাম্প্রী।

লেবুর সিরাপ বা সরবৎ

চারি দের পরিস্কৃত শর্করায় আটদের ফুটস্ক জল বোগ করিবে। ঈষহৃষ্ণ থাকিতে ইহাতে এক পোরা সাইট্র কএসিড্, দেড় ছটাক কমলালেবুর খোদা, অন্ধ্ছটাক লেবুব আরক (অথবা দেড়ছটাক পাতি বা কাগন্ধি-লেবুর খোদা) বোগ করিয়া রাখিয়া দিবে। পান করিবার সময়ে এক-মাস জলে এক ছটাক আলাজ সিরাপ যোগ করিয়া পান করিবে।

51

ইদানিং এতদেশে ভদ্র পরিবারের মধ্যে চা একর্মাণ প্রচলিত হইরাছে। কেহ কেহ চা পান অপকারী বলেন। রাদারনিক পরীক্ষায় ইহাতে বিশেষ অপকারী কোন পদার্থ প্রাপ্ত হওরা যায় না। ইহার প্রধান উপাদান ট্যানিন্ (শতকরা ১৩—১৭ ভাগ)। হরিত্রকি আমলকিতেও এই উপাদানের প্রাধান্ত। শর্দ্ধি, কাশি ও তজ্জন্ত গলা ও জিহ্বার ঘারে ট্যানিক এসিড্ বিশেষ উপকারী। ক্রমি, আমাশর প্রভৃতি অন্ত্র রোগের পক্ষেও চা পান উপকারী। ক্রমি, আমাশর প্রভৃতি অন্ত্র রোগের পক্ষেও চা পান উপকারী বলিয়া বিবেচিত হয়। ট্যানিন্ ধারক গুণের জন্তু বিখ্যাত। স্থতরাং প্রাতে এক পেয়ালা উষ্ণ চা পান উপকারী ভিন্ন অপকারী হইতে পারে না। অপরস্ত প্রাতে থালি পেটে এক পেয়ালা কোন প্রকার পানীয় পান করিলে কোর্চ পরিষ্কার থাকে। আয়ুর্ব্বেদ মতেও এই রূপ পানীয়ের ব্যবহা আছে। তবে গাঢ় চা কিম্বা দৈনিক বছবার চা প্রহণ করিলে পাকস্থলী ট্যানিন দ্বারা আচ্ছাদিত ইইলে উপযুক্ত পরিমাণে পাচকরস উৎপন্ন ইইতে পারে না। সামান্ত জলবোগের পরে এক পেয়ালা চা প্রহণ করিলে শাকস্থলির কোন ব্যাঘাত হয় বলিয়া বোধ হয় না। চাতে এক প্রকার

